সংবাদ পূর্ণচন্দ্রোদয়

প্রাত্যহিক পত্র।

চক্বা ক্রব্বা শশাঙ্কং দিনকরকিরণৈঃ নাইহ্রাসং নিরুক্তং বার্তা সংবাদ সোমং ওগমমনসুক্তং গম্ভক্রম্নং তমোঘ্নং।
ব্যাচ সাম্রে নরেণ্ডে নবরুক্তুমিচ্ছিত্তঅকেতচক্রে সুলোল ভব্যোভব্যোভবাকো হরিপদহৃদি সংপূর্ণচন্দ্রোদয়োগো॥

৩৭ খণ্ড ২৫ কার্ত্তিক শুক্রবার ১২৭৮ সাল ইং ১০ নবেম্বর ১৮৭১ সাল। শকাব্দা ১৭৯৩ মাসিক১টাকা অগ্রিম৮টাকা সংখ্যা ১০,২০৪

রেজিষ্টর নং ৫৪

সংবাদপূর্ণচন্দ্রোদয়

২৫ কার্ত্তিক শুক্রবার সন ১২৭৮ সাল

অতীব কর্ত্তব্য।

আমাদিগের পাঠকগণের অবিদিত নাই, আমরা ইতি পূর্ব্বে যে বিষয়ের আন্দোলন করিয়াছিলাম, তাহা পরস্পরায় শুনা যাইতেছে যে কার্য্যে পরিণত হইবেক। মেং হগ আর পুলিশের কার্য্যের বিষয় আর কিছুই দেখিবেন না এবং তাঁহার পদ মেং রাইনির প্রতি অর্পিত হইবেক। এই সংবাদটী কতদূর সত্য আমরা বলিতে পারি না, কিন্তু যদ্যপি অলীক না হয়, তবে কলিকাতার পক্ষে মঙ্গলদায়ক বটে। পুলিশ ও মিউনিসিপালিটীর কার্য্য স্বতন্ত্র তাহাতে এক ব্যক্তির উপর উভয়ভার দেওয়া অতিশয় অসঙ্গত। আমরা শুনিয়াছি এবং যথার্থ বলিয়া বিশ্বাস করিয়া থাকি, যে সময়ে সময়ে মেং হগকে না কানি চোবানি খাইতে হয়। এবং মিউনিশিপালিটীর কত কাজ তাহার হইতো নাই, তাহাতে আবার পুলিশের কমিস্যনরের ভার গ্রহণ ও তৎপদোপযুক্ত কার্য্য সম্পাদন সামান্য আয়াশসাধ্য ব্যাপার নহে। গবর্ণমেণ্টের এই সদ্বিবেচনায় আমরা কি পর্য্যন্ত আনন্দানুভব করিয়াছি তাহা এক মুখে ব্যক্ত করা যায় না। ইহাতে কেবল আমরাই যে আহ্লাদিত হইয়াছি এরূপ নহে, বোধ হয় সহরসুদ্ধ সকলেই এই সুসংবাদে আমাদিগের অপেক্ষাও আহ্লাদিত হইবেন। মেং হগ প্রবর যৎকালে বর্দ্ধমান হইতে এখানে শুভাগমন করেন, তৎকালে কিরূপ হৃষ্টপুষ্ট ও বলিষ্ঠ ছিলেন তাহা ব্যক্তিমাত্রেই দেখিয়াছেন, কিন্তু এই কয়েক বৎসরের মধ্যে আমরা মুক্ত কণ্ঠে বলিতে পারি, তিনি অনেকাংশে ক্লিষ্ট হইয়াগিয়াছেন। এরূপ অব্যাহতি দান তাঁহার পক্ষেও মঙ্গলদায়ক, সন্দেহ নাই। কয়েক বৎসর অতীত হইল মেং হগ যেরূপ অসাধারণ শক্তির সহিত কার্য্য সম্পন্ন করিয়াছেন, তাহাতে তাঁহাকে সকলেই ধন্যবাদ দিতেছেন। যে কোন অনিষ্টকর কার্য্য হউক না কেন, তাঁহার কর্ণগোচর হইবামাত্রেই তিনি নিবারণের চেষ্টা পাইয়াছেন। পুলিসের আমলারা অনুক্ষণ তাঁহার সুখ্যাতির ও গুণের গান করিয়া নিরব হইতে পারে না। মেং রাইনির বিষয় এস্থলে প্রকটন বড় অযুক্তি হইবে না। তিনি যেরূপ যোগ্য ব্যক্তি তাহাতে পুলিসের কমিসনরের ভার তাঁহার প্রতি অর্পিত হইলে বোধ হয় আরো সুশৃঙ্খলারূপে পুলিসের কার্য্যসকল সমাধ হইবেক। একজন ব্যক্তির উপর দুইটা গুরুতর ভার সামান্য আক্ষেপের বিষয় হয় নাই। গবর্ণমেণ্ট যখন হগ সাহেবকে এই দুই ভার অর্পণ করেন তখনও আমরা প্রতিবাদ করিতে ত্রুটি করিনাই। সে যাহাহউক দুই কার্য্যে দুই ব্যক্তিকে নিয়োজিত অতীব কর্ত্তব্য!

হেলার সাহেবের আশ্চর্য্য তামাসা।

কলিকাতা গড়ের মাঠ।

অতি সমারোহের প্রথম রজনী।

১৪ই নবেম্বর মঙ্গল বার ১৮৭১ সাল।

স্মিথ সাহেব এতদ্দারা সর্ব্বসাধারণ জনগণ এবং কলিকাতার ভদ্র ও ধনী লোকদিগের জ্ঞাপন জন্য প্রকাশ করিতেছেন যে তিনি আগত ১৪ ই নবেম্বর মঙ্গল বার রজনী যোগে গড়ের মাঠের নাট্য মন্দিরে নানা প্রকার অদ্ভুত অত্যাশ্চর্য্য তামাসা সকল প্রদর্শন করাইবেন।

তামাসার তালিকায় এ বিষয়ের বিবরণ প্রকাশ হইয়াছে।

টিকিটে মূল্য

ডেরেস্ সারকল	৪ টাকা
প্রথম শ্রেণী	৩ টাকা
দ্বিতীয় "	২ টাকা
তৃতীয় "	১ টাকা

রাত্রি ৮ ঘটীকা কালে তামাসা আরম্ভ হইবে।

রাজকর্ম্মে নিয়োগ।

লেপ টেনেণ্ট গবর্ণরের আদেশানুসারে নিয়োগ

রেভিনিউ ও জেনেরল ডিপার্টমেণ্ট

...১৯ নম্বর

১৮৭১ সাল ২৬ অক্টোবর।

নিম্নলিখিত ডেপুটী মাজিস্ত্রেট ও ডেপুটী কালেক্টরেরা এক জিলা হইতে অন্য জিলায় নিযুক্ত হইয়াছেন।

শ্রীযুত জান আন্দ্রু রিকেটস্ সাহেব বর্দ্ধমান হইতে হাবড়াতে।

শ্রীযুত এডমণ্ড ব্রিটন গডফ্রি সাহেব হাবড়াহইতে বর্দ্ধমানে।

১৮৭১ সাল ৩১ অকটোবর।

ডেপুটী মাজিস্ত্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু হেমচন্দ্র কর অন্যাজ্ঞা না হওন পর্য্যন্ত কলাগাছিয়া এলাকাখণ্ডের কর্ম্মের ভার প্রাপ্ত হইবেন। বর্ত্তমান মাসের ৯ তারিখের বিজ্ঞাপনমতে শ্রীযুত জান ওয়াইট সাহেবের প্রতি কলাগাছিয়ার কর্ম্মের ভারার্পণ করা গিয়াছিল তাহা রহিত করা গেল। অন্যাজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত ওয়াইট সাহেব সাবুনে থাকিবেন।

সর্বর্ণাড

বঙ্গদেশের গবর্ণমেণ্টের।

একটিং সেক্রেটারী।

প্রেরিত পত্র।

মান্যবর শ্রীযুক্ত সংবাদ পূর্ণচন্দ্রোদয় সম্পাদক মহাশয় সমীপেষু। মহাশয় ১ কার্ত্তিকের পূর্ণচন্দ্রোদয়ে কস্যচিৎ তন্তুবায়স্য স্বাক্ষরিত পত্রের প্রত্যুত্তর স্বরূপ নিম্ন লিখিত কয়েক পংক্তি প্রেরণ করিলাম আপনকার [illegible] শান্তে বাধিত করেন।

পতিত পাবনী সুরধনী ব্রহ্মকমণ্ডলু হইতে নিঃসৃত হইয়া দেব দেব মহাদেবের মস্তকে অবস্থিতি করেন পরে হিমালয় শিখর ভেদ করিয়া গোমুখীতে আবির্ভাব হন পরে মহা মুনী জাহ্নুর হৃদয়ে কিঞ্চিৎকাল বাস করিয়া ত্রিবেণীতে ত্রীধারা হইয়া সাগরেতে অবস্থিতি হইয়াছে সেই সুবিখ্যাত মহাতীর্থ গঙ্গাসাগর নামে অদ্যাবধি বর্ত্তমান রহিয়াছে অতএব গঙ্গার সহিত সাগরের যোগাযোগ চিরদিনই আছে সন্দেহ নাই কিন্তু গঙ্গাশলিল পক্কান্নং সেবানামপিদুর্লভং। আপনারা বিবেচনা করিয়া দেখুন সাগরের জলেও [illegible] চলেনা [illegible] বিদিত আছে সাগরের আর২ অনেক গুণ আছে তাহা প্রেরিত তেঁতুলে বিশেষ করিয়া দৃষ্টী করিবেন এখানে লেখা বাহুল্য। অতএব দেখুন আমরা সকলে সুখেতে নিত্য ঐ জল পান করিতেছি স্নান করিতেছি [illegible] তীরে বাস করিতেছি তাহার যে কত ফল এ স্থলে লেখা বাহুল্য। ইহাতে আমাদিগের নির্ব্বিঘ্নে স্বাস্থরক্ষা হইতেছে।

আর দেখুন যাহারা সেই সাগরে জায় সেই সকল লোকের তৎকালে প্রধান সম্বল গঙ্গাজল আর তেঁতুল তাহার কারণ যাহারা সাগরে অবগাহন বা স্পর্শ করে কিছু দিন পরে তাহাদিগের দেহ লোনা দোষে জর্জ্জরিত হয়। একারণ তেঁতুল প্রেরক সাগরের লোনা জল ও বোঁদা হওয়া বহুদিনাবধি বিশেষঃ অবগত আছেন অতএব পুনঃং পরোপ কারণঞ্চ। সাগরের নিকটাবর্ত্তি লোকেরা চির দিনই লোনাধরা ইহা কেনা বিদিত আছেন বিশেষঃ দুই তিন বারের ঐ ঝড়েতে প্রদেশে তেঁতুল অল্পই ছিল আর ফল মূল পুষ্পাদি একেবারে সমূলে উন্মূলিত হইয়াছিল। তৎকালে উক্তরূপ তেঁতুলের দ্বারা অনেক লোনা ধরাকে নজীত করিয়াছিলেন। এইক্ষণে অত্যন্ত দয়াদ্র চিত্ত দেশ হিতৈষিবর আপাতক যে সাগর সংক্রান্ত লোকদিগের জন্য তেঁতুল খয়রাত করিয়াছেন তাহা সমযোচিত বটে। তেঁতুল পান করিয়া পূর্ণচন্দ্রোদয় পত্রিকাতে [illegible] প্রালাপোক্তি করিয়াছেন অনেক ব্যক্তি নেই যে সকল বস্তু লাভ করিতে পারে এমত নহে।

পঙ্গুগিরি লঙ্ঘন করিতে ইচ্ছা করে মূঢ়কা বাক্ শক্তির যত্ন করে রসনা হীন হইয়াও রসাস্বাদন করিতে ইচ্ছা হয় বালকও চন্দ্র ধরিতে পুলকিত হয় অজ্ঞানতার ধর্ম্মই এই। ইহা কে না স্বীকার করিবেন। যত্ন করিলেই যদ্যপি অসাধ্য সাধ্য হইত তাহা হইলে ক্রুর স্বভাবা কদ্রূনন্দনেরা বিনতা নন্দনকর্ত্তৃক অনায়াসলভ্য অমৃত পান করিয়াঅমরত্ব লাভ করিতে পারিতেন! অতএবআপনাদিগেরো তদ্রূপ ক্ষিরোপান রূপ। সপ্তাবস্থায় সপ্নভঙ্গ করিতে চাহি না। কারণ লবণে দূর্গন্ধ দায় হইতে জ্ঞান বোধ করিয়া তৎপাকে কতসংকল্প হইয়াছেন ইহা পাঠ করিয়া অবাক হইলাম এ স্থলে একটি দর্শন না দেখাইয়া থাকিতে পারিলাম না।

আপনারা সকলেই বিদিত আছেন যে লঙ্কেশ্বর সর্ব্বত্র জয় করিয়া মহাবল মহাবলপরাক্রম্ভ বালিরাজাকে যুদ্ধ দেও বলিয়া সন্ধ্যা বন্দনাদির ব্যাঘাত করিতে চেষ্টা করিয়া ছিলেন।

অত্যন্ত ধার্ম্মিক জ্ঞান বৃদ্ধ সেই বালি মনে মনে বিবেচনা করিলেন রাবণ আমায় সমযোগ্য যোদ্ধা নহে অতএব দুষ্টের দমনও আবশ্যক এইজন্য তাঁহাকে লাঙ্গুলে জড়াইয়া সপ্ত সমুদ্রের জলপান করাইয়াছিলেন তাহাতেই স্বাদুগ্রাহী বসতঃ লোভ পরতন্ত্র হইয়া উক্ত জল অপসরণ করিয়া ক্ষীরাদির জল আনিতে উদ্যম হইয়াছিল কিন্তু প্রাচীনাবস্থায় তাঁহার অনেক প্রকার দুর্গতি ঘটিয়াছিল বলিয়া তাহাতেই আয়ুঃশেষ প্রায় হইল এনিমিত্ত একটী বিষয়েও কৃতকার্য্য হইতে পারিলেন না কিন্তু লোকের কাছে শোচ্যাবস্থার বিশেষ [illegible] নিলেন এই [illegible] কবিতাও [illegible] টাও [illegible] সে যাহা হউক এইক্ষণে সে বালিরাজাও নাই সে রাবণও নাই অনায়াসে লভ্যে যে ক্ষিরাদির জল আপনাদিগকে কে পান করাইল আমরা তোমাদের মত পরের মুখে ঝাল খাই নে। আর লিখিয়াছেন যে অমৃতাদি পাত্র বিশেষের ভোগ্য হয় ইহাতে বোধ হইল আপনারাও সে পাত্র নহেন [illegible] কারদিগের কি প্রকারে মনকামনা পূর্ণ হইল। বরং ক্ষীরোদধির অমৃত পূর্ণ কমণ্ডলুধারী ধন্বন্তরীর সদৃশ কুমারটুলীস্থ প্রসিদ্ধ কবিরাজ মহাশয়ের স্মরণাপন্ন হইলে এই ভ্রমরূপ মদাত্যয় রোগের প্রতিকার অবশ্যই হইতে পারিত।

লিখিয়াছেন যে চিকীৎসকের দ্রব্য গুণ জানা আবশ্যক ইহাতে দোষ দিতে ও পারি না কিন্তু স্থান বিশেষে দোষ হইয়াও উঠে। যে সময়ে লোকে রোগ গ্রস্থ হইয়া বিকার প্রাপ্ত হয় তাহার তৎকালে সদসত কিছুই জ্ঞান থাকে না যে দোষ কুপিত হয় তাহারি লক্ষণ প্রকাশ পায়। সে স্থলে রোগীর সহিত [illegible] কোন ক্রমেই সিদ্ধ নহে। কারণ সকল বিষয়েরি পক্কাপক্ক বিবেচনা করিতে হইবে সেইরূপ ফল মূল পুষ্পাদির পক্কাপক্ক আছে কিন্তু রোগগ্রস্থ ব্যক্তি সে সমস্ত দ্রব্যের গুণ কখনই জানিতে সক্ষম হইবে না। লিখিয়াছেন তেতুল ভক্ষণে কফ হয় তাহাত বলিবার কথাই আছে এমত অনেক রোগী আছে পেট কামড়াইলে মাথা ধরিয়াছে বলে। তেতুল প্রেরক অতি পুরাতন তেঁতুল পাঠাইয়াছেন তেঁতুলের গুণ এই। অম্লিকারঃ ফলং বালং বাতঘ্নং কফ পিত্তকৃৎ। তৎপক্কংদীপনং রুচ্যং ভেদনং কফ বাতজিৎ। অতএব পক্ক হইলে আয়ের রুচিকর ভেদক উষ্ণ বীর্য হয় এবং কফ বায়ু জয় করে। ইহার অর্থ যদ্যপি উলটা করেন তাহাতে নাচার অতএব বহু দিন পরেপুনর্ব্বার আপনকার দিগের যে অরুচি জন্মিয়াছে ইহা পান করিলে অবশ্যই শান্তি হইবে সন্দেহ নাই। লিখিয়াছেন চিকিৎসক মহাশয় দুর্দ্দশাগ্রস্থ হইয়াছেন কে বলে বালাই আর কি, আমরা তাহার লক্ষণ কিছুই দেখিতে পাই নাই। [illegible] বিকার কেহ [illegible] কি [illegible] বাহাদিগের [illegible]

পূর্ব্বরূপ রূপ উপশয় সম্প্রাপ্তি বোধ আছে। তাঁহাদিগের অন্যের মত ক্লেশ ভোগ করিতে হয় না।

বশম্বদ——

কশ্যচিৎ উচিত বাদিনঃ।——

ইতি সন ১২৭৮।

২৩ কার্ত্তিক।

হাইকোর্টের বিজ্ঞাপন।

পরিকসেল।

সমাচার দেওয়া যাইতেছে যে, যে মোকদ্দমায় ফ্রেডেরিক গিড়ন এলডিরিজ, আলবর্ট থরনডাইক এবং চার্লস প্যাটারসন এবট সাহেব ইহাদের উত্তরের বাণিজ্যকার্য্য অংশীদার রূপে সওদাগরি এটকিন্‌সন টিলটন এণ্ড কোম্পানিদিগের কারমের মধ্যে চলিতেছে ইহারাই বাদীগণ এবং সেখ রুকুকিব দ্দিন প্রতিবাদী। এই মোকদ্দমার আসল দেনা ডিক্রী সম্বন্ধে ১৬৩০০ ষোল হাজার তিন শত টাকা, এবং ১৩৬৭।৵ এক হাজার তিন শত সাতষট্টী টাকা এগারো আনা এই মোকদ্দমার খরচা সম্বন্ধে যাহার বিল ট্যাক্স করা হইয়াছে। ইহারও সুদ বাৎসরিক শতকরা ৬ ছয় পরসেন্টের হিসাবে সন ১৮৭১ সালের ১৯ শে আগষ্ট দিবস হইতে টাকা দিবার দিবস পর্য্যন্ত, তৎসওয়ায় অন্যান্য খরচা সকল ও অপরাপর খরচা সকল এবং সরিফ আফিসের পৌণ্ড পরিবর্ত্তনের খরচা সকল ইত্যাদি।

এই মোকদ্দমা বিষয়ে মহারাণীর হাইকোর্ট নামক প্রধানতম বিচারালয় হইতে সন ১৮৭১ সালের ৯ই সেপ্তেম্বরে যে হুকুম প্রদত্ত হইয়াছে, তাহার ক্রমানুসারে মহানগর কলিকাতার সরিফ সাহেব আগামী ২৩ শে নবেম্বর বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় ৪ নম্বর স্ট্রাণ্ড রোডস্থিত ভবনে পবলিক সেলে অর্থাৎ প্রকাশ্য নীলামের দ্বারা নিম্নলিখিত ভূমি সম্পত্তি সকল বিক্রয় করিবেন।

বিশেষতঃ মহানগর কলিকাতার অন্তঃপাতী চিনেপাড়া জেরুজন লেনের মধ্যে যে একখানা বাটী ও ঘর সকল ও তৎ সমলিত এক খণ্ড জমী আছে, যাহার উপরিভাগে ঐ ইমারত নির্ম্মিত রহিয়াছে তাহার বর্ত্তমান নং ১৪।১৫ এবং পূর্ব্বের নং ৬।৯২ ভূমির পরিমাণ আনুমান ।০ দশ ছটাক জমী হউক, তাহার কিছু কমী হউক বা বেশী হউক, তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী সেখ রুকুকিবদ্দিনের যে সত্ব ও অধিকার ও সম্পর্ক আছে, তাহা উপরের লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

বিক্রয়ের নিয়ম ও অন্যান্য বিবরণ সরিফের দপ্তরখানায় অন্বেষণ করিলে সকলে সবিশেষ অবগত হইতে পারিবেন।

J R Bullen Smith,
Sheriff.

জে, আর, বুলেন স্মিথ।
সরিফ।

কলিকাতা।
হাইকোর্ট।
সরিফ আফিস।
সন ১৮৭১ সাল।
তাং ৩রা অক্টোবর।

বিশেষ বিজ্ঞাপন।

আমি এক জন স্বল্প ধনবানলোকের সন্তান, আমার পিতা বর্ত্তমান থাকিতে ৪।৫ হাজার টাকার তেজারতি কারবার করিয়া জীবন যাপন করিতেন, আমি সেই টাকার কোন তত্ত্বাবধান লইতাম না, কেন না আমি লেখাপড়া শিক্ষা কার্য্যে ব্যাপৃত ছিলাম। আমাদের সংসারে কোন পুরুষ লোক ছিল না ও এইক্ষণও নাই, পিতার মৃত্যুতে মাতৃ হস্তে সমুদয় টাকা ও সংসারের ভার পড়িল, এইক্ষণ বিশেষরূপ অনুসন্ধান করায় ও তহবিল চাহায় তিনি ঐ টাকার (তহবিল) কিছুই দিতে পারেন না। কতকগুলি আত্মীয় স্বজন দুষ্ট প্রকৃতির মনুষ্য দ্বারা আমার যথাসর্ব্বস্ব গিয়াছে। এইক্ষণ নানাপ্রকার বিষয় আবশ্যকে অর্থাভাবে কোন বিষয়েই সমাধা হইতেছে না, এমন কি সে সকল দুঃখের বিষয় প্রকাশ করাই বাহুল্য—এইক্ষণ দেশবাসী দেশ হিতৈষী ব্যক্তি বর্গের নিকট এ অধীনের নিবেদন এই যে, আমি ভদ্র ও মানী লোকের সন্তান, এ কারণ বিবেচনা করিয়া যাহাতে আমার মান বজায় থাকে সকল ধার্ম্মিক মহাত্মাগণ এ উপায় করিলে আমি বজায় থাকি। যদি দয়া করিয়া অনুগ্রহ প্রকাশে কোন সাধুশীল মহাত্মা চাঁদা স্বরূপ কিছু অর্থ দিতে ইচ্ছা করেন, তবে মোং বোপজিলা যশহরে আমার সমীপে প্রেরণ করিলে আমি পাইতে পারিব।

বাধ্য।
শ্রীনবকুমার নাথ।
যশোহর, বোপ।

১২৭৮ সাল।
২৮ কার্ত্তিক।

বিজ্ঞাপন।

উড়িষ্যার অন্তর্গত কটক এবং বালেশ্বর জিলার মধ্যস্থ উচ্চ সমখালের দ্বিতীয় এবং তৃতীয় থাকের মৃত্তিকা খনন এবং মৃত্তিকার কার্য্য নির্ম্মাণের বায়নাপত্র গ্রহণ করা যাইবেক।

উচ্চ সমখালের দ্বিতীয় থাকের কার্য কটক জিলায় করিতে হইবে। ইহা দীর্ঘে তের মাইল এবং মধুপুর মহল্লের অন্তর্গত জকোদিয়া গ্রামের নিকটস্থ পাতিয়া নদীর বাম তট হইতে আরম্ভ হইয়া জাজপুর পরগণার অন্তর্গত রায়রা গ্রামের নিকটস্থ বৈতরণী নদীর দক্ষিণ তটে গিয়া শেষ হইবেক।

উচ্চ সম খালের তৃতীয় সারের কার্য্য বালেশ্বর জিলায় নির্ব্বাহ করিতে হইবেক। তাহা প্রায় ১৯ মাইল দীর্ঘে এবং মঞ্জুরি পরগণার অন্তঃপাতি টীকোরা গ্রামের নিকটস্থ বৈতরণী নদীর বাম কিনারায় আরম্ভ হইয়া বান্দিয়া পরগণার অন্তর্গত বান্দিয়া গ্রামের নিকটস্থ সালন্দী নদীর বাম কিনারায় শেষ হইবেক।

চুক্তি পত্রের নিয়মাবলী কার্য্যের নক্সা ও নমুনার বিবরণ কলিকাতার কোম্পানির বারিকের ১২ নম্বর ভবনে চিফ ইঞ্জিনিয়ারের আফিসের অন্তর্গত পবলিক ওয়ার্ক ডিপার্টমেণ্ট সংক্রান্ত ইরিগেসন ব্রাঞ্চে অথবা কটক জিলার অন্তর্গত উড়িষ্যা বিভাগের সুপ্রিণ্টেণ্ডিং ইঞ্জিনিয়ার আফিসে আগমন করিলে দেখিতেও অবগত হইতে পারিবেন।

ইংরাজী সন ১৮৭১ সালের নবেম্বর মাহার ১০ ই তারিখ পর্য্যন্ত বায়নাপত্র সকল মোহরাঙ্কিত করিয়া চিফ ইঞ্জিনিয়ারের নামে শিরোনামা দিয়া কলিকাতার কোম্পানির বারিকে পবলিক ওয়ার্ক ডিপার্টমেণ্টের ইরিগেসন ব্রাঞ্চ আফিসে প্রেরণ করিতে হইবেক কিন্তু চিফ ইঞ্জিনিয়ার সাহেব ন্যূন মূল্যের অথবা অন্য কোন প্রকার বায়নাপত্র মঞ্জুর করিতে বাধ্য থাকিবেন না।

F. T. HAIG. *Lieutt Colonel. R. E.*
Offg. Chief Engr. Irrigation Branch.

এফ, টি, হেগ, লেপটেনেণ্ট কর্ণেল
রাএল ইঞ্জিনিয়ার।
বাঙ্গালার আফিসিএটিং
চিফ ইঞ্জিনিয়ার
ইরিগেসন ব্রাঞ্চ।

১২ অকটোবর।
সন ১৮৭১ সাল।

इश्तेहार।

उडिषयाका अन्दर जिला कटक और बालेश्वरका बिचमे उषा खाल का दोसरा और तिसरा थाकका माटि खोदनेका और माटिका काम बांनानेका टेण्डार लिया जायेगा !

कटक जिलामे खालका दोसरा थाकका काम करने होगा। ईये लम्बे मे तेर माईल और मधुपुर महलका अन्दर जकोदिया गांबका नजदिक पातियां दरियाका बांव किनारामे सुरू होके जाजपुर परगणाका अन्दर जयरापुर गांबका नजदिक बैतरणी नदीका दाहिण किनारामे काम आखिर होयेगा।

खालका तिसरा थाकका काम जिला बालेश्वरमे काम करने होयेगा। ईये कमवेश ११ माईल लम्बे मे। और मण्जु रि परगणाका अन्दर टिकोरा गांव मे नजदिक बैतरणी नदीका बांव किनारामे सुरुहोके बान्हिश्रा परगणाका अन्दर बानसिया गांबका नजदिक शालन्दि नदीका बांव किनारामें आखिर हो[illegible]॥

एकरारनामाका सरत[illegible]मका नकसा और सर हाल मे काम कलकत्ता कोम्पानि बागिकका १२ नम्बर कोठिमे चिफ इञ्जिनियारका दफतरखानाका पबलिक वयार्कस डिपार्टमेण्टका इरिगेसन बाञ्च मे इतामे कटक जिलाका सामिल उडिषरा बिभागका सुप्रिण्टेण्डिं इञ्जिनियारका आफिसमे आनेसे उत्त सब देखने और मालूम करने साकोगा।

इंराजी सन १८७१ सालका नवेम्बर माहिनाका १० तारिख तक टेण्डार सब सिल मोहर करके चिफ इञ्जिनियार साहेबका नाम ने शिरोनामा लिखके कलकत्ता कोम्पानि बागिक मे पबलिक वयार्कस डिपार्टमेण्टका इरिगेसन बाञ्चमे भेजने होयेगा लेकेन चिफ इञ्जिनियार साहेब कमति रूपेयाका दयाने और के टेण्डार लेने दायि नेहि रहेगा।

एफ, ठि, हेग, लेपटेनेन्ट कर्णेल।

F. T. HAIG. Lieutt Colonel, R.E.
Offg Chief Engr, Irrigation
Branch

रायल इञ्जिनियार।
बाङ्गालार आषिनिण्ठि
चिफ इञ्जिनियार
इरिगेसन बाञ्च।

१२ अकटोबर॥
सन १८७१ साल॥

বিক্রেয় পুস্তকের বিস্তারিত বিবরণ।

নিম্ন লিখিত পুস্তকাদি কলিকাতাস্থ আমড়াতলা পূর্ণচন্দ্র যন্ত্রে বিক্রেয় আছে মূল্য পাঠাইলে পাইবেন।

কাল দর্শক যন্ত্র।

একটী টিন নির্ম্মিত আধার মধ্যে কতক গুলিন মুদ্রিত তাস আছে তাহাতে বাঙ্গলা বৃহৎ অক্ষরে শকের ১২৬০ অবধি ১২০০ পর্যন্তের সন মাস বার ও তিথি দিবা রাত্রি সমস্তক্ষণ দর্শন হয় মূল্য ।০ আনা

ইংরাজী বাঙ্গালা ডিক্সনরি।

ওয়েবষ্টর, জনসন, ওয়াকর, টড, কেরিমেক্স, মার্শমন ইত্যাদি সুধীগণের ডিক্সনরিতে সকল আবশ্যকীয় ইংরাজী শব্দ আছে প্রথমত গৃহ ইংরাজী, অথ দ্বিতীয়ঃ বাঙ্গলা ভাষায় অর্থ সংগহীত হইয়া এই সকল ডিক্সনরী প্রস্তুত পূর্ব্বক এযন্ত্রে মুদ্রাঙ্কিত হইয়া সাত শতাধিক পৃষ্ঠে সমাপ্ত হয়য়াছে মূল্য বাক্ষরকারির প্রতি বাঙ্গাই সম্বলিত ৫ ও বিনা স্বাক্ষরকারি প্রতি ৭ মুদ্রা।

সটীক শ্রীশ্রীহরিভক্তি বিলাস গ্রন্থ।

বৈষ্ণব সাম্প্রদায়িক কি গৃহস্থ কি উদাসীন সর্ব্বপ্রকার মনুষ্য ঐ গ্রন্থানুসারে দৈবপত্র যাবতীয় ক্রিয়াকলাপ নির্ব্বাহ করেন কিন্তু সটীক ও শুদ্ধ পুস্তক সর্ব্বত্র সুলভ নহে, এবং পরিমাণে বৃহৎ প্রযুক্ত লেখকেরে ৪০।৫০ টাকা ব্যয় সাধ্য অতএব নানা সমাজ হইতে পুস্তক সংগ্রহ করিয়া বহুতর বিজ্ঞ পণ্ডিত দ্বারা শোধনপূর্ব্বক ৭১৭ পত্রে মুদ্রিত হইয়া এযন্ত্রে বিক্রয় হইতেছে মূল্য ১০ টাকা।

মুদ্রাঙ্কনযন্ত্র।

পূর্ণচন্দ্রোদয় কার্য্যালয়ে লৌহ মুদ্রাঙ্কনযন্ত্র নানা প্রকার ইংরাজী ও বাঙ্গালা অক্ষর আছে তদ্দ্বারা কেহ কোন পুস্তক বা অন্য কিছু মুদ্রাঙ্কিত করাইতে ইচ্ছা করিলে উচিত মূল্যে নির্ব্বাহ করা যাইবে।

শব্দাম্বুধি।

এই বিস্তীর্ণ অভিধান মধ্যে সাধভাব, লিখনে লিত হওনোপযোগী শব্দ সকল শ্রীযুত রাজা রাধাকান্তদেব বাহাদুর কৃশত কল্পদ্রুম এবং মৃত পাদরি কেরি মার্টিন, ৺ রামচন্দ্র বিদ্যাবাগীশ ও শ্রীযুত জগন্নারায়ণ মুখোপাধ্যায় ও স্কুল বুক সোসাইটি ও অন্যান্য সুধীগণ কত সমুদয় অভিধান হইতে বহুশ্রমে ৩৮০০০ শব্দ সংগৃহীত ও ছয় শতাধিক পৃষ্ঠে মুদ্রাঙ্কিত হইয়াছে, মূল্য প্রতি ১॥ টাকা।

অমরার্থ দীধিতি।

অমর সিংহ কৃত প্রথম খণ্ডে প্রত্যেক পর্য্যায় ও লিঙ্গ ভেদ সহিত বিবরণ এবং দ্বিতীয় খণ্ডে অমরোক্ত সমুদয় শব্দ বাঙ্গলা অভিধানের রীত্যনুসারে অকারাদি ক্রমে সগৃহীত, অথ এক শব্দ দৃষ্টে তাৎপর্য্যোয়ের যাবতীয় শব্দ স ভিক্ষরণাথ প্রথম খণ্ডের পৃষ্ঠেও ঙ্কাঙ্কের সম্বলিত, এইগ্রন্থ বহু পরিশ্রমে সঙ্কলিত হই পূর্ণচন্দ্রোদয় যন্ত্রে মুদ্রিত হইয়াছে। মূল্য ১ টাকা

আরবীয় উপাখ্যান।

বিচিত্র উপন্যাস পূর্ণ সর্ব্বাপেক্ষা বিস্তীর্ণ যে আরেবিয়ান নাইট শ্রীযুত ফষ্টর সাহেব ইংরাজীতে রচনা করেন উত্তম সাধু ভাষায় তাহা অনুবাদিত ও এযন্ত্রে মুদ্রিত হইয়া প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে, পরিমাণে ৩০০শত পৃষ্ঠ অন্যূন স্বাক্ষরকারির প্রতি ১ টাকা বিনা স্বাক্ষরকারির প্রতি ১। টাকা।

বিজ্ঞাপন।

ভোটদেশের পশ্চিম দ্বারে তামার ও লৌহের ও চূণের যে খনি আছে তাহাতে কার্য্য করিবার অনুমতি বিক্রয় করিবার যে বিজ্ঞাপন পত্র পূর্ব্বে প্রকাশ হইয়াছে তদুপলক্ষে এই সংবাদ দেওয়া গেল। এইক্ষণে ঐ অনুমতি বিক্রয় হইবে না। পশ্চাৎ যে তারিখে হইবে তাহার সম্বাদ সময়মতে প্রকাশ করা যাইবে।

F. GRANT,
Offg, Dy, Commissioner.

এফ গ্রান্ট।
একটিং ডেপুটী কমিস্যনর।

জলপাইগুড়ি।
১৭ অকটোবর।
সন ১৮৭১ সাল।

FOR SALE.
GOLD AND SILVER WATCHES

Rs.

1
1 Silver Double Bottomed Hunting Watch made by A. D. Granges No. 1814 London ... 30

4
1 Silver Double Do Engine Turned Hunting Watch made by Thomas Savage London No. 56852 ... 25

5
1 Silver Double Bottomed Engine Turned Geneva Watch made by Handle No. 4737 ... 20

6
1 Silver Double Bottomed Engine Turned Open faced Geneva Watch No. 14264 .. 10

7
1 Silver Double Bottomed Engine Turned Hunting Watch No. 9089 made by Charles Nephew & Co. ... 30

8
1 Silver Double Bottomed Engine Turned Geneva Hunting Watch No. 4931 16

9
1 Silver Double Bottomed Engine Turned Hunting Geneva Watch No. 60095 ... 25

10
Silver Double Bottomed ditto No, 62367 ... 20

11
Silver Open faced Engine Turned Liverpool No. ... 16

12
1 Silver Engraved Geneva Watch No. 25067 ... 16

13
1 Silver Engine Turned Open faced Geneva Watch No. 6321 ... 15

14
Gold Engine Turned Open faced Watch No. 2569 ... 50

U. C. UDDY & CO

Printed and Published dy U. C. Auddy at the Poorno Chundordy Press No17 Amratola Govind Chaund Dhur's Street Calcutta.

সংবাদ পূর্ণচন্দ্রোদয়

প্রাত্যহিক পত্র।

[illegible]

[illegible] ২৭ অগ্রহায়ণ মঙ্গলবার ১২৭৮ সাল ইং ১২ ডিসেম্বর ১৮৭১ সাল। শকাব্দা ১৭৯৩ মাসিক ১ টাকা অগ্রিম ৮ টাকা সংখ্যা ১১,২২৪

রেজিষ্টর নং ৫৪

সংবাদপূর্ণচন্দ্রোদয়

২৭ অগ্রহায়ণ মঙ্গলবার সন১২৭৮সাল

শ্রীশ্রীমতী মহারাণীর জ্যেষ্ঠ পুত্র যুবরাজ প্রিন্স অব ওয়েলস্ মহোদয়ের পীড়িতাবস্থার বিষয় অবগত হইয়া প্রজা মাত্রেই দুঃখিত হইয়াছেন। যে জ্বর রোগ কলিকাতা এবং তাহার অন্তঃপাতি গ্রাম সকলকে অভিভূত করিয়াছে সেই জ্বর রোগেই যুবরাজকে আক্রমণ করিয়াছে। আমরা দিন২ যুবরাজের পীড়ার যে প্রকার সম্বাদ পাইতেছি তাহাতে আমাদিগের মনোমধ্যে ভয়ের সঞ্চার হইয়াছে। জননী মহারাণীর মনোমধ্যে যে কিরূপ চিন্তার উদয় হইতেছে তাহাঅন্তর্যামী জগদীশ্বরই ভিন্ন আর কে বলিতে পারে। আমরা এই অশুভ সংবাদ শ্রবণাবধি সাতিশয় উদ্বিগ্ন চিত্ত হইয়াছি এবং কায় মনোবাক্যে জগৎপীতা জগদীশ্বরের নিকট নিয়ত প্রার্থনা করিতেছি যে আমাদিগের ভাবী রাজ চক্রবর্ত্তীকে তিনি অনুকম্পা পুরঃসর আরোগ্য করুন। আমরা ইতিপূর্ব্বে শুনিয়াছিলাম যে মহারাণী উক্ত যুবরাজকে যৌবরাজ্যে অতি তীব্র অভিষিক্ত করিয়া স্বয়ং রাজকার্য্য হইতে অবসর গ্রহণ করিবেন। কিন্তু তাহার সেই মনোরথ সিদ্ধ হইতে না হইতেই বিধাতা তাঁহাকে এরূপ উদ্বিগ্না করিলেন। জগদীশ্বরের অভিপ্রায় কে বুঝিতে পারে যাহা হউক এখন পরমেশ্বর যুবরাজকে আরোগ্য করিয়া তাঁহার এবং সমুদায় প্রজাপুঞ্জের উদ্বিগ্ন দূর করেন ইহাই আমাদিগের আন্তরিক প্রার্থনা। আমরা যুবরাজের গুণ গ্রামের বিষয় অনেক অবগত আছি সুতরাং দীর্ঘকাল তাহার শাসনাধিন হইয়া সুখভোগ করি ইহাই আমাদিগের আন্তরিক ইচ্ছা এবং জগদীশ্বরের নিকট সর্ব্বদাই এই প্রার্থনা করিয়া থাকি। ভরসা করি সর্ব্ব নিয়ন্তা আমাদিগের এই প্রার্থনা অগ্রাহ্য করিবেন না।

রাজপুরুষগণ পাটের কল সম্বন্ধীয় ব্যবস্থা সংশোধন করিবেন এরূপ কল্পনা করিয়াছেন। সময়ে২ অনেকানেক পাটের কলে অগ্নি সংযোগ হওয়াতে বহু অনিষ্ট পাত হইয়াছে এজন্য রাজপুরুষগণ তন্নিবারণের উপায় করিবেন এরূপ সঙ্কল্প করিয়াছেন কিন্তু আমরা সে দিবস পাটের কল স্থানান্তরিত করিবার যে প্রস্তাব করিয়াছিলাম তাহার কোন উচ্চ বাচ্য শুনা যাইতেছে না। পাটের কলের এক্ষণে যেরূপ আধিক্য দেখা যাইতেছে তাহাতে নগর বাসীদিগের ক্রমশঃই ভয় বৃদ্ধি হইতেছে। অতএব ব্যবস্থা সংশোধন কালীন যদি স্যাৎ রাজপুরুষগণ এবিষয়ের বিবেচনা করেন তাহা হইলে যে নগর বাসীদিগের বিশেষ মঙ্গল সাধন হয় তাহার সংশয় মাত্র নাই। ব্যবসায়িদিগের অনুরোধ রক্ষা করিতে গিয়া রাজপুরুষগণ যেন নগর বাসিদিগের প্রতি নিগ্রহ না করেন।

ওঁ তৎসৎ।

জয়তি।

বাগনাপাড়া বিদ্যোৎসাহিনী সভা।

অস্মদ্দেশীয় যোষাগণের বিদ্যাশিক্ষার বিষয়।

এই বিশ্বপাতির অখিল বিশ্বরাজ্য মধ্যে জন্মগ্রহণ করিয়া মনুষ্য নামের সার্থকতা সম্পাদন করাই যদি প্রধান উদ্দেশ্য হয় তবে সর্ব্ব প্রথমে বিদ্যানুশীলনেই রত হওয়া উচিত। কারণ বিদ্যারূপ সুধাকরের সুধাময় সুবিমল মরীচি মনোরূপ দর্পণে প্রতিভাত না হইলে মনুষ্যরূপ দ্বিপদ পশুর পশুত্ব খণ্ডন হয় না। বিদ্যাই মনুজগণের এক মাত্র বন্ধু ও অশেষ সুখের সেতু। বিদ্যাশিক্ষা দ্বারা জ্ঞানোপার্জ্জনও ধনোপার্জ্জন করা যায়। জ্ঞানোপদেশ দ্বারা পিতা, মাতা, ভ্রাতা, ভগিনী, পুত্র ও কলত্র প্রভৃতি স্বজন, আত্মীয়, বন্ধু, বান্ধব এবং আপামর সাধারণ সকল প্রকার লোককে সৎস্বভাবতা, সত্যশীলতা ও জিতেন্দ্রিয়তা প্রভৃতি সৎপথের পান্থ করিয়া অশেষ বিধ মাঙ্গাল্যানুষ্ঠানে প্রবৃত্ত করত পরম পিতা পরমেশ্বরের প্রিয় ও অনুগৃহীত হইতে পারা যায়। অর্থ দ্বারা আপনার [illegible]বারের বন্ধু বান্ধবের এবং আত্মীয় [illegible]নের দুঃখ হ্রাস ও সুখ [illegible]রিয়া উন্নতাবস্থায় অবস্থান করান যায়। বিদ্যালয়, চিকিৎসালয়, সদাব্রতালয় প্রভৃতি সংস্থাপন করিয়া দীন, দরিদ্র অনাথ জনগণের দুঃখ দূর করত জগৎশ্রেষ্ঠ জগদীশ্বরের সৃষ্টির কুশলতা সাধন দ্বারা জগতের কত যে হিতসাধন করিতে পারা যায় তাহার ইয়ত্তা করা যায় না। অতএব কি বালক, কি বৃদ্ধ, কি স্ত্রী কি পুরুষ সকলেরই বিদ্যারূপ মহাবৃক্ষের আশ্রয় গ্রহণে যত্নবান হওয়া উচিত।

হায় আমাদের বঙ্গীয় হতভাগ্য যোষাগণের দুর্ভাগ্য বশতঃ এরূপ মহাবৃক্ষের আশ্রয় হইতে পায় না। কারণ অস্মদ্দেশীয় লোকের এই কুসংস্কার আছে যে মহিলাগণ বিদ্যাশিক্ষা করিলে বিধবা হয় কি আশ্চর্য্য! উহাদের কি ভ্রান্তি? কি অদূরদর্শিতা, বিদ্যা কি বিধবার কারণ, হায় এক কারণের অন্য কার্য্যের উৎপত্তি! বিদ্যাই যদি বিধবার কারণ হইত তবে বিদ্যাহীনা কামিনীগণ আজীবন সধবা থাকিত কখনই বিধবা হইত না। কিরূপে সন্তান প্রতিপালন, কিরূপে গৃহ কার্য্য সুশৃঙ্খলতায় সম্পাদন, কিরূপেই বা সন্তানগণকে বিদ্যা ও

…নেরত্নে মণ্ডিত করিতে হয় এই সকল বিদ্যাভাবে বিশেষরূপে হৃদয়ঙ্গম হওয়া কোনমতেই সম্ভাবিত নহে সন্তানগণ মাতার নিকট প্রথমে ভাষার শিক্ষা পায়। মাতা যদ্যাপি বিদ্যাবতী হয়েন, তবে সন্তানদিগকে সুপদ্ধতি ক্রমে শিক্ষা প্রদান করিয়া তাহাদিগের পরম হিতসাধন করিতে সক্ষম হইতে পারেন। অতএব অবলাগণের বিদ্যাশিক্ষা করা নিতান্ত প্রয়োজনীয় ইহা সকলকেই স্বীকার করিতে হইবে।

পুত্র ও কন্যা উভয়ই এক পিতা মাতার ঔরসে ও গর্ভে উৎপন্ন এবং একরূপ স্নেহে ও যত্নে প্রতিপালিত হয়। কিন্তু কি আক্ষেপের বিষয় দেখ যে পুত্র কন্যা একরূপে পালিত ও বর্দ্ধিত হয়, তন্মধ্যে পুত্রকে বিদ্যাশিক্ষা জ্ঞানোপদেশ ও স্বাধীনতা প্রদান করিয়া কন্যাকে চিরবন্দির ন্যায় অবরোধে রক্ষা কারণ এবং বিদ্যারূপ অশোক তরুরছায়া মাত্র দর্শন করিতে দেন না।

কেহ২ মনে করেন অঙ্গণাগরের বিদ্যাভ্যাসে ব্যাভিচারশক্তি জন্মে! কি আশ্চর্য্যের বিষয় যে বিদ্যা দ্বারা জ্ঞান ও ধর্ম্ম প্রভৃতির উত্তেজনা সাধিত হয় তদ্দ্বারা পাপ প্রবৃত্তির কি সার্থকতা সম্পাদন হইতে পারে? কখনই না। বিদ্যা দ্বারা কথিত দোষাগতা হওয়া দূরেথাকুক বরং উহার প্রতি ঘৃণা প্রদর্শন করিয়া যথার্থ সতীত্ব ব্রত সাধনে ব্রতী হইয়া জগৎকে ভ্রূণহত্যাদি মহাপাপ হইতে বিমুক্ত রাখিতে যত্ন করিয়া থাকে। সন্তানগণের অসুস্থতা, দুর্ব্বলতা এবং অকাল মৃত্যু ইত্যাদি হৃদয় বিদারণ ঘটনা সকল যে সংঘটিত হইতেছে বিদ্যাশিক্ষা অভাবই তাহার নিদান। কিরূপে অন্তঃসত্বাবস্থায় কিরূপে প্রসূতাবস্থায় অবস্থান করিতে হয় এবং কিরূপেইবা সন্তানদিগকে শৈশবাবস্থায় লালন পালন করিতে হয় বিদ্যাভাবে তদ্বিষয়ের বিশেষ রূপ জ্ঞান লাভ করিতে পারে না।

হায় বঙ্গভূমি কত দিনে তুমি কুসংস্কার রূপ পিচাশের হস্ত হইতে উদ্ধার পাইবে। হায় কত দিনে বঙ্গীয় মহিলাগণ বিদ্যারূপ ভূষণে বিভূষিত হইবে ও সকলে এক বাক্য হইয়া তাহাদিগকে বিদ্যার্জন কার্য্যে যত্নবান হওত সদর্থ উৎসাহ বর্দ্ধন করিবে।

হায়! বঙ্গদেশ কত দিনে তোমার উভয় জাতীয় সন্তানগণকে বিদ্যানুশীলনে আশক্ত ও উৎসাহিত দেখিয়া আপনাকে চরিতার্থ জ্ঞান করিবে। হায়! জগৎপিতা, কত দিনে সেই সুদিনের উদয় হইবে যে দিনে অস্মদ্দেশীয় ভামিনীগণ বিদ্যারূপ মরীচি মালির অংশুরূপ স[illegible] অবিদ্যারূপ তম রাশি দূরীকৃত করিয়া জ্ঞান রূপ জ্যোতিতে জ্যোতির্ম্ময়ী দেখিয়া নয়নে সার্থকতা লাভ করিবে। হে পিতঃ! হে জগদীশ! কত দিনেই বা তোমার সন্তানেরা সমরূপ সুখ দুঃখভাগী হইয়া জগতে কুশল সাধন প্রবৃত্ত হইবে। হে জগদীশ্বর তোমার সন্তানগণের প্রতি কৃপা দৃষ্টি করিয়া সেই শুভ দিনের উদয় করিয়া দাও আমার এই মাত্র প্রার্থনা।

একান্ত বশম্বদ।

শ্রী হরিদাস গঙ্গোপাধ্যায়।

সাং ইচ্ছাপুর।

সংবৎ ১৯২৮

তাং ৮ই অগ্রহায়ণ।

সন ১২৭৮ সাল।

[illegible] দূর দেশস্থ সদাশয় ভদ্রগণ আমাদের সভায় এ প্রকার প্রবন্ধ পাঠাইয়া দিলে আমরা যৎপরোনাস্তি আহ্লাদ সহকারে গ্রহণ ও শ্রবণ করিব। গঙ্গোপাধ্যায় মহাশয় এই সৎ ব্যবহারে আমরা নিরতিশয় প্রীতি লাভ করিলাম।

চ. ভূ, মু,
সহস[illegible]াদক।

সুরাপায়ির আক্ষেপ ?

বাগনাপাড়া বিদ্যোৎসাহিনী।

"যে অনলে জ্বলিতেছে মম মন বন।
কারে তাহা প্রকাশিব, যে মম করিবে শিব,
প্রক্ষেপিয়া সে অনলে শীতল জীবন?
এমন কে আছে ভবে, আমারে আশ্রয় দিবে,
হইয়াছি সকলের ঘৃণার ভাজন।১
নিজকর্ম্ম দোষে আমি ভোগিতেছি এত?
আমার সুহৃদগণ, বলে ছিলো অনুক্ষণ,
সখে! তুমি সুরাসঙ্গ ত্যজহ সত্বর।
ওরে সেবি কেন বৃথা নাশ কলেবর,
মায়াবিনী পাপীয়সী. সুখ হরা সর্ব্বনাশী
হয়োনা হয়োনা কভু ওর বশীভূত।২
আমার কপাল ভাঙ্গা আমি জ্ঞান হীন।
না শুনিয়া হিতকথা, বন্ধু মনে দিয়া ব্যথা
মাতিলাম ছদ্মবেশী বন্ধুর কথায়।
শিখিলাম মদ খেতে মাতালের দায়,
তাইমম এই দশা, হারাইয়া নিজ বাসা,
পথে পথে ভ্রমিতেছি হইয়া মলিন।৩
দুঃখে বুক ফেটে যায় করিতে প্রকাশ।
আমার পৈতৃক যত, কুবের ভাণ্ডার মত,
স্বপদে থাকিয়া যদি করিতাম ভোগ;
কদাচ না শুনিতাম শোক অনুযোগ।
ভূপতি সন্তানে ন্যায়, ক্ষুণ্ণ চিত্তে করি ব্যয়
কাটিতাম এজীবন সুখ [illegible]
রাজ অট্টালিকা সম আমার আলয়।
ছিল গাড়ি ঘোড়া হাতি, পক্ষী নানাজাতি,
দ্বারপালে সৈন্য, দূত অসংখ্য চাকর,
কেবল সুরায় সব করেছে অন্তর।
নাই মম সেই বাটী, নাই মম সেই মাটী,
নাহি আর নিজ হাতে পৈতৃক বিষয়।৫
কি ক্ষণে ধরেছি হাতে মদের গেলাস।
রাখিতে না পারি তায়, মন সদা তরে চায়,
বুক ফাটে যদি করি নয়ন অন্তর,
উহার বিচ্ছেদানলে দহে কলেবর।
সতত বাসনা মনে, রাখি ওরে হৃদাসনে,
সুধা ভরি করি সদা অধরে প্রকাশ।৬
হায় হায় আমি অতি নিষ্ঠুর হৃদয়।
গেলাসের অনুরোধে, সুরাশত্রু বন্ধুবোধে,
শুনি নাই পূজনীয়া জননী বচন।
স্নেহময় হৃদে তাঁর দিয়াছি বেদন।
মজুত আছিল যত. গেলাসে হয়েছে হত,
দ্রব্য জাত মাটি বাটী করেছি বিক্রয়।৭
বিষাদ সলিলে রাখি প্রেয়সী সুন্দরী।
লয়ে তার অলঙ্কার, মনোহর চন্দ্রহার,
বেনারসী সাড়ী হায় গেলাসের তরে।
রাখিয়াছি বন্ধক শুড়িদের ঘরে।
কপর্দ্দক নাই হাতে, ভ্রমি সদা পথে২,
গিয়াছে বিষয় মম হয়েছি ভিখারী।৮
কটিতে নাহিক আর ধবল বসন।
পরিতেছি জীর্ণ বাস, করিতেছি উপবাস,
দিনান্তে না পড়ে অন্ন এ পোড়া উদরে।
নাই আর ফুল্ল হাসি প্রফুল্ল অধরে।
আমারে দেখিয়া সবে, মাতাল২ রবে,
করতালি দিয়া আমা করে জ্বালাতন।৯
এ দুখে কি ইচ্ছা হয় রাখিতে জীবন।
ক্ষণে সাধ হয় মনে, নাশি প্রাণ বিষ [illegible]
ক্ষণে চলি কুম্ভ গলে করিয়া গ্রহণ।
জলে ডুবি নাশ করি তাপিত জীবন।
কালা মুখ লোকে আর, দেখাবনা পুনর্ব্বার
কটু ভাষে সবে যাহা করি [illegible]।

বশম্বদ।

শ্রীকৃষ্ণচন্দ্র গোস্বামী।

বাগনাপাড়া।

২৫ অগ্রহায়ণ।

১২৭১ সাল।

সংবাদ সারাবলী।

অগ্নিকাণ্ড।

গত রবিবার রজনী ৯ ঘটিকার সময় ফুলবাগান নামক স্থানে অগ্নি লাগিয়া অনেকানেক খোলার ঘর ভস্মিভূত হইয়া গিয়াছে। আর উক্ত স্থানে একটী পাট এবং [illegible] গুদাম আছে পাছে [illegible] পুলিসে সংবাদ প্রদান করিবা মাত্র পুলিসওয়ালারা দমকল লইয়া অনেকানেক সারজন এবং পুলিস ইনস্পেকটর নিজে আসিয়া উক্ত অগ্নি নির্ব্বান করেন। আহা আমাদিগের পুলিসের যে কত গুণ তাহা আমরা আমাদিগের লেখনী দ্বারা প্রকাশ করিতে পারি না।

সূর্য্য গ্রহণ।

অদ্য ১৭ অগ্রহায়ণ মঙ্গলবার দিবা ৯ ঘটিকার সময় সূর্য্য গ্রহণ হইবেক। উক্ত গ্রহণ উপলক্ষে কুমারদিগের হাঁড়ি যে কি পর্য্যন্ত মার্ঘ্য হইবেক তাহা বলা যায় না।

রাজকর্ম্মে নিয়োগ।

লেপ্‌টেনেণ্ট গবর্ণরের আদেশানুসারে

নিয়োগ

রেবিনিউ ও জেনেরল ডিপার্টমেণ্ট

১১৯ নম্বর

১৮৭১ সাল ২৪ নবেম্বর।

শ্রীযুত ডানিয়েল জেমস মাকনীল সাহেবের অনুগ্রহের ছুটী প্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুক্ত ফ্রেড্রিক বার্ণস পীকক্ সাহেব রেবিনিউ বোর্ডের সেক্রেটারির কর্ম্ম করিবেন।

সি বর্ণাড

বঙ্গদেশের গবর্ণমেণ্টের।

একটিং সেক্রেটারী।

প্রেরিত পত্র।

মান্যবর শ্রীযুক্ত সংবাদ পূর্ণচন্দ্রোদয় সম্পাদক মহাশয় সমীপেষু।

সম্পাদক মহাশয়! অনুগ্রহ পূর্ব্বক আপনার সংবাদ পূর্ণচন্দ্রোদয় পত্রের [illegible] নিম্ন লিখিত বিষয়টী স্থান প্রদান করিয়া চির বাধিত করিবেন।

মহাশয় গত ২৫ কার্ত্তিক শুক্রবারের পূর্ণচন্দ্রোদয়ে কস্যচিৎ উচিত বাদিনঃ,, পত্রের এক স্থান পাঠ করিয়া আমার মনে একটী দৃঢ় প্রত্যয়, আনন্দ ও নূতন জ্ঞান জন্মিয়াছে। উচিত বাদী মহাশয় এক স্থলে লিখিয়াছেন যে "ক্ষিরাদোত্থিত অমৃত পূর্ণ কমণ্ডলুধারী ধন্বন্তরির সদৃশ কুমারটুলিস্থ প্রসিদ্ধ কবিরাজ মহাশয়,, ইত্যাদী; এই স্থান পাঠ করিয়া আমি একটী নূতন বিষয় অবগত হইতে পারিয়াছি ও তাঁহাতে আমার বিশ্বাসও আছে। তাহা এই——

সত্যকালে ধন্বন্তরি ক্ষিরাদ উত্থিত।
দেব চিকিৎসক যিনি সবার পূজিত॥
ত্রেতাযুগে অবতীর্ণ অবনী ধামেতে।
সুনিপুণ চিকিৎসক সুসেন নামেতে॥
দ্বাপরে গ্রন্থিক নাম করিয়া ধারণ।
করিয়াছিলেন ভুমে জনম গ্রহণ॥
কলিতে কুমাটুলি পল্লীর মাঝেতে।
আসিয়া জন্মিল বুঝি গঙ্গার তটেতে॥

কারণ সত্যকালে দেব চিকিৎসক ধন্বন্তরি অমৃত ভাণ্ড লইয়া সাগর হইতে উত্থিত হইয়াছিলেন, আমাদের উচিত বাদির লেখার আভাসে বোধ হইতেছে যে আমাদের কলিকালের ধন্বন্তরি তেঁতুল ভাণ্ড লইয়া গোমুখ হইতে উৎপন্ন হইয়াছেন আর সত্য কালের ধন্বন্তরি যেরূপ সেই অমৃত ভাণ্ড স্থিত অমৃত দ্বারা সকলের রোগ নাশ করিতেন উচিত বাদির লেখায় বোধ হয় সেই রূপ কলিকালের ধন্বন্তরি নিজ ভাণ্ডস্থিত তেঁতুল দ্বারা সকলকে রোগ হইতে মুক্ত করিতেছেন। যাহা হউক আর অধিক বাগাড়ম্বরে প্রয়োজন নাই। এক্ষণে পাঠকবর্গ আমার এই বিশ্বাস কতদূর সত্য তাহা মনোমধ্যে একবার আন্দোলন করিয়া দেখুন এবং উচিত বাদী মহাশয় কেমন উচিত বাক্য প্রয়োগ করিয়াছেন বিবেচনা করুন। আমি আমার উচিত বাদীর নিকট নিবেদন এই যে তিনি অবকাশ ক্রমে এইরূপ শুভ আনন্দ জনক উচিত বাক্য দ্বারা আমাদের মনে উচিত ও আহ্লাদকর বিশ্বাস ও জ্ঞান জন্মাইয়া দেন, এবং এই শুভ সংবাদ যাহাতে সমস্ত ভারতবর্ষ বাসী হিন্দুগণ জানিতে সমর্থ হন তাহার চেষ্টা করেন।

কস্যচিৎ।

শিবজ্বরস্য।

তারিখ ২৪ কার্ত্তিক।

১৭৯৩ শক।

দ্রব্যাদির মূল্য।

দ্রব্য	মূল্য
চাউল	
বালাম	২৻৹
ঐ ধানী	২
ঐ দুগী	১৻৹
ঐ পূরবী	১৻/৹
কাজলা	১৷৵৹
ধান্য	১৷৹
অরহর	২৷৵১০
,, কাইল	২৷৵১০
মাসকলাই	১৷/১০
কালীজিরা	১৷/৹
সোনামুগ	৩৷/৹
ঐ হাল্কি	২৷৹
ঐ কৃষ্ণ	২৷৵৹
মুসুরী	১৻৵৹
ঐ দাইল	২৷৹
মটর পায়রা	১৷৵৹
ঐ দাল	১৻৹
পাটনাই খেসারী	১৷১৻/
,, দেশী	১৷৷/৹
,, দাইল	১৷৹
পাটনাই বুট	২
,, চড়া	১৻/৹
মটর	১৷৷৹
সাদা ছোলা	৪
বরবটী	৮
তুদেগম	২৵৹
,, গঙ্গাজলা	২৷০
,, জমালা	১৻৹
তিল	৪
,, দেশী	২৷৹
শেরাজগঞ্জের পাট ৩৷	
রাই গঞ্জ	২৷৵৹
দেশী	২
সোন	৩৷৵৹
দেশী	২৷৶৹
চাউল দেশী	২৻৹
পো স্তদানা	৩৻৵৹
সরিসা	৩৷৶৹
দুর্গাপুরে	২৶৹
সেরাজগঞ্জ	২৷/১৹
সাহেব গঞ্জ	২৶৹
পাট সেরাজগঞ্জ ৩৶	
,, রাই গঞ্জ	২৷/৹
,, দেশী	২
সঁচিথাড়	৫
গুড়	৪৷৷৹
জাহাজী গুপারী ৫৷	
,, দেশী	৫৻৹
পূবদেশীয় হরিদ্রা ৫	
,, দেশী	৪৷৹
গোয়ালপ চাসরিস	
	২৮৷৹
নাথপুরে	২৷৵৹
চড়া	২৷৹
রাই	১৷৵৹
তামাক	
হুগলী	৫৷৹
তামাকু মাজ্ঞতা ২৷৵	
তামাকু রঙ্গপুর	৯
তামাকু কোতরা ৫৷৷	
গাওয়া ঘৃত	১৪
,, মেদের পুরে ২৭৷/	
মহিষা ঘৃত	২৭৷৹
মোক্তিক ঘর	৩৪
গুড় খাকুক	৫
,, কোতরা	৪
তৈলকট	১৪
,, তিল	১৷৷৹
,, গড়গড়ে	১৹

দ্রব্য	মূল্য
পুলতামাকু	৫৷৹
ধান্যমেনকা	৩৷৶৹
,, পেশোয়ারী	১৷/৹
,, মেটা	১৶৹
আতপ পাটনাই	৶
,, পারাতন	১২৷৹
,, বোলট	১৫
,, প্রেক	১৹
,, শাল আমিরিকা	
উত্তম	১৫৷৹
,, কাটাকুলীরা ২৯৷৹	
লোহা সুইডিসপাটী	
মাল	৩৷৵৹
,, ,, গরাদে	৩৷৵৹
,, ইংলিস পাটী	৩৹
,, ,, গরাদে	৩৷৵৹
,, ,, গোলগরাদে ৪৷৵	
,, ,, চৌগুরড	৪৷/৹
,, ,, চোকা	৩৷৷৵৹
,, ,, প্রেককাটী ৪৷৹	
,, ,, চাদর পত্তর	
বড়সাইজ	৪৵৹
,, ,, কড়া	৪৷৹
,, ,, কেন্টলেজ ১৷৹৷৩	
ইস্পাত সুইডিসঙ্গমো	
	৪৷৷৹
,, ইংলিস	৫
,, ফোস্কাপাটী	৩৷৹
শিসা শুকবছল ৭৻৹	
,, ছাপ রহিত ৭৷৵৹	
,, চাদর	৭৵৹
ছিটাগুলি	
১ নাং ১৩ পলিয়া	৪
দস্তা	১২
টীনপেলেট বাক্সম ১৮৵	
রাঙ্গ সের	২৷৹
রৌপ্য স্বর্ণাদির মূল্য	
মোহরণ	১০৷৵
মান্দ্রাজী মোহর ১৬৷	
পুরাতন মোহর ২১৵	
চিনস্বর্ণকামি ১৬৷৵	
ঝুরাস্বর্ণ	১৪৻৹
১ শতভরি	
কোম্পানির ডালের ২২৹৷	
মাঠ পালম দেরু	৫
মজুরী	[illegible]
,, ,, ছাল	৩৷৹
,, কোরা মজুরী	৪৷
,, ভাল	৪৷
,, জেকোনেট দেয় ৬	
[illegible]	
,, [illegible]	৩
,, ,, ভাল	৩/
,, [illegible] উত্তম	
,, বালসাহিল	৩৷৹
,, বাঁশকাঠ	৩৷৶৹
,, কুলপী	৩৷৹
,, উসনা	২৷৹
তুলা বাঙ্গা	১৯
,, ভোজপুর	১৮৹
,, আতলস	১৬৷৹
,, রঙ্গপুর	১৫৷৹
,, আগ্রা	[illegible]
সুন্দরবনের	১১
গোলমরিচ	১১
যব	১
ধনে	১৻৹
মেথী	১৹
জিরা	১৻৹
মেথি	৫

ইষ্টারণ বেঙ্গল রেলওয়ে কোম্পানির বিজ্ঞাপন।

উক্ত কোম্পানির দখলে যে সকল বেওয়ারিস দ্রব্যাদি পতিত হইয়াছে তাহা পরিষ্কারার্থ বিক্রয় হইবেক।

এতদ্দ্বারা সর্ব্ব সাধারণকে জ্ঞাপন করা যাইতেছে যে ইংরাজী সন ১৮৭১ সালের ডিসেম্বর মাহার ১৫ ই তারিখ শুক্রবার অপরাহ্নে বেলা এগার ঘণ্টার সময় ইষ্টারণ বেঙ্গল রেলওয় কোম্পানি তাহাদিগের জায়গায় যে সকল বেওয়ারিসানের দ্রব্যাদি গত নবেম্বর মাহার ৩০ শে তারিখ পর্য্যন্ত রেলওয়ে কোম্পানির জায়গায় পতিত হইয়া রহিয়াছে অর্থাৎ নানা প্রকার দ্রব্য যাহারা কোন কারণবশতঃ দ্রব্যাদি প্রেরকগণও গ্রহণকর্ত্তাদিগের কোন বিবাদে প্রযুক্ত গ্রহণ করিতে গাফিলি করিয়া উপরোক্ত তারিখ পর্য্যন্ত ফেলিয়া রাখিয়া [illegible] মোকাম সিয়ালদহ রেল ওয়ের কার্য্যালয়ে উপরোক্ত দিবসে প্রকাশ্য নীলাম দ্বারা বিক্রয় করা যাইবেক।

Franklin Prestage,
Agent.
ফ্রাঙ্কলিন প্রেষ্টেজ।
এজেন্ট।

সেয়ালদহ।
রেইলওয়ে এজেন্ট আফিস।
কলিকাতা।
৬ ই ডিসেম্বর।
১৮৭১ সাল।

বিক্রেয় পুস্তকের বিস্তারিত বিবরণ।

নিম্ন লিখিত পুস্তকাদি কলিকাতাস্থ আমড়াতলা পূর্ণচন্দ্র যন্ত্রে বিক্রয় আছে। মূল্য পাঠাইলে পাইবেন।

আরবীয় উপাখ্যান।

বিচিত্র উপন্যাস পূর্ণ সর্ব্বাপেক্ষা বিস্তীর্ণ যে আরেবিয়ান নাইট শ্রীযুক্ত ফষ্টর সাহেব ইংরাজীতে রচনা করেন উত্তম সাধু ভাষায় তাহা অনুবাদিত ও এযাবৎ মুদ্রিত হইয়া প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে, পরিমাণে ৩০০শত পৃষ্ঠ অনুমান স্বাক্ষরকারির প্রতি ১ টাকা বিনা স্বাক্ষরকারির প্রতি ১৷০ টাকা।

কাল দর্শক যন্ত্র।

একটী টিন নির্ম্মিত আধার মধ্যে কতক গুলিন মুদ্রিত তাস আছে তাহাতে ব [illegible] অক্ষরে অঙ্কের ১২৬০ অবধি ১২০০ পর্য্যন্তের সন মাস বার ও দিবস দিবা রাত্রি নক্ষত্র দর্শন হয় মূল্য ॥০ আনা

মুদ্রাঙ্কনযন্ত্র।

পূর্ণচন্দ্রোদয় কার্য্যালয়ে লৌহ মুদ্রাঙ্কনযন্ত্র নানা প্রকার ইংরাজী ও বাঙ্গালা অক্ষর আছে তদ্দ্বারা কেহ কোন পুস্তক বা অন্য কিছু মুদ্রাঙ্কিত করাইতে ইচ্ছা করিলে উচিত মূল্য নিরূপণ করা যাইবে।

বিজ্ঞাপন।

শব্দাম্বুধি ৬৮০০০ ঐ শব্দের অর্থাৎ সম্বলিত ২।০
স্তুতনাভিধান ২০০০০ ঐ ...ঐ ১
অমরার্থ দীধিতি ... ১
হরিভক্তিবিলাস সটীক .. ১০
সম্বাদ পূর্ণচন্দ্র হইতে অষ্টাদশ পুরাণের অনুবাদ গৌড়ীয় ভাষায় ১ অবধি ৩৫ সংখ্যাপর্য্যন্ত...৮৫
প্রতিমাসে এক ২ খণ্ড প্রকাশ হইতেছে.. ।০
শ্রীমদ্ভাগবত গৌড়ীয় ভাষায় অনুবাদিত ... ৮
ওয়ার্ড কৃত হিন্দুদিগের বিবরণ ২ বালাম...২০
গীতাবলি .. ।১
অষ্টাদশ পর্ব্ব মহাভারত প্রায় সহস্র পৃষ্ঠ ৪
সপ্তকাণ্ড রামায়ণ ১
আরব্যোপাখ্যান ১ নাং ৫ পঞ্চম খণ্ড .. ৫
অপূর্ব্বোপাখ্যান ২
বত্রিশ সিংহাসন ১
আত্যকৃত ইং বাং ডিকসনারি অর্থাৎ ইং শব্দের ইং এবং অর্থসম্বলিত ৭২০ পৃষ্ঠা এ প্রকার ডিকসনারি পূর্ব্বে কখন প্রকাশ হয় নাই ৫
শিবসংকীর্ত্তন ১
শকুন্তলার ইংরাজী অনুবাদ ১
প্রবোধচন্দ্র নাটক ১
অষ্টাদশ পুরাণের অনুক্রমণিকা ।
হিতোপদেশ ইং বাং সং ২
কাজীর বিচার ।০
অন্নদামঙ্গল, বিদ্যাসুন্দর মানসিংহ চোরপঞ্চাশত এক জেলদ ১০ খণ্ড প্রতিমূর্ত্তী সম্বলিত ১
রোবক হকিম মৌলবী আবদল মজিদকৃত পারস্য ভাষার অভিধান ৪০
রিচার্ডসন কৃত ইং পারস্য এবং পারস্য ও ইং ডিকসনারি ২ বালম ৫০
রোম দেশীয় ইতিহাস ৬
গ্রীক দেশীয় ঐ ঐ ৩
ইংলণ্ড দেশীয় ঐ ঐ ৩
ভারতবর্ষীয় ঐ ঐ ৩
প্রাচীন ইতিহাস ২
ন্যায়দর্শন ২॥০
পুরাবৃত্ত বিবরণ ১
কেরি কৃত বাং ইং ডিকসনরি .. ৫০
রামকমল কৃত ইং বাং ঐ ৩০
রাজা রামমোহন রায়ের জীবন চরিত্র ।০
কালক্রুকের অনুবাদ ৮
মেকনাইট কৃত হিন্দু ল ২০
গবর্ণমেন্ট রিগুলেসন ১৭৯৩ সাল ১৮৩৩ ইং রাজা ৯ বালম ১০০
ঐ ঐ বাঙ্গালা ১০০
ঐ ঐ পারস্য ভাষায় .. ১০০
দেওয়াণী আইনের সারসংগ্রহ ২ বালাম ৭০
রাজস্ব সম্পর্কীয় আইনের ঐ ৬
পথ দর্শক গ্রন্থ ২ বালাম ১৮

নানাপ্রকারমুদ্রাঙ্কন লৌহ যন্ত্রের আমদানি হইতেছে।

HELLER'S WONDERS.
MAIDAN THEATRE
CALCUTTA

বুধবার ১৩ ডিসেম্বর ১৮৭১ সাল।
হেলার সাহেবের ঐন্দ্রজালীক ক্রীড়াগার।
কলিকাতা গড়ের মাঠের নাট্য মন্দির।

কলিকাতা নিবাসী সম্ভ্রান্ত ও প্রধান প্রধান মহোদয়গণকে এবং সর্ব্ব সাধারণ জনগণকে জ্ঞাপন করা যাইতেছে যে সুবিখ্যাত যাদুকর ও মনোহর বাদ্যকর রবার্ট হেলার সাহেব অসাধারণ গুণযুক্তা এবং যাদু বিদ্যা সম্পন্না বিবি হেলার সহ মিলিত হইয়া নানা প্রকার অদ্ভুত ভোজবাজী ও অভূত পূর্ব্ব ঐন্দ্রজালীক ক্রীড়া সক প্রদর্শন করাইবেন বোম্বাই নগরের লোকেরা বিবি হেলারের অসাধারণ যাদুবিদ্যা ও গণনা গুণে নিপুনতা দেখিয়া যে কি পর্য্যন্ত আশ্চর্য্য ও বিস্ময়ান্বিত হইয়াছিল তাহা বলা বাহুল্য মাত্র।

প্রতি সোমবার বুধবার শুক্রবার ও শনিবার রজনীযোগে এই তামাসা সমারোহের সহিত প্রদর্শিত হইবে।

টিকিটের মুল্য।

অতি উৎকৃষ্ট আসন	৪ টাকা
প্রথম শ্রেণী	৩ টাকা
দ্বিতীয় শ্রেণী	২ টাকা
তৃতীয় শ্রেণী	১ টাকা

রাত্রি ৮ ঘটিকার সময় দারোদ্ঘাটন, ও সাড়ে ৮ টার পর ক্রীড়ারম্ভ হইবে।

ক্রীড়া স্থলে তামাক কিম্বা চুরাট খাওয়া নিষিদ্ধ।

বেলা নয়ঘটীকা হইতে চারি ঘটীকা মধ্যে ক্রীড়াগারে নিভৃত স্থানের বন্দবস্ত হইতে পারিবে।

J, W, Smith,
Manager.

Prnted and Published by U. C. Auddy at the Poorno Chunnordoy Press No17 Amratola Govind Chund Dhur's Street Calcutta

সংবাদপূর্ণচন্দ্রোদয়

প্রাত্যহিক পত্র।

[illegible] সংবাদ [illegible]

[illegible] সুবোল্ল [illegible]

[illegible] পৌষ শুক্রবার ১২৭৮ সাল ইং ১৫ ডিসেম্বর ১৮৭১ সাল। শকাব্দা১৭৯৩ মাসিক১টাকা অগ্রিম৮ টাকা সংখ্যা ১০,২২৭

রেজিষ্টর নং ৫৪

সংবাদপূর্ণচন্দ্রোদয়

১ পৌষ শুক্রবার সন১২৭৮সাল

আমরা শ্রবণে আহ্লাদিত হইলাম যে যুবরাজ প্রিন্স অব ওয়েলস মহোদয়ের পীড়ার ক্রমশঃ শান্তি হইতেছে। চিকিৎসকেরা আরোগ্যের ভরসা প্রদান করিতেছেন এবং নাড়ির বৈলক্ষণ্য হয় নাই। জগদীশ্বর করুন যুবরাজ শীঘ্র আরোগ্য লাভ করেন।

—

[illegible] ষ্টিবেন সাহেব [illegible] ছেন যে সকল ব্যবস্থা সংশোধন করিয়াছেন এবং সকল ব্যবস্থার পাণ্ডুলিপি প্রস্তুত করিয়াছেন তাহাতে তাঁহার ব্যবস্থা শাস্ত্রে বিলক্ষণ পারদর্শীতা প্রকাশ পাইয়াছে। আপাততঃ যে সকল ব্যবস্থার পাণ্ডুলিপি তাঁহার হস্তে আছে সে সকল কতদুর প্রয়োজনীয় তাহা বলা বাহুল্য। প্রথম করার সম্বন্ধীয় ব্যবস্থা, দ্বিতীয় সাক্ষ্য সম্বন্ধীয় আইন, তৃতীয় যোত্রহীন ব্যক্তিদিগের আইন, চতুর্থ ফৌজদারি ব্যবস্থা, পঞ্চম ব্রহ্ম বিবাহ বিষয়ক ব্যবস্থা এবং ষষ্ঠ খ্রীষ্ট ধর্ম্মাবলম্বীদিগের বৈবাহিক বিধি। এই ব্যবস্থা গুলি বিধিবদ্ধ করিয়া তিনি স্বদেশে প্রত্যাগমন করিবেন এরূপ মানস করিয়াছেন। ষ্টিবেন সাহেব প্রোক্ত ব্যবস্থা গুলির পাণ্ডুলিপি যেরূপ প্রস্তুত করিয়াছেন তাহাতে তিনি যে ব্যবস্থার জীবীদিগের মধ্যে একজন গণনীয় তদ্বিষয়ে কাহারো সংশয় [illegible] নাই। এদেশে করার সম্বন্ধীয় আইন নাই ইহা কি সামান্য বিড়ম্বনা ষ্টিবেন সাহেব এই অভাব দূর করিয়া [illegible] উপকারে [illegible]। সাক্ষ্য বিষয়ক একটী [illegible] বিচারপতিগণ [illegible] অসুবিধা বোধ করিয়া থাকেন সেই অসুবিধা ষ্টিবেন সাহেব দূর করিয়া একটী মহৎ কার্য্য সংশোধন করিবেন যোত্রহীনদিগের ব্যবস্থা ষ্টিবেন সাহেব যেরূপ সংশোধন করিয়াছেন তাহা যদিও সর্ব্বাঙ্গীন সম্মত নহে তত্রাচ কোন২ বিষয় প্রশংসনীয় কিন্তু ইহার বর্ত্তমান পাণ্ডুলিপি সংশোধনার্থ যাহাতে উত্তমর্ণগণ ঋণীদিগের নিকট হইতে ঋণ আদায় করিতে সহজে পারেন এবং অধমর্ণগণ উত্তমর্ণদিগের ঋণ জালে পতিত না হয়েন এরূপ উপায় হইলে ভাল হয়। কিন্তু ব্রাহ্ম বিবাহ বিষয়ক যে আইনের পাণ্ডুলিপি প্রস্তুত হইয়াছে তাহাতে ব্রাহ্মদিগের দলই সন্তোষ [illegible] এবং খ্রীষ্টধর্ম্মাবলম্বীদিগের ব্যবস্থা এরূপ সংশোধিত হইয়াছে যাহাতে খ্রীষ্টধর্ম্মাবলম্বীগণের মুসলমানী বিবাহ নিবারণ হয়।

—০—

বঙ্গ উপন্যাস।

পূর্ব্ব প্রকাশিতের পর।

দিগ্বিজয়ের দুরবস্থা।

দিগ্বিজয় পিতৃ সম্পত্তি এবং রাজভোগে নিরাশ হইল। এক্ষণে কোথায় গমন করা কর্ত্তব্য এই চিন্তা তাহার মন মধ্যে প্রগাঢ় রূপে প্রবিষ্ট হওয়াতে, ঈশ্বরারাধনা করতঃ স্বীয় সমভিব্যাহারে কেবল তিন খানি উৎকৃষ্ট গ্রন্থ লইয়া পশ্চিমাভিমুখে যাত্রা করিল। এবং কিয়ৎদূর গমন করিতে না করিতেই পথশ্রমে ও ক্ষুধায় ব্যাকুলিত হইয়া পড়িল। কিন্তু কি করে, হস্তে একটীও তাম্র মুদ্রা নাই যে কিঞ্চিৎ মিষ্টান্ন ক্রয় করিয়া ক্ষুধা নিবারণ করে। সম্পত্তির মধ্যে কেবল তিন খানি পুস্তক মাত্র। এবং পূর্ব্বে এরূপ দৃঢ় প্রতিজ্ঞা করিয়াছিল যে, ক্ষুধার নিমিত্ত যদ্যপি প্রাণ পর্য্যন্ত সমাপণ করিতে হয় সেও শ্রেয়স্কর তত্রাচ এক খানি পুস্তক বিক্রয় করিয়া জঠরানল স্নিগ্ধ করিবে না। এক্ষণে উভয় সঙ্কট উপস্থিত, আপাদ মস্তক চিন্তা করিয়া কিছুই স্থির করিতে পারিল না। অতঃপর অদৃষ্টের ফল অখণ্ডন বিবেচনা করিয়া একটী উৎকৃষ্ট সরোবরের নিকট গমন করিয়া কিঞ্চিৎ শীতল বারি পান করতঃ জীবনকে পরিতৃপ্ত করিল। দিগ্বিজয় পিতৃ স্নেহে বঞ্চিত হইয়া প্রত্যহ সূর্য্যদেবের উদয় হইতে অস্ত পর্য্যন্ত অর্থাৎ (দিবাভাগে) পথ ভ্রমণ এবং বিহঙ্গম কুল যদ্রূপ বৃক্ষোপরি তাদের শাখায় নীড় নির্ম্মাণ করতঃ কাল যাপন করে, তদ্রূপ রাত্রিকালে একটী বৃক্ষের শাখায় বসিয়া কেবল ঈশ্বর সমীপে স্বীয় দুরবস্থার কাহিনী ব্যক্ত করিতে [illegible] ক্রমান্বয়ে তিন দিবা এবং রাত্রি অতিবাহিত করিয়া, চতুর্থ দিবস ভ্রমণ করিতে অপর এক রাজধানীতে উপনীত হইয়া দেখিল যে, কিয়ৎদূরে একটী উৎকৃষ্ট ইষ্টক নির্ম্মিত প্রাসাদোপরি এক ব্যক্তি পদ নিক্ষেপ পূর্ব্বক পুস্তক পাঠ করিতে শীতল সমীরণ সেবন করিতেছেন। কিন্তু যদিচ দিগ্বিজয় দূর হইতে তাঁহাকে ভালরূপে পরিচিত বলিয়া জ্ঞান করিতে পারে নাই। তত্রাচ তাহার মন এই আশ্বাসে কিঞ্চিৎ প্রফুল্ল হইয়াছিল যে, এবম্বিধ ঘোরতর অরণ্য মধ্যে একটী আশ্রয় স্থান দৃষ্টিগোচর হইল। অতঃপর দিগ্বিজয় ক্রমে২ সেই প্রাসাদের নিকটবর্ত্তী হইয়া সানুনয় এবং সঙ্কেত দ্বারা তাহাকে আহ্বান করিবা মাত্র তিনি দয়ার্দ্র চিত্তে তৎক্ষণাৎ অবতরণ পূর্ব্বক ইহার সমীপে উপস্থিত হইয়া দেখিলেন যে, ইনিই সেই ভূপতি বিজয় কৃষ্ণের তনয় দিগ্বিজয় (যাহার সহিত উভয়ে পূর্ব্বে এক বিদ্যালয়ে বিদ্যাশিক্ষা করিয়াছিলেন) অনন্তর তিনি স্নেহ রসে পরিপূর্ণ হইয়া দিগ্বিজয়কে স্বীয় সুদৃশ্য পুরী মধ্যে লইয়া গেলেন।

ক্রমশঃ

শ্রী হীরালাল দত্ত।

রাজকর্ম্মে নিয়োগ॥

লেপটেনেন্ট গবর্ণরের
আদেশানুসারে
নিয়োগ

রেবিনিউ ও জেনেরল ডিপার্টমেন্ট
৯৯ নম্বর

এই মাসের ১৮ তারিখের আজ্ঞা র হিত হইয়া সিবিল কার্য্য সংক্রান্ত শ্রী যুত হেনরি গিলন সাহেব ফরিদপুরের মজিষ্ট্রেট ও কালেকটর সাহেবের আসি ষ্টান্টের পদে নিযুক্ত হইয়া নিম্নতর দ্বি তীয় শ্রেণীর মাজিস্ট্রেটের ক্ষমতা পাই য়াছেন।

১৮৭১ সাল ২৭ নবেম্বর।

হাবড়ার ডেপুটী কালেকটর শ্রীযুত জান আনক্র রিকেটস সাহেব ১৮৭১ সালের ১২ আইনমতে কালেকটরের ক্ষমতা পাইয়াছেন।

শ্রীযুত বাবু করুণাময় বন্দ্যোপাধ্যায় নৌগাঁয়ে সাধারণের শিক্ষাসংক্রান্ত কমিটীর মেম্বর হইবেন।

সি বর্ণার্ড
বঙ্গদেশের গবর্ণমেন্টের।
একটিং সেক্রেটারী।

প্রেরিত পত্র।

মান্যবর শ্রীযুক্ত সংবাদ পূর্ণচন্দ্রোদয় সম্পাদক মহাশয় সমীপেষু।

সম্পাদক মহাশয়! অনুগ্রহ পূর্ব্বক আপনার সংবাদ পূর্ণচন্দ্রোদয় পত্রৈক পার্শ্বে নিম্ন লিখিত বিষয়টী স্থান প্রদান করিয়া চির বাধিত করিবেন।

গত ১ লা কার্ত্তিকের পূর্ণচন্দ্রোদয়ে আমি যে বিষয় লিখিয়াছিলাম তাহার প্রত্যুক্তর স্বরূপ ২৫ শে কার্ত্তিকের পূর্ণ চন্দ্রোদয়ে একজন ' উচিত বাদিনঃ ,, স্বাক্ষর করিয়া যাহা লিখিয়াছেন তাহার এক স্থান পাঠ করিয়া তদ্বিষয়ে কিঞ্চিৎ না লিখিয়া ক্ষান্ত থাকিতে পারিলাম না। তিনি এক স্থানে লিখিয়াছেন যে " তেঁতুল পান করিয়া পূর্ণচন্দ্রোদয় পত্রিকাতে এ সাত সমুদ্র বলিয়া অনেক প্রকার প্রলাপোক্তি করিয়াছেন অনেক বকিলেই যে সকল বস্তু লাভ করিতে পারে এমত নহে।,, এই স্থানটীর প্রথমতঃ সম্পূর্ণ রূপে অর্থ বোধ হওয়াই দুষ্কর। পাঠক মহাশয়গণ! এরূপ কখন কি পাঠ বা শ্রবণ করিয়াছেন যে তেঁতুল পেয়, জল লেহ্য বা দুগ্ধ চর্ব্ব্য। দ্বিতীয়তঃ, লিখিয়াছেন ' প্রলাপোক্তি করিয়াছেন ,, প্রলপোক্তি কাহার অর্থ! তাহা কি অনর্থক বাক্য নহে! আমি কি সাত সমুদ্রের নামোল্লেখ করিয়া অনর্থক বাক্য প্রয়োগ করিয়াছি! অনর্থক বাক্য কাহাকে বলে [illegible] প্রয়োজনীয় বিষয় উচ্চারণের নাম কি অনর্থক বাক্য নহে। তবে কি আমি বিনা প্রয়োজনে লিখিয়াছি? " প্রেরিত তেঁতুল ,, রচয়িতার লেখায় বোধ হইল যে তিনি সাত সমুদ্রের বিষয় জানেন না তাহাতেই তাঁহার জ্ঞাতার্থে আমি উহা লিখিয়াছিলাম। ইহাতেই কি প্রলাপোক্তি হইয়াছে, অথবা উচিতবাদী মহাশয় কি মনে করিয়াছেন যে আমি মিথ্যা করিয়া সাত সমুদ্রের উল্লেখ করিয়াছি? উচিতবাদী মহাশয়, বোধ করি, সাত সমুদ্রের বিষয় মিথ্যা বোধ করেন! অতএব উচিত বাদী মহাশয়ের বিশ্বাস জন্মানার্থ ও আমার লেখার দৃঢ়তা প্রমাণার্থ যেরূপে সপ্ত সমুদ্রের উৎপত্তি হইল ও তাহারা যে স্থানে অবস্থিত আছে তাহার বিষয় কিঞ্চিৎ উদ্ধৃত করিলাম। উচিতবাদী মহাশয় একবার উত্তমরূপে দৃষ্টিপাত করুন।

পূর্ব্বে স্বায়ম্ভুব মনুর পুত্র প্রিয়ব্রত সমুদায় ধরনীর অধীশ্বর ছিলেন, সেই প্রিয়ব্রত কর্তৃকই এই পৃথিবী সপ্ত দ্বীপ ও সপ্ত সমুদ্রে বিভক্ত হইয়াছিল যথা—

" —সংজবেন রথেন জ্যোতির্ম্ময়েন রজনী মপিদিনং করিষ্যামীতি সপ্ত-কৃত্ব স্তরণিমনু পর্য্য ক্রমেদ্ দ্বিতীয় এব পতঙ্গ। এবং কুর্ব্বাণং প্রিয়ব্রত মাগত্য চতুরানন স্তরাধি কারোহয়ং ন ভবতীতি নিবারয়া মাস। যে বা উহ ভদ্রথ চরণ নেমিকৃত পরিমাতাস্তে সপ্ত সিন্ধব আসন অতএব কৃতাঃ সপ্তভুবো দ্বীপাঃ।,,

ভাগবত পুরাণে পঞ্চম স্কন্ধে ১ম অধ্যায়ে সেই সকল দ্বীপ ও সাগরের নাম যথা—

" জম্বু প্লক্ষাহ্বয়ো দ্বীপৌ (১)
শাল্মলিশ্চা পিরো দ্বিজঃ।।
কুশঃ ক্রৌঞ্চ স্তথা শাকঃ
পুষ্করশ্চৈব সপ্তমঃ॥ ৫॥
এতে দ্বীপাঃ সমুদ্রৈস্তু
সপ্ত সপ্তভিরা বৃতাঃ।
লবণেক্ষু সুরা সর্পির্দ্দধি
দুগ্ধ জলৈঃ সমম্॥ ৬।।

(১) প্লক্ষাদ্বয়ো দ্বীপা কথন ২ পাঠ্য।

বিষ্ণু পুরাণে দ্বিতীয় স্কন্ধে দ্বিতীয় অধ্যায়ে।

আর ১ লা কার্ত্তিকের পূর্ণচন্দ্রোদয়ে কম্পোজিটারের দোষে দ্বিতীয় পৃষ্ঠায় ২ য় স্তম্ভে সপ্ত ত্রিংশৎ পংক্তিতে " কষ্ট ,, ইহার পরিবর্ত্তে " কপ ,, হইয়াছে। তাহা দেখিয়া উচিতবাদী মহাশয় এই বি[illegible] করিয়াছেন। যাহা হউক ধন্য বিবেচনা ও অর্থ বোধ শক্তি।

আহা! উচিতবাদী মহাশয়ের লেখা পাঠ করিয়া হাসিও পায় দুঃখও ধরে, এতদিনের পর তিনি উচিতবাদী নামের সার্থক্য সম্পাদন ও উচিতবাদী হইবার একটী সহজ অথচ নূতন উপায় উদ্ভাবিত করিলেন। এক্ষণে ভদ্র অভদ্র সকলেই (যদিও যথার্থ ভদ্রগণ উক্ত উপায় অবলম্বনে অভিলাষী হইবেন না তথাচ) তাঁহার অনুকরণে সহজে উচিতবাদী নামে পরিচিত হইতে পারিবে যাহা হউক পরিশেষে উচিতবাদী মহাশয়ের নিকট অনুরোধ এই যে যেন তিনি সর্ব্বদা এইরূপে উচিতবাদী নামের আরও অধিক সুন্দর আদর্শ স্বরূপ হইয়া সকলের নিকট প্রশংসিত হইবার জন্য উৎসাহিত হন।

উপরিউক্ত বিষয় ভিন্ন অন্যান্য অনেক বিষয় আছে তদ্বিষয়ে লিখিতে গেলে একখানি ক্ষুদ্র পুস্তক হইয়া উঠে এবং আমার আর অধিক অবকাশ নাই যে সে সমস্ত সমগ্র রূপে লিখি আগামী বারে এবিষয়ে কিছু লেখা হয় তদ্বিষয়ে লিখিতে চেষ্টা করিব অতএব এবারে অলং বিস্তরেণ।

একান্ত বশম্বদ।
কস্যচিৎ তাঁতে।

তাং ২৬ অগ্রহায়ণ।
১৭৯৩ শক।

মান্যবর শ্রীযুক্ত সংবাদ পূর্ণচন্দ্রোদয় সম্পাদক [illegible] সমীপেষু।

মহাশয়! আমার আক্ষেপজনক কএক পংক্তি আপনার জগৎ বিখ্যাত পত্রিকা মধ্যে সন্নিবেশিত করিলে পর মাপ্যায়িত হইব।

সূর্য্য গ্রহণ ও ভূমি কম্প।

পয়ার।

শীতল শিশির ঋতু হইল আগত।
সুন্দর সতেজ তরু শিশিরে শ্রীহত॥
ধান্য ক্ষেত্র ক্রমে ক্রমে হল শূন্য ময়।
কাঁপিয়া কাজেতে যত জীব সমুদয়॥

হইছে নীরসা রমা দিন কর করে।
নিশীতে শিশির, লত বরিষণ করে॥
দিবা ভাগে দিবাকর নিজের কিরণে।
ধরণীর রস ক্রমে তুলিছে গগণে॥
সেই সব দেখে শুনে বসুন্ধরা সতী।
কোপ বশে বশীভূতা হইলেন অতি॥
বিশেষতঃ নিজ সুতা কুল সরোজিনী।
[illegible] জীবন [illegible]নী॥
[illegible]ই ভাবি জামাতারে করিতে দমন।
মনে মনে মহী মাতা করিল মনন॥
কি উপায়ে সেই কাজ হইবে সাধন?
পাইলেন রোষ ভরে করিয়া চিন্তন॥
কুমুদিনী কুমুদেশ সুখেতে সুজন।
রস রঙ্গে করে তারা যামিনী যাপন॥
প্রভাত হইবা মাত্র কিন্তু সে গগণে।
গগণ বিহারী হরি নিজের কিরণে॥
তাদের বিচ্ছেদানল জ্বালেন হরিষে।
বিধু বধূ শশীকান্তে ম্লানা করে বিষে॥
সুধাকরে বিভাকরে শত্রুতা সে সেতু।
শশী তবে হবে মম চিন্তানিধি সেতু॥
এরূপ ভাবিয়া মনে শশাঙ্কে ডাকিল।
রক্ত শোষী জামাতারে গ্রাসিতে বলিল॥

পরে করে শশধর সাহসেরে ধরি।
গ্রাসিতে ধাইল দেখ বিশ্বসাক্ষী হরি॥
অষ্ট ঘটিকার কালে মঙ্গল বাসরে।
নিশাকর নিজ আস্যে দিল দিবা করে॥
জগজ্জন গণে শশী শিব কামনায়।
শিব ধ্বনি কোরে শিব কাছে শিবচায়॥
এইরূপে শশধর কিয়ৎ গ্রাসিয়া।
ছাড়িল শেষেতে দশে(১) অক্ষম হইয়া॥
করিল পশ্চিম দেশে ত্বরা পলায়ন।
পতঙ্গ পশ্চাতে তার করিল গমন॥
যাইতে২ ক্রমে সন্ধ্যা উপস্থিত।
যামিনী হইল তবে অন্ধকারাবৃত॥
নলিনী মলিনী হল না হেরি পতিরে।
মগণা হইল শোক সাগরের নীরে॥
অতি রোষ যুক্তা কিন্তু অব্জিনী জননী।
জানিতে পারেন নাই আগত রজনী॥
যেহেতু হঠাৎ ম্লানা দেখি নিজ সুতা।
আপনিও দুঃখ ভয়ে হল অভিভূতা॥
মনে করিলেন বুঝি বাঁচাতে দুহিতা।
তাহারে যমের দ্বারে করিলাম নীতা॥
এই বোধে রাত্রি প্রায় নয় ঘটিকায়।

(১) দশটার সময়।

কালে হৃৎকম্প (২)হল শোকার্ত্তা ধরা।
অমনি উঠিল চতুর্দ্দিকে শোকরব।
বহুক্ষণ পরে ক্রমে হইল নীরব॥
বোধ হল, জ্ঞান হল ধরার তখন।
রাত্রি হেতু প্রিয়াভাবে মুদিত বদন॥
হইয়া তনয়া তথা করি অবস্থান।
বিভুর নিকটে সদা নিজ প্রিয় চান॥
আরো বুঝিলেন রবি শ্বশ্রুর কারণ।
এই কালে রসা রস করে আকর্ষণ॥
তখন যাইল রোষভ্রম অন্ধকার।
সুস্থিরা হইল ধরা তবে পুনর্ব্বার॥
যাহাহোক এইরূপ অকারণ রণ।
সুজনের সবাকার শিবের কারণ॥
কারণ এরণ কালে সাধু জনগণ।
বড় ব্যস্ত যাগ যোগ দানে অনুক্ষণ॥
অতএব এইরূপ রণের কারণ।
বিভুর নিকটে সবে করহে প্রার্থনা॥

শ্রী বাণীনাথ নন্দী।
সাং শিকদার বাগান।
২৮ অগ্রহায়ণ।
১২৭৮ সাল।

(২) অর্থাৎ ভূমিকম্প।

বিজ্ঞাপন।

CIRCUA

Mr. P Decosta, who has been brought up as a Mechanical Engineer under Government and who was subsequently employed as Chief Engineer on steamers for several years, having set himself up as a Gas-Fitter and Authorized Plumber in connection with the Water Works will be happy to undertake jobs on moderate terms. His experience of twenty-two years in his line of business, will, he trusts serve as a sufficient guarantee for his ability in executing all orders satisfactorily.

Calcutta, No. 30, Zig Zag Lane.

বিজ্ঞাপন।

মেষ্টর পি, ডিকাষ্টা সাহেব যিনি গবর্ণমেণ্টের অধিনে থাকিয়া পরীক্ষোত্তীর্ণ হইয়া ক্রমাগত কয়েক বৎসরাবধি বাষ্পীয় জাহাজে চিফ ইঞ্জিনিয়ারের পদে কার্য্য নির্ব্বাহ করিয়াছেন এক্ষণে স্বয়ং ক্ষমতা প্রাপ্ত গ্যাসফিটরি ও জলের কল সংক্রান্ত কার্য্য নির্ব্বাহের কারখানা করিয়াছেন, অতএব তিনি উক্ত [illegible] কর্ম্মে বাইশ বৎসর লিপ্ত থাকা প্রযুক্ত সুচারুরূপে তৎকর্ম্মে দক্ষতা লাভ করিয়াছেন, এক্ষণে সাধারণে তাহাকে উক্ত কর্ম্ম প্রদানে উৎসাহিত করিলে বোধ হয় তিনি সকলের চিত্তরঞ্জন করিতে সমর্থ হইবেন তাহার কোন সন্দেহ নাই।

কলিকাতা।
৩০ নং জিগ ২ লেন।

বিজ্ঞাপন।

কলিকাতা নগরের সিমানার বহির্ভাগে পাটের গুদাম স্থানান্তরিত করণের বিষয়।

ইষ্টারণ বেঙ্গল রেলওয়ে কোম্পানি সংবাদ প্রদান করিতেছেন যে সকল জমি সিয়ালদহের রেলওয়ে কোম্পানির পার্শ্ববর্ত্তী আছে তাহাতে যে কোন ব্যক্তির পাট রাখিবার জন্য পাটের গুদাম ও পাটের কল কিছু দিবসের অথবা বহুকালের জন্য নির্ম্মাণ করিবার আবশ্যক হয় তাহার নিমিত্ত উচিৎ মূল্য প্রদান করিলেই পাইতে পারিবেন উপরোক্ত ইষ্টারণ বেঙ্গল রেলওয়ে কোম্পানির পার্শ্ববর্ত্তী সরকিউলর খালের কিনারায় মধ্যেও জায়গা পাইতে পারিবেন।

Franklin Prestage,
Agent.

ফ্রাঙ্কলিন প্রেষ্টেজ।
এজেণ্ট।

সিয়ালদহ।
রেলওয়ে কারখানা।
তাং ৮ ডিসেম্বর ১৮৭১ সাল।

কাল দর্শক যন্ত্র।

একটী টিন নির্ম্মিত আধার মধ্যে কতক গুলিন মুদ্রিত তাস আছে তাহাতে বাঙ্গলা বৃহৎ অক্ষরে শকের ১২৬০ অবধি ১২৯১ পর্যন্তের সন মাস বার ও দিবস দিবা রাত্রি সম্যক্ দর্শন হয় মূল্য ।০ আনা

বিজ্ঞাপন।

শব্দাম্বুধি ৫০০০০ শব্দের [illegible] সম্বলিত ২।০
হূতনাভিধান ২০০০০ ঐ ...ঐ ১
অমরার্থ দীধিতি ... ১
হরিভক্তি বিলাস সটীক .. ১০
সর্ব্বার্থ পূর্ণচন্দ্র ইহাতে অষ্টাদশ পুরাণের অনুবাদ গোড়ীয় ভাষায় ১ অবধি ৩৫ সংখ্যাপর্য্যন্ত...৮৮ প্রতিমাসে এক ২ খণ্ড প্রকাশ হইতেছে.. ।০
শ্রীমদ্ভাগবত গৌড়ীয় ভাষায় অনুবাদিত ... ৮।
ওয়ার্ড কৃত হিন্দুদিগের বিবরণ ২ বালাম...২০
গীতাবলী .. ।০
অষ্টাদশ পর্ব্ব মহাভারত, প্রায় সহস্র পৃষ্ঠা ৪
সপ্তকাণ্ড রামায়ণ ২
আরব্যোপাখ্যান ১ নাং ৫ পঞ্চম খণ্ড .. ৫
অপূর্ব্বোপাখ্যান, ২
বত্রিশ সিংহাসন, ১
আঢ্যকৃত ইং বাং ডিকসনারি অর্থাৎ ইং শব্দের ইং ও বাং অর্থসম্বলিত ৭২০ পৃষ্ঠা এ প্রকার ডিকসনারি পূর্ব্বে কখন প্রকাশ হয় নাই ৫
শিবসংকীর্ত্তন ১
শকুন্তলার ইংরাজী অনুবাদ। ১
প্রবোধচন্দ্র নাটক ১
অষ্টাদশ পুরাণের অনুক্রমণিকা ।০
হিতোপদেশ ইং বাং সং ২
কাজীর বিচার ।০
অন্নদামঙ্গল, বিদ্যাসুন্দর মানসিংহ চৌরপঞ্চাশত এক জেলদ ১০ খণ্ড প্রতিমূর্ত্তী সম্বলিত ১
রোবক হকিম মৌলবী আবদুল মজিদকৃত পারস্য ভাষার অভিধান ৪০
রিচার্ডসন কৃত ইং পারস্য এবং পারস্য ও ইং ডিকসনরি ২ বালম ৫০
রোম দেশীয় ইতিহাস ৩
গ্রীক দেশীয় ঐ ঐ ৩
ইংলণ্ড দেশীয় ঐ ঐ ৩
ভারতবর্ষীয় ঐ ঐ ৬
প্রাচীন ইতিহাস ২
ন্যায়দর্শন ২।।০
পুরাবৃত্ত বিবরণ ১
কেরি কৃত বাং ইং ডিকসনরি .. ৫০
রামকমল কৃত ইং বাং ঐ ৩০
রাজা রামমোহন রায়ের জীবন চরিত্র ।০
কাসক্রুকের অমরকোষ ৮
মেকনাইট কৃত হিন্দু লা ২০
গবর্ণমেণ্ট রিগুলেসন ১৭৯৩ নাং ১৮৩৩ ইং সাল ৯ বালাম ১০০
ঐ ঐ বাঙ্গালা ১০০
ঐ ঐ পারস্য ভাষায় .. ১০০
দেওয়ানী আইনের সারসংগ্রহ ২ বালাম ১০
রাজস্ব সম্পর্কীয় আইনের ঐ ৩
পথ দর্শক গ্রন্থ ২ বালাম ১০
নানাপ্রকারমুদ্রাঙ্কন লৌহ যন্ত্রের আমদানি হইতেছে।

HELLER'S WONDERS.

MAIDAN THEATRE
CALCUTTA

শুক্রবার ১৫ ডিসেম্বর ১৮৭১ সাল।

হেলার সাহেবের ঐন্দ্রজালীক ক্রীড়াগার।

কলিকাতা গড়ের মাঠের [illegible]

প্রতি ক্রীড়ার রজনীতে অসংখ্য লোকের সমাগম হইতেছে!!! আসিয়া দেখ, এ প্রকার আর কখনই দেখি নাই। আর দেখিবারও সম্ভাবনা নাই!

কলিকাতা নিবাসী সম্ভ্রান্ত ও প্রধান প্রধান মহোদয়গণকে এবং সর্ব্ব সাধারণ জনগণকে জ্ঞাপন করা যাইতেছে যে সুবিখ্যাত যাদুকর ও মনোহর বাদ্যকর রবার্ট হেলার সাহেব অসাধারণ গুণযুক্তা এবং যাদু বিদ্যা সম্পন্না বিবি হেলার সহ মিলিত হইয়া নানা প্রকার অদ্ভূত ভোজবাজী ও অভূত পূর্ব্ব ঐন্দ্রজালীক ক্রীড়া সক প্রদর্শন করাইবেন

প্রায় প্রতি সপ্তাহে নূতন২ প্রকার তামাসা প্রদর্শিত হইয়া থাকে।

প্রতি সোমবার বুধবার শুক্রবার ও শনিবার রজনীযোগে এই তামাসা সমারোহের সহিত প্রদর্শিত হইবে।

টিকিটের মূল্য।

অতি উৎকৃষ্ট আসন	৪ টাকা
প্রথম শ্রেণী	৩ টাকা
দ্বিতীয় শ্রেণী	২ টাকা
তৃতীয় শ্রেণী	১ টাকা

রাত্রি ৮ ঘটিকার সময় দারোদ্ঘাটন ও সাড়ে ৮ টার পর ক্রীড়ারম্ভ হইবে।

ক্রীডা স্থলে তামাক কিম্বা চুরাট খাওয়া নিষিদ্ধ

বেলা নয়ঘটীকা হইতে চারি ঘটীকা মধ্যে ক্রীড়াগারে নিভৃত স্থানের বন্দবস্ত হইতে পারিবে।

J, W, Smith,
Manager.

শুক্রবার ১৫ডিসেম্বর ১৮৭১ সাল।

হেলার সাহেবের ঐন্দ্রজালীক ক্রীড়াগার।

কলিকাতা গড়ের মাঠের নাট্য মন্দির।

১৩ ই ডিসেম্বর বুধবার বেলা ৫ ঘটিকার সময় বালক ও বালিকা এবং স্ত্রীলোকদিগের সুবিধার জন্য এক অতিশয় আশ্চর্য্য ও হাস্য জনক ক্রীড়া প্রদর্শিত হইবে। এই কারণে বালক বালিকাদিগকে অর্দ্ধেক মূল্যে প্রবেশ করিতে দেওয়া যাইবেক।

বেলা সাত ঘটিকার পরেই ক্রীড়া সমাপ্ত হইয়া যাইবে।

[illegible]nted and Published by U. C. Auddy at the Poorno Chundrodoy Press No17 Amratola Govind Chaund Dhur's Street Calcutta

সংবাদপূর্ণচন্দ্রোদয়

প্রাত্যহিক পত্র।

[illegible] দিনকরবিরহিতং নাইক্তনাসং নিরুদ্ধং বার্ত্তা সংবাদ সোমং [illegible] [illegible]।
[illegible] সন্তোষে সদব্বুদ্ধবিবিক্তচন্দ্রে সুগোল ভুবোভবোডবাক্তৌ [illegible] সংপূর্ণচন্দ্রোদয়ো[illegible]।

৩৭ খণ্ড ২ পৌষ শনিবার ১২৭৮সাল ইং ১৬ ডিসেম্বর ১৮৭১ সাল। শকাব্দা১৭৯৩ম [illegible]

রেজিষ্টর নং ৫৪

সংবাদপূর্ণচন্দ্রোদয়

২ পৌষ শনিবার সন১২৭৮সাল

সনাতন ধর্ম্মরক্ষণী সভার সভ্যগণ যুবরাজ প্রিন্স অব ওয়েল্স মহোদয়ের স্বাস্থ্য উদ্দেশে ভিন্ন ২ দেবালয়ে সস্ত্যয়ণ আরম্ভ করিয়াছেন। হিন্দু প্রজা মাত্রেরই স্ব ২ কুল দেবতার নিকট এইরূপ সস্ত্যয়ণ কর্ত্তব্য তাহা হইলে অকৃত্রিম রাজভক্তি প্রদর্শিত হয়।

আমরা সটিক সংবাদ পাইলাম যে প্রিন্স অব [illegible] দিনই আরোগ্যাবস্থা প্রাপ্ত হইতেছেন। রোগের ভয়ানক চিহ্ন সকল অদৃশ্য হইয়াছে নাড়ি ক্রমশঃ উৎকৃষ্ট ভাব ধারণ করিতেছে এবং শরীর সবল হইতেছে। নিদ্রাদেবী তাঁহার প্রতি সদয় হইয়াছেন এবং রোগ যন্ত্রণাও পুর্ব্বের ন্যায় নাই।

পুলিস কমিস্যনর শ্রীযুক্ত হগ সাহেব ইণ্ডিয়ান ডেলি নিউসের যন্ত্রাধ্যক্ষ এবং প্রচারকের নামে অভিযোগ জন্য এক সমন বাহির করিয়াছেন। অভিযোগ এই যে উক্ত যন্ত্রাধ্যক্ষ একটী চা-ক্ষেত্র লাটারি বিষয়ক একটী বিজ্ঞাপন উক্তপত্রে প্রচার করিয়া দণ্ডবিধির ব্যবস্থানুযায়ী দণ্ডার্হ হইয়াছেন। ১৮৭০ সালের দণ্ড বিধির সংশোধিত ২৭ আইনের উক্ত ধারা আমাদিগের নয়নপথে এ পর্য্যন্ত পতিত হয় নাই এই জন্যই তদ্বিষয়ে এ পর্য্যন্ত আমাদিগের বক্তব্য প্রকাশ করিতে পারি নাই লাটারি বিষয় নিবারণার্থ বহুদিবস গত হইল আমরা পূর্ণচন্দ্রোদয়ে প্রস্তাব লিখিয়াছিলাম কিন্তু গবর্ণমেণ্ট যে তাহা নিবারণ জন্য দণ্ড বিধিতে বিধান করিয়াছেন তাহা এ পর্য্যন্ত অবগত হই নাই। লাটরিতে দ্যুত ক্রীড়ায় যে কোন ভেদ নাই তাহা আমরা পূর্ব্বেই লিখিয়াছি অতএব সে বিষয় নিবারণ করায় রাজপুরুষগণ আমাদিগের প্রশংসা ভাজন হইয়াছেন। লাটরি গ্রহণ জন্য বিজ্ঞাপন প্রচারও দোষ মধ্যে গণনীয় বটে এই জন্যই হগ সাহেব ইণ্ডিয়ান ডেলি নিউস প্রচারকের নামের অভিযোগ করিয়াছেন। যদিও আমরা সহযোগীর এই বিজ্ঞাপন প্রচার জনিত অভিযুক্ত হওয়ায় দুঃখিত হইলাম তত্রাচ রাজপুরুষগণকে লাটরি নিবারণ জন্য এতাদৃশ যত্নবান দেখিয়া ভূরি ২ প্রশংসা না করিয়া ক্ষান্ত থাকিতে পারিলাম না।

বঙ্গ উপন্যাস।

পূর্ব্ব প্রকাশিতের পর।

দিগ্‌বিজয়ের বন্ধু প্রাপ্তি ও বিদ্যা-শিক্ষা।

যিনি দিগবিজয়কে স্বীয় সুদৃশ্য পুরী মধ্যে লইয়া গেলেন, তাহার নাম ইন্দুকান্ত। শৈশবাবস্থায় ইহারা উভয়ে এক বিদ্যালয়ে বিদ্যাশিক্ষা করিয়াছিল। ইন্দুকান্ত বিপদাক্রান্ত বন্ধুকে নিজ প্রাসাদে লইয়া যথা বিহিত সম্মান পূর্ব্বক উভয়ে একাসনে উপবেশন করত সম্বোধন করিয়া কহিল, মিত্র! তোমার ঈদৃশ্য অবস্থা অবলোকন করিয়া আমার চিত্ত অত্যন্ত ব্যাকুল হইতেছে অতএব ইহার সমস্ত বৃত্তান্ত প্রকাশ করিয়া শোকাকুল মনকে পরিতৃপ্ত কর। তখন দিগ্‌বিজয় কহিল, বন্ধোঃ! অদৃষ্টই কার্য্যের সকল মূল, আমার অদৃষ্টক্রমেই এই দুরবস্থাধীন হইয়াছি। অনন্তর ইন্দুকান্ত অন্য কোন বাক্য ব্যক্ত না করিয়া তাহার শুশ্রূষায় নিযুক্ত হইল এবং নানা প্রকার সুস্বাদু মিষ্টান্নাদি দ্রব্য আনয়ন করত বন্ধুকে ভক্ষণের নিমিত্ত অনুরোধ করিলে, দিগবিজয় ভক্ষণ করিয়া ক্ষুত্তৃ প্রায় দেহকে পরিতৃপ্ত করিল, এবং কিঞ্চিৎ স্নিগ্ধ হইয়া বন্ধু সমীপে নিজ দুরবস্থার বৃত্তান্ত সমুদয় প্রকাশ করিয়া কহিল! ইন্দুকান্ত বন্ধুর এতাদৃশ্য দুরদৃষ্টের বিবর [illegible] হইয়া সম্বোধন করিয়া কহিল, সখে! [illegible]দ্যাবধি আমার যথাসাধ্য তোমার ভরণ পোষণ করিতে সঙ্কল্প করিলাম, তাহাতে তোমার কোন মাত্র ত্রুটি হইবেক না। দিগবিজয় কর্ত্তৃক ঈদৃশ সাহায্য প্রাপ্তে তাহার প্রাসাদে, একত্রে শয়ন, ভোজন ও এক অধ্যাপকের নিকট বিদ্যার্জ্জন করিতে আরম্ভ করিল। এবং মুহূর্ত্তের নিমিত্তও অন্য কার্য্যে ব্যাপৃত থাকিত না, তজ্জন্য স্বল্পকাল মধ্যেই বন্ধু অপেক্ষা শ্রেষ্ঠ ও কিঞ্চিৎ ব্যুৎপত্তি দর্শাইতে লাগিল। অতঃপর [illegible] শিক্ষক অত্যন্ত সন্তুষ্ট হইয় একদা বলিলেন যে "দিগবিজয় যদ্যপি আর কিছুকাল মনোযোগের সহিত পাঠাভ্যাস করে, তবে সত্বরেই আমা অপেক্ষা বিদ্যাবান হইবে।" ফলতঃ দিগবিজয় অচিরকাল মধ্যে তাহাই হইল। তখন শিক্ষক, এই সময় তাঁহার শিক্ষকতা কার্য্য পরিত্যাগ করাই শ্রেয়স্কর, নতুবা লোক সমাজে হাস্যাস্পদ হইতে হইবেক বিবেচনা করিয়া, এক দিবস ইন্দুকান্তকে কহিলেন, শিষ্য! বহু দিবস হইল আমি জন্মভুমি পরিত্যাগ করিয়া এই রাজধানীতে আসিয়াছি, সম্প্রতি একান্ত বাসনা হইয়াছে যে তথায় গমন করতঃ পিতা, ভ্রাতা, ভগিনী, স্ত্রী, পুত্র এবং অন্যান্য সুহৃদ্বর্গের সহিত সাক্ষাৎ করিয়া মনকে পরিতৃপ্ত করিব, অতএব আমার পুনরাগমন পর্য্যন্ত তুমি তোমার বন্ধু দিগবিজয় হইতে পাঠশিক্ষা করিবে, বোধ করি ইহাতে কোন আপত্তি না থাকিতে পারে? ইন্দুকান্ত এই বাক্য শ্রবণানন্তর সম্বোধন করিয়া কহিল, গুরোঃ! ইহাতে আমার কোন আপত্তি বা বাধা নাই, আমি আমার প্রিয়তমের নিকটেই

পাঠাভ্যাস করিব, কিন্তু আপনি শীঘ্র প্রত্যাগমন করিবেন।

পাঠক! এতদ্ব্যতীত তথাকার মন্ত্রীর চিত্তচপলা নাম্নী কান্তিমতী অসূর্য্যম্পর্শ্যরূপা এক কুমারী ঐ অধ্যাপকের নিকট শিক্ষার্জ্জন করিত। শিক্ষাগুরু স্বদেশ গমন মানস করিয়া চিন্তা করিলেন যে, এই দিগবিজয় ভিন্ন ঐ কুমারীকে আর কেহই শিক্ষাদান করিতে সক্ষম নহে। অতএব তিনি ইন্দুকান্ত সখাকে ঐ কুমারীর শিক্ষাদানের ভারার্পণ করিলে সেই দেশত্যাগী রাজকুলোদ্ভব তাহাতে সম্মত হইয়া শিক্ষকাদেশ শীরে ধারণ করিল। অনন্তর শিক্ষক দিগবিজয়কে সমভিব্যাহারে মন্ত্রীর সভায় উপস্থিত হইলেন, এবং সভাস্থিত ব্যক্তিগণ নিস্তব্ধ হইবামাত্র, মন্ত্রীর প্রতি দৃষ্টি করিয়া কহিতে লাগিলেন, "মহাশয়! আমার গর্ভধারিণী প্রসূতা এবং সর্ব্ব পরিজন সমূহকে দেখিতে মানস হওয়াতে স্বদেশ যাত্রায় বাসনা করিয়াছি এবং যদ্যপি অভিরুচি হয় তবে আমার এই প্রধান শিষ্যকে আপনকার কন্যার শিক্ষাহেতু নিযুক্ত করিয়া স্বদেশ যাত্রা করি।" অধ্যাপকের এই বচন সমাপ্ত হইবামাত্র মন্ত্রী তৎক্ষণাৎ সম্মত হইলেন। অতঃপর ইন্দুকান্ত ও মন্ত্রীর নিকট হইতে বিদায় লইয়া শিক্ষাগুরু নিজালয়াভিমুখে প্রয়াণ করিলেন।

ক্রমশঃ

শ্রী হীরালাল দত্ত।

সংবাদ সারাবলী।

পদপ্রাপ্তি।

অবগতি হইল যে লার্ড ইউলিক ব্রাউন মেং হগের কার্য্যে নিযুক্ত হইবেন। সংবাদটী যদ্যপি সত্য হয় তাহা হইলে কলিকাতার সাধারণের আনন্দ জনক বটে। কারণ মেং রবার্টসের পদ পরিত্যাগে সকলেই দুঃখিত হইয়াছেন তবে তাহার মূল সূত্র যিনি তিনিও কলিকাতা হইতে একেবারে গমন করেন ইহা সকলেরই ইচ্ছা।

মেল।

আগত জানুয়ারি মাস হইতে শুক্রবার মেল যাইবে। ইহা বলা বাহুল্য যে এত দিন অবধি বুধবারে যাইত, মেল দিনের এবার অতি ত্বরায় পরিবর্ত্তন হইয়াছে।

যুদ্ধ।

লুসে যুদ্ধে প্রবৃত্ত হওয়া পর্য্যন্ত ইংরাজ সৈন্যদিগের সাতিশয় জ্বর হইতেছে। বোধ হয় লুসেরা পরাজিত হইল না, কেননা অনেক দুর্ঘটনা সংঘটন হইতেছে।

ব্যারাম।

কৃষ্ণনগরের অন্তর্গত বারুইপাড়া নামক পল্লীতে সাতিশয় জ্বর রোগের প্রাদুর্ভাব হইয়াছে। একারণ গবর্ণমেণ্ট কলিকাতা হইতে একজন বিজ্ঞ সুযোগ্য ডাক্তর প্রেরণ করিয়াছেন এবং একটী আপাততঃ হাসপাতাল সংস্থাপন করা হইয়াছে। তথাকার মিউনিসিপল সভা যদ্যপি ঐ হাঁস্পাতালটীর প্রতি বিশেষ মনোনিবেশ না করেন তাহা হইলে গবর্ণমেণ্ট বোধ হয় তুলিয়া দিবেন।

ব্যামোহ।

রাজকুমারের ব্যামোহের সংবাদ তারে নিত্য প্রাপ্ত হওয়া যাইতেছে। অদ্যাবধি তাঁহার জীবন প্রাপ্তের বিঘ্ন দেখা যাইতেছে না।

বিচার।

আমাদিগের পাঠকগণের স্মরণ থাকিতে পারে ইতিপূর্ব্বে এই পত্রিকা স্তম্ভে তিনকড়ি ব্যাপার বিষয় যাহা লিখিত হইয়াছিল তাহার মীমাংসা হইয়া গিয়াছে। ঐ তিন জন জুয়াচোরের মধ্যে একজন পুরাতন চোর বলিয়া তাঁহার চারি বৎসরের ও অপর দুই জনের দুই২ বৎসর করিয়া কারাবাসের আজ্ঞা দেওয়া হইয়াছে। বিচারটী গত শেসনে হইয়া গিয়াছে।

জলমগ্ন।

সে দিবস একখানি চাউল পূর্ণ তরী ছয় জন নাবিক সমেত হাটখোলার ঘাটের সন্নিকট জলমগ্ন হইয়াছিল। চাউল কিছু মাত্র প্রাপ্ত হওয়া যায় নাই এবং পাঁচ জন নাবিক একেবারে মগ্ন হইয়া প্রাণ হারাইয়াছে।

প্রতারণা।

একজন ইংরাজ একটী স্ত্রীলোকের নিকট হইতে দুই খানি তৃতীয় শ্রেণীর টিকিট লইয়া অপর আর এক জনকে বিক্রয় করণ অপরাধ জন্য দুই মাসের কারাবাসের অনুজ্ঞা প্রাপ্ত হইয়াছেন। ইহা বলা বাহুল্য যে এই ঘটনাটী কানপুরে সংঘটন হইয়াছিল।

জুয়াচুরি।

একজন ইংরাজ একখানি হাজার নোট লইয়া তাঁহার দরয়ানকে ভাঙ্গাইবার জন্য ব্যাঙ্কে প্রেরণ করেন। ঐ দরওয়ান ছয় শত টাকা রোক ও চারি শত টাকার দশ টাকার নোট লইয়া স্বদেশে পলায়ন করিয়াছে।

পদপ্রাপ্তি।

অবগতি হইল যে মেং মিলার দক্ষিণ বিভাগের মাজিস্ট্রেট রহিলেন এবং মেং টমাস জেমস উত্তর বিভাগের মাজিস্ট্রেট থাকিবেন।

গেজেট।

লেপ্টেনেণ্ট গবর্ণরের আদেশানুসারে নিয়োগ

রেবিনিউ ও জেনেরল ডিপার্টমেণ্ট

১১৯ নম্বর

ছুটী।

১৮৭১ সাল ২৩ নবেম্বর।

পাটনা কালেজের সহকারী অধ্যাপক শ্রীযুত জে বেরেণ্ট সাহেব পীড়া প্রযুক্ত ইউরোপে যাইবার ছুটী হইতে প্রত্যাগমন করিয়া যে তারিখে বোম্বাইয়ে পঁহুছেন তাহার পর দিন অর্থাৎ গত মাসের ২৭ তারিখ অবধি পাঁচ দিন উপকরণার্থ ছুটী পাইয়াছেন।

সির্বর্ণাড

বঙ্গদেশের গবর্ণমেণ্টের।

একটিং সেক্রেটারী।

প্রেরিত পত্র।

মান্যবর শ্রীযুক্ত সংবাদ পূর্ণচন্দ্রোদয় সম্পাদক মহাশয় সমীপেষু।

সম্পাদক মহাশয়! অনুগ্রহ পূর্ব্বক আপনার সংবাদ পূর্ণচন্দ্রোদয় পত্রৈক পার্শ্বে নিম্ন লিখিত বিষয়টী স্থানপ্রদান করিয়া চির বাধিত করিবেন।

মঙ্গলাচরণ।

তোটক।

("টালা জ্ঞানদীপিকা" সভার তৃতীয় সাম্বৎসরিক সভায় পঠিত।)

জয় সত্য সনাতন বিশ্বপতি।
জয় নিত্য নিরঞ্জন জীব গতি॥
জয় জীবের জীবিকা জন্মদাতা।
জয় জীবন জন্মারি তু বিধাতা॥

জয়হে ধারয়িত্রী ধারী ভূপতি।
কাতরে করিছে তোমারে প্রণতি॥
নমঃ নির্গুণ নির্জ্জর চিন্ময় হে।
সবে চিদ্রূপ হে আপনাকে কহে॥
তুমি অক্ষয় অজেয় অন্তর্য্যামী।
তব ভক্তি সেবা নাহি জানি আমি॥
তব ভাবুক ভাবনা ভাব ধারী।
তব ভাবাভাবে থাকিতেছে নারী।
ভবেতে ভাবকে ভাবিলে সম্ভাবে।
ভবদীয় ভাবে কভু নাহি যাবে॥
তুমি দীনের দীনতা দূর কারী।
তুমি ভক্তজনের হে পাপহারী॥
কুশলে পালীতে জীব জন্তুগণে।
কত বস্তু দিয়াছহে ভুভবনে॥
কর পূর্ণ আশা মম এ মিনতি।
দেহ সভ্যগণে সবে ধর্ম্ম মতি॥
কর তাড়িতে শত্রুকে মন্দমতি।
কর "জ্ঞানদীপিকারে, আয়ুষ্মতী॥

শ্রী বাণীনাথ নন্দী।
সাং শিকদার বাগান।

২৮ অগ্রহায়ণ।
১২৭৮ সাল।

দ্রব্যাদির মূল্য।

চাউল
বালাম ২৸০
ঐ ধানী ২
ঐ দুগী ১৸০
ঐ পূরবী ১৸৴০
কাজলা ১৷৵০
ধান্য ১৴০
অরহর ২৷৵১০
,, কাইল ২৷৵১০
মাসকলাই ১৷৴১০
কালী ঐ ৷৴০
সোনামুগ ৩৷৴০
ঐ হালি ২৷০
ঐ কৃষ্ণ ২৷৵০
মুসুরী ১৸৵০
ঐ দাইল ২৷০
মটর পায়রা ১৷৵০
ঐ দাল ১৸০
পাটনাই খেসারী ১৸৴
,, দেশী ১৷৷৵০
,, দাইল ২৷০
পাটনাই বুট ২
,, চড়া ১৸৴০
মটর ১৷৷০
সাদা ছোলা ৪
বরবটী ৮
ভুদেগম ২৵০
,, গঙ্গাজলী ২৷০
,, জ মাজী ১৸০
তিল ৪
,, দেশী ২৷৷০

শেরাজগঞ্জেরপাট৩৷
রাই গঞ্জের ২৷৵০
দেশী ২
সোন ৩৷৵০
দেশী ২৷৷৵০
চাউল দেশী ২৸০
পোস্তদানা ৩৴০
সরিষা ৩৷৵০
দুর্গাপুরে ২৴০
সেরাজগঞ্জ ২৴১০
সাহেব গঞ্জ ২৷৵০
পাট সেরাজগঞ্জ ৩৵
,, রাই গঞ্জ ২৷৴০
,, দেশী ২
সাঁচিথাড় ৫
গুড় ৪৷৷০
জাহাজী শুপারী ৫৷৷
,, দেশী ৫৸০
পুরদেশীয় হরিদ্রা ৫
,, দেশী ৪৷০
গোয়াল পাড়ার সরিসা ২৸০
নাথ পুরে ২৷৵০
চড়া ২৷৷০
রাই ১৷৵০
তামাক
হংলী ৫৷০
তামাকু মাল্লাভা ২৷৷৵
তামাকু রঙ্গপুর ৯
তামাকু কোতরা ৫৷৷
গাওয়া ঘৃত ২৪

,, মেহের পুরে ২৭৷৴
মহিষা ঘৃত ২৭৷৷০
মোটকি ঘৃত ২৪
গুড় খাজুরে ৫
,, কোতরা ৪
তৈলকটু ১৫
,, তিল ১১৷৷০
,, গড়গড়ে ১০
পুলতামাকু ৫৷০
ধান্যমেওরা ১৷৵০
,, পোশাকী ১৷৴০
,, মোটা ১৷৵০
আউপ পাটনাই২৷৵
তামু পরাতন ৩২৷৷০
,, বোলট ৩৫
,, প্রেক ৩০
,, শীষ আমিরিকা
উত্তম ৩৫৷০
, কাটীরুসীয়া ২৯৷৷০
লোহা ছইডনপাটী
মেম [illegible]
,, ,, গরাদে [illegible]
,, ইংলিস পাটা ৩০
,, ,, গরাদে ৩৷৵০
,, ,, গোলগর দে ৪৷০
,, ,, বৌগুরড [illegible]
,, ,, চোক [illegible]
,, ,, প্রেককাসী ৪৷৵
,, ,, চাদর পতর
বড়সাইজ ৪০০
,, ,, কড়া ৪৷৷০

,, ,, কেন্টলেজ [illegible]
ইস্পাত সুইডসজমো ৪৷৷০
,, ইংলিস ৫
,, ফোস্কাপাটী [illegible]
শিসা শুকচুপ [illegible]
,, ছাপ [illegible]
,, চাদর [illegible]
ছিটাগুলি
১ নাং ১১ নম্বরিয়া ৪
দস্তা [illegible]
টীনপেলেট বাক্স১৬৴
রাঙ্গ সের ২৷০
রৌপ্য স্বর্ণাদির মূল্য
মোহর [illegible]
মান্দ্রাজী মোহর [illegible]
পুরাতন মোহর ২১৵
চিং স্বর্ণকাসি ১৬৷৷৵
ক্ষুরাস্বর্ণ ১৪৸০
১ শত ছবি
[illegible] ১২০৷৷
[illegible] ৫
[illegible] ৮৷০
[illegible] ৬৷৷০
[illegible] ৪৷৴
[illegible] ৪৷৷০
[illegible] ৪
নিরসা ২৷০
,, মাজারি ৩
,, ভারি ৩৴

বিজ্ঞাপন।

কলিকাতা মিউনিসিপালিটী।

নিম্ন সংলগ্ন তকশীলে লিখিত দ্রব্যাদি চুক্তি করিয়া সরবরাহ করণ জন্য নিম্ন স্বাক্ষরকারী কর্ত্তৃক সন ১৮৭১ সালের ডিসেম্বর মাহার ২১ শে তারিখ বৃহস্পতিবার বেলা দুই প্রহর পর্য্যন্ত মোহরাঙ্কিত বায়নাপত্র গৃহীত হইবেক।

বায়নাপত্রের শিরোনামায় গো মহিষাদির খাদ্য দ্রব্যের বায়নাপত্র "বলিয়া লিখিত থাকিবেক এবং তৎসম্বলিত দ্রব্যাদির নমুনা পাঠাইতে হইবেক। আর বায়নাপত্রে প্রত্যেক দ্রব্যের মূল্যের হার ও লিখিতে হইবেক।

বায়নাপত্র সম্বলিত প্রত্যেক দ্রব্যের বায়না স্বরূপ একশত টাকা আমানত করিতে হইবেক।

দ্রব্যাদী	যে সময়ের জন্য চুক্তি করিতে হইবেক।	চুক্তির সময় মধ্যে অনুমান যত দ্রব্য গড়ে সরবরাহ করিতে হইবেক।	কোথায় দ্রব্যাদী দাখিল করিতে হইবেক।	অনুমান মাসে কতদ্রব্য আবশ্যক।	চুক্তির জন্য জামিন স্বরূপ কত টাকা আমানত করিতে হইবেক।	দ্রব্যাদির গুণ।
ছোলা	ইং সন ১৮৭২ সালের ১লা জানুয়ারি অবধি ৩১ ডিসেম্বর পর্য্যন্ত।	১২০০০মোন	উত্তর এবং দক্ষিণ গোশালায়।	১০০০ মোন	এক মাসে যত দ্রব্য যত হইবেক তন্মূল্যের সমান টাকা।	পাটনাই পরিষ্কার ও উত্তম।
খড়		২৬, ৪০০ ঐ		২২০০ ঐ		
শুষ্ক ঘাস		২, ৪০০ ঐ		২০০		

R. TURNBULL,
Secretary to the Justices of the Peace.
রবার্ট টরণবুল।
জষ্টিস অবদি পিসদিগের সেক্রেটারী।

কলিকাতা।
তারিখ ১২ ডিসেম্বর।
সন ১৮৭১ সাল।

CIRCUA

Mr. P Decosta, who has been brought up as a Mechanical Engineer under Government and who was subsequently employed as Chief Engineer on steamers for several years, having set himself up as a Gas-Fitter and Authorized Plumber in connection with the Water-Works will be happy to undertake jobs on moderate terms. His experience of twenty-two years in his line of business, will, he trusts serve as a sufficient guarantee for his ability in executing all orders satisfactorily.

Calcutta, No. 30, Zig Zag Lane.

বিজ্ঞাপন।

মেষ্টর পি, ডিকাষ্টা সাহেব যিনি গবর্ণমেন্টের অধিনে থাকিয়া পরীক্ষোত্তীর্ণ হইয়া ক্রমাগত কয়েক বৎসরাবধি বাষ্পীয় জাহাজে চিফ ইঞ্জিনিয়ারের পদে কার্য্য নির্ব্বাহ করিয়াছেন এক্ষণে স্বয়ং ক্ষমতা প্রাপ্ত গ্যাসফিটরি ও জলের কল সংক্রান্ত কার্য্য নির্ব্বাহের কারখানা করিয়াছেন, অতএব তিনি উক্ত শ্রেণির কর্ম্মে বাইশ বৎসর লিপ্ত থাকা প্রযুক্ত সুচারুরূপে তৎকর্ম্মে দক্ষতা লাভ করিয়াছেন, এক্ষণে সাধারণে তাহাকে উক্ত কর্ম্ম প্রদানে উৎসাহিত করিলে বোধ হয় তিনি সকলের চিত্তরঞ্জন করিতে সমর্থ হইবেন তাহার কোন সন্দেহ নাই।

কলিকাতা।
৩০ নং জিগ ২ লেন।

বিজ্ঞাপন।

কলিকাতা নগরের সিমানার বহির্ভাগে পাটের গুদাম স্থানান্তরিত করণের বিষয়।

ইষ্টারণ বেঙ্গল রেলওয়ে কোম্পানি সংবাদ প্রদান করিতেছেন যে সকল জমি সিয়ালদহের রেলওয়ে কোম্পানির পার্শ্ববর্ত্তী আছে তাহাতে যে কোন ব্যক্তির পাট রাখিবার জন্য পাটের গুদাম ও পাটের কল কিছু দিবসের অথবা বহু কালের জন্য নির্ম্মাণ করিবার আবশ্যক হয় তাহার নিমিত্ত উচিৎ মূল্য প্রদান করিলেই পাইতে পারিবেন উপরোক্ত ইষ্টারণ বেঙ্গল রেলওয়ে কোম্পানির পার্শ্ববর্ত্তী সরকিউলর খালের কিনারায় মধ্যেও জায়গা পাইতে পারিবেন।

Franklin Prestage,
Agent.

ফ্রাঙ্কলিন প্রেষ্টেজ।
এজেন্ট।

সিয়ালদহ।
রেলওয়ে কারখানা।
তাং ৮ ডিসেম্বর ১৮৭১ সাল।

কাল দর্শক যন্ত্র।

একটী টিন নির্ম্মিত আধার মধ্যে কতক গুলিন মুদ্রিত তাস আছে তাহাতে বাঙ্গলা বৃহৎ অক্ষরে শকের ১২৬০ অবধি ১২৮১ পর্য্যন্তের সন মাস বার ও দিবস দিবা রাত্রি নক্ষত্র দর্শন হয় মূল্য ।০ আনা

বিজ্ঞাপন।

শব্দাম্বুধি ৩৮০০০এর শব্দের অর্থাৎ সম্বলিত ২।০
মুগ্ধবোধাভিধান ২০০০০ ঐ …ঐ ১
অমরার্থ দীধিতি … ১
হরিভক্তি বিলাস সটীক .. ১০
সর্ব্বাথ পূর্ণচন্দ্র ইহাতে অষ্টাদশ পুরাণের অনুবাদ গৌড়ীয় ভাষায় ১অবধি ৩৫ সংখ্যা পর্য্যন্ত…৮৷৷
প্রতি মাসে এক ২ খণ্ড প্রকাশ হইতেছে.. ।০
শ্রীমদ্ভাগবত গৌড়ীয় ভাষায় অনুবাদিত … ৮।
ওয়ার্ড কৃত হিন্দুদিগের বিবরণ ২ বালাম…২০
গীতাবলি .. ।০
অষ্টাদশ পর্ব্ব মহাভারত, প্রায় সহস্র পৃষ্ঠা ৪
সপ্তকাণ্ড রামায়ণ ২
আরব্যোপাখ্যান ১ নাং ৫ পঞ্চম খণ্ড .. ৫
অপূর্ব্বোপাখ্যান. ২
বত্রিশ সিংহাসন, ১
অ ডাকৃত ইং বাং ডিকসনারি অর্থাৎ ইং শব্দের ইং ও বাং অর্থসম্বলিত ৭২০ পৃষ্ঠা এ প্রকার ডিকনারি পূর্ব্বে কখন প্রকাশ হয় নাই ৫
শিবসংকীর্ত্তন ১
শকুন্তলার ইংরাজী অনুবাদ। ১
প্রবোধচন্দ্র নাটক ১
অষ্টাদশ পুরাণের অনুক্রমণিকা ।০
হিতোপদেশ ইং বাং সং ২
কাজির বিচার ।০
অন্নদামঙ্গল, বিদ্যাসুন্দর মানসিংহ চোরপঞ্চাশত এক জেলদ ১০ খণ্ড প্রতিমূর্ত্তী সম্বলিত ১
ব্লোবক হকিম মৌলবী আবদুল মজিদকৃত পারস্য ভাষার অভিধান ৮০
রিচার্ড্সন কৃত ইং পারস্য এবং পারস্য ও ইং ডিকসনরি ২ বালম ৫০
রোম দেশীয় ইতিহাস ৬
গ্রীক দেশীয় ঐ ঐ ৩
ইংলণ্ড দেশীয় ঐ ঐ ৩
ভারতবর্ষীয় ঐ ঐ ৩
প্রাচীন ইতিহাস ২
ন্যায়দর্শন ২৷৷০
পুরাবৃত্ত বিবরণ ১
কেরি কৃতবাং ইং ডিকসনরি .. ৫০
রামকমল কৃত ইং বাং ঐ ৩০
রাজা রামমোহন রায়ের জীবন চরিত্র ।০
কালব্রুকের অমরকোষ ৮
মেকনাইট কৃত হিন্দু ল ২০
গবর্ণমেন্ট রিগুলেসন ১৭৯৩ নাং ১৮৩১ ইং রাজী ৯ বালাম ১০০
ঐ ঐ বাঙ্গালা ১০০
ঐ ঐ পারস্য ভাষায় .. ১০০
দেওয়াণী আইনের সারসংগ্রহ ২ বালাম ১০
রাজস্ব সম্পর্কীয় আইনের ঐ ৬
পথ দর্শক গ্রন্থ ২ বালাম ১০
নানাপ্রকারমুদ্রাঙ্কন লৌহ যন্ত্রের আমদানি হইতেছে।

HELLER'S WONDERS.

MAIDAN THEATRE CALCUTTA

সোমবার ১৮ ডিসেম্বর ১৮৭১ সাল।

হেলার সাহেবের ঐন্দ্রজালীক ক্রীড়াগার।

কলিকাতা গড়ের মাঠের নাট্য মন্দির।

প্রতি ক্রীড়ার রজনীতে অসংখ্যক লোকের সমাগন হইতেছে!!! আসিয়া দেখ, এ প্রকার আর কখনই দেখি নাই। আর দেখিবারও সম্ভাবনা নাই!

কলিকাতা নিবাসী সম্ভ্রান্ত ও প্রধান প্রধান মহোদয়গণকে এবং সর্ব্ব সাধারণ জনগণকে জ্ঞাপন করা যাইতেছে যে সুবিখ্যাত যাদুকর ও মনোহর বাদ্যকর রবার্ট হেলার সাহেব অসাধারণ গুণযুক্তা এবং যাদু বিদ্যা সম্পন্না বিবি হেলার সহ মিলিত হইয়া নানা প্রকার অদ্ভুত ভোজবাজী ও অদ্ভুত পূর্ব্ব ঐন্দ্রজালীক ক্রীড়া সক প্রদর্শন করাইবেন

প্রায় প্রতি সপ্তাহে নূতন২ প্রকার তামাসা প্রদর্শিত হইয়া থাকে।

প্রতি সোমবার বুধবার শুক্রবার ও শনিবার রজনীযোগে এই তামাসা সমারোহের সহিত প্রদর্শিত হইবে।

টিকিটের মুল্য।

অতি উৎকৃষ্ট আসন	৪ টাকা
প্রথম শ্রেণী	৩ টাকা
দ্বিতীয় শ্রেণী	২ টাকা
তৃতীয় শ্রেণী	১ টাকা

রাত্রি ৮ ঘটীকার সময় দারোদ্ঘাটন ও সাড়ে ৮ টার পর ক্রীড়ারম্ভ হইবে।

ক্রীডা স্থলে তামাক কিম্বা চুরাট খাওয়া নিষিদ্ধ

বেলা নয়ঘটীকা হইতে চারি ঘটীকা মধ্যে ক্রীড়াগারে নিভৃত স্থানের বন্দবস্ত হইতে পারিবে।

J, W, Smith,
Manager.

সোমবার ১৮ডিসেম্বর ১৮৭১ সাল।

হেলার সাহেবের ঐন্দ্রজালীক ক্রীড়াগার।

কলিকাতা গড়ের মাঠের নাট্য মন্দির।

১৮ই ডিসেম্বর সেমাবর রাত্রি ৯ ঘটিকার সময় বালক ও বালিকা এবং স্ত্রী লোকদিগের সুবিধার জন্য এক অতিশয় আশ্চর্য্য ও হাস্য জনক ক্রীড়া প্রদর্শিত হইবে। এই কারণে বালক বালিকাদিগকে অর্দ্ধেক মূল্যে প্রবেশ করিতে দেওয়া যাইবেক।

বেলা সাত ঘটিকার পরেই ক্রীড়া সমাপ্ত হইয়া যাইবে।

Printed and Published by U. C. Auddy at the Poorno Chunderdoy Press No17 Amratola Govind Chaund Dhur's street Calcutta

সংবাদ পূর্ণচন্দ্রোদয়

প্রাত্যহিক পত্র।

[illegible] দিবানিশং [illegible] সংবাদ [illegible]
[illegible] বদ্বত্র সমুদিতশ্চন্দ্র [illegible] সংবাদচন্দ্রোদয়ো [illegible]

[illegible] ৫ পৌষ মঙ্গলবার ১২৭৮ সাল ইং ১৯ ডিসেম্বর ১৮৭১ সাল। শকাব্দা ১৭৯৩ মাসিক ১ টাকা অগ্রিম ৮ টাকা নং [illegible] ৭০

রেজিষ্টর নং ৫৪

সংবাদপূর্ণচন্দ্রোদয়

৫ পৌষ মঙ্গলবার সন ১২৭৮ সাল

দেবালয় প্রভৃতিতে দান করিয়া যে সকল ধার্ম্মিক হিন্দুগণ আপনাদিগের কীর্ত্তি স্থাপন করিয়া গিয়াছেন তাঁহাদিগের অর্থ তাহাদিগের ইচ্ছানুযায়ী ব্যয়িত প্রায় হয় না। সম্প্রতি তাহার এক দৃষ্টান্ত পাওয়া গিয়াছে। অর্থাৎ বর্দ্ধমানের জনৈক মোহন্ত দাতার ধর্ম্মার্থে প্রদত্ত অর্থের উপস্বত্ব হইতে প্রকৃত কার্য্যে শৈথিল্য করিয়া আপন রক্ষিত বারাঙ্গনাকে বিংশতি সহস্র মু[illegible] অলঙ্কার প্রদান করিয়াছেন এরূপ দৃষ্টান্ত অনেক আছে। অতএব আমাদিগের এই সকল দাতাগণের ইচ্ছামত কার্য্য হয় কিনা তাহার অনুসন্ধান রাখেন। উপরোক্ত প্রকার দাতাগণ যাঁহাদিগকে তাঁহাদিগের প্রদত্ত অর্থ ব্যয় করিবার অধ্যক্ষ করিয়া যান তাহারা দাতার ইচ্ছানুযায়ী কার্য্য না করিলে রাজার এবিষয়ে হস্তক্ষেপ করা অতীব কর্ত্তব্য সোমপ্রকাশ সম্পাদক ইতিপূর্ব্বে প্রস্তাব করিয়াছেন যে গবর্ণমেণ্ট এদান সকলের হিসাব দেখিবার জন্য একটী কমিস্যন নিযুক্ত করুন। এবং যাহারা দাতার ইচ্ছার বিরুদ্ধে কার্য্য করেন তাহাদিগকে পদচ্যুত করিয়া আপনারা ঐ ভার গ্রহণ করেন। আমরা এ প্রস্তাবের সম্পূর্ণ পোষকতা করিলাম কিন্তু তাঁহার একটী প্রস্তাবে আমরা সম্মত হইতে পারিলাম না। তিনি বলেন যে দাতার ইচ্ছানুযায়ী ব্যয় করিয়া যদিস্যাৎ কিছু অর্থ বাঁচে তাহা রাজপথের উন্নতি এবং অন্যান্য স্বাস্থ্যজনক কার্য্য গবর্ণমেণ্ট ব্যয়িত করিলে ইহা অন্যায় হইবে না। এ প্রস্তাব সম্বন্ধে আমাদিগের বক্তব্য এই যে বর্ত্তমান সময়ে দ্রব্যাদি যেরূপ মহার্ঘ হইয়াছে তাহাতে যে দাতার ইচ্ছানুযায়ী সমুদায় ব্যয় হওয়াই সুকঠিন সুতরাং তাহা হইতে অর্থ বাঁচান প্রায় ঘটিয়া উঠে না এমত অবস্থায় অন্যান্য কার্য্যে তাঁহার প্রদত্ত অর্থ ব্যয়িত হওয়া সম্ভব নহে। কিন্তু যদিই সম্ভব হয় তবে আমাদিগের বিবেচনায় রাজপথের উন্নতির জন্য অথবা অন্য কোন কার্য্যে সে অর্থ ব্যয়িত না হইয়া দাতার ইচ্ছানুযায়ী কার্য্য সকল সেই অর্থে সুচারুরূপে নির্ব্বাহ করাই কর্ত্তব্য। অর্থাৎ যে দাতা ১০০ অতিথী সেবার জন্য কেবল চাউল ডাউলের নিয়ম করিয়া গিয়াছেন অর্থের স্বচ্ছলতা হইলে [illegible] অতিথী গুলিকে চাউল [illegible] অন্যান্য ব্যঞ্জন প্রস্তুত করিয়া পরিতোষ রূপে আহার করাইলে দাতার ইচ্ছা সম্পূর্ণরূপে পূর্ণ করা হয়।

আমরা শ্রবণে আহ্লাদ সাগরে নিমগ্ন হইলাম যে জগন্নিয়ন্তা জগদীশ্বর যুবরাজ প্রিন্স অব ওয়েলস মহোদয়ের প্রতি সদয় হইয়াছেন। যুবরাজ যেরূপ আরোগ্যাবস্থা প্রাপ্ত হইয়াছেন তাহাতে শ্রীশ্রীমতী মহারাণী এবং অন্যান্য রাজ পরিজনেরা সকলেই সন্তোষ লাভ করিয়াছেন। এতদিনে আমাদিগের মনে যুবরাজ যে রক্ষা পাইবেন এরূপ আশার সঞ্চার হইয়াছে এবং শ্রীশ্রীমতী ও গবর্ণর জেনেরেল বাহাদুরকে টেলিগ্রাফ দ্বারা সংবাদ লিখিয়াছেন যে যুবরাজের স্বাস্থ্যের যেরূপ সুলক্ষণ দেখা যাইতেছে ইহা সন্তোষ জনক। কি ইউরোপীয় কি এতদ্দেশীয় সকলেই এই সংবাদ পাঠে সন্তুষ্ট হইবেন, [কেননা তাঁহারা সকলেই জগদীশ্বরের নিকট যুবরাজের স্বাস্থ্য উদ্দেশে প্রার্থনা করিতেছেন।

গত ১২ ডিসেম্বর মঙ্গলবার রজনী অবধি যে ড্রইং রুম দরবার স্থগিত ছিল তাহা মহামান্য গবর্ণর জেনেরেল বাহাদুর ও রাজপ্রতিনিধি এবং সম্মানীয়া শ্রীমতী কৌণ্টেস অব মেও বাহাদুরা ১৮৭১ সালের ডিসেম্বর মাসের ২০ এ তারিখ সে দরবার করিবেন।

গত ৩রা পৌষ সনাতন ধর্ম্মরক্ষিণী সভার এক অধিবেশন হইয়া গিয়াছে। শ্রীযুক্ত রাজা কালীকৃষ্ণ বাহাদুর সভাপতি থাকিয়া কার্য্য সকল সুনির্ব্বাহ করিয়াছেন। সভায় অনেকানেক সম্ভ্রান্ত জনগণ উপস্থিত ছিলেন।

শ্রুত হওয়া গেল রবার্টস সাহেবকে গবর্ণমেণ্ট হইতে ষ্টাম্প ও ষ্টেম্প [illegible] দত্ত হইয়াছিল কিন্তু তিনি তাহাতে নিযুক্ত হইতে সম্মত হয়েন নাই। কোন উচ্চ পদে কর্ম্ম করিয়া পুনরায় তদপেক্ষা নিম্ন পদে নিযুক্ত হওয়া ভদ্র লোকের পক্ষে মৃত্যুবৎ।

ইণ্ডিয়ান পোষ্ট নামক ইংরাজী প্রাত্যহিক পত্রের কলেবর পূর্ব্বাপেক্ষা দ্বিগুণ বৃদ্ধি হইয়াছে। আমরা দেখিয়া সন্তুষ্ট হইলাম। কলেবর বৃদ্ধির সঙ্গে আর ২ বিষয়ে উন্নতিও আমরা দেখিতে ইচ্ছা করি।

শ্রীযুক্ত বাবু বলাই চাঁদ সেন কর্তৃক প্রণীত আকৃতি তত্ত্ব নামক পুস্তকের এক খণ্ড প্রাপ্ত হইয়া আমরা গ্রন্থকার সমীপে কৃতজ্ঞতা স্বীকার করিতেছি। ইহার আদ্যোপান্ত পাঠ করিয়া [illegible] পরে ইহার সমালোচন করি[illegible]

বঙ্গ উপন্যাস।

পূর্ব্ব প্রকাশিতের পর।

দিগ্বিজয়ের শিক্ষকতা।

শিক্ষাগুরু স্বীয় প্রাসাদাভিমুখে [illegible] স্থান করিলেন, এক্ষণে দিগবিজয় তাহার মিত্র (ইন্দুকান্ত) এবং মন্ত্রী কন্যা

(চিত্তচপলা) উভয়কে শিক্ষা প্রদান করিতে আরম্ভ করিল। প্রত্যহ বিভাকালে মন্ত্রীর ভবনে গমন করিতঃ সেই কুমারীর অগ্রস্থিত অধ্যাপকের ন্যায় আধুনিক এবং তাহার সখাকে অন্যান্য সময়ে শিক্ষা দিয়া থাকে।

পাঠক! যদ্যপি আপনকার চিত্তচপলায় পরিচয় গ্রহণ করিতে একান্ত বাসনা হইয়া থাকে, তবে আসুন এই অবকাশে আপনকার সহিত তাহার পরিচয় দিয়াছি।

চিত্তচপলা যে স্থানে পাঠাভ্যাস করিত, তদ্বীয় প্রকোষ্টের চতুষ্পার্শের ভিত্তি সকল নানা বর্ণের প্রস্তরে খচিত ছাদটী খিলানে নির্ম্মিত এবং তাহাতেও ঐরূপ নানা বর্ণের প্রস্তরে খচিত। মেজটীও প্রস্তরে নির্ম্মিত। চতুষ্পার্শের ভিত্তিগুলিতে নানাবিধ দীপ্তি, তদোপরি গ্যাস সংযুক্ত দেওয়ালগিরী। এবং ছাদ নিম্নস্থিত প্রত্যেক খিলান মধ্যে এক একটী বেলোয়ারি ঝাড় দোলায়মান। প্রকোষ্টাভ্যন্তরে নানাবিধ সুগন্ধ দ্রব্যাদিতে পরিপূর্ণ এবং তিনি একখানি [illegible] মেহগ্নী কাষ্ঠ এবং ভেলভেট সংযুক্ত চৌকীর উপরে উপবেশন করিত।

অনূঢ়া রমণিটী যুবতী, সুতরাং সেই প্রকোষ্টাভ্যন্তরে ঐ সকল বহুমূল্য দ্রব্যাদিতে পরিপূর্ণ হওয়াতে এবং সেই রূপরাশী স্বগৌরবে কেমন মনোহর দৃশ্যই হইয়াছিল? পাঠক! বোধ করি আপনি বারেক সেই রূপলাবণ্য দৃষ্টি করিলে ভ্রমেও বিস্মৃত হইতে পারিতেন না। এবং বিবেচনা হইত যে গগণমণ্ডল হইতে শশধর অবরোহণ করতঃ নিজে মানব কায়া ধারণ করিয়া ঐ মন্ত্রী প্রাসাদাস্থিত প্রকোষ্টাভ্যন্তরে অবস্থান করিতেছেন। তাহার বয়ক্রম ন্যূনাধিক ১৫ বৎসর হইবেক। আকৃতি সুডৌল। বর্ণ চম্পক পুষ্পের ন্যায়! মরালদ্বয়ের ডিম্ববৎ বদন। মস্তকের কেশ ঘোর কৃষ্ণ বর্ণ এবং মস্তক হইতে ভূমিতলে পতিত হইয়াছে। নয়নদ্বয় প্রসারিত ও শ্বেত বর্ণ তাহার মধ্যস্থিত তারাদ্বয় ঘোর কৃষ্ণ বর্ণ। ভ্রূদ্বয় ধনুকের ন্যায় এবং নাসিকার অগ্রভাগে মিলিত হইয়াছে। তাহার গালদ্বয় মধ্যম ও লালের আভাযুক্ত। নাসিকা বংশীবৎ বোধ হয় যেন কোন শিল্পি বহুক্লেশে ইহা বাটালিকা দ্বারা খোদিত করিয়াছে। ওষ্ঠাধর গোলাপ পুষ্পবৎ। দন্তশ্রেণী ধপ্ ধপে শাদা ঈষৎ হাস্য করিলে বোধ হয় যেন দুই ছড়া মুক্তার মালা বদন মধ্যে স্থাপন করিয়াছে। গলদেশ মধ্যম এবং রেখাযুক্ত। হস্তদ্বয় নরম। করতল ও অঙ্গুলীগুলি ঈষৎ রক্তবর্ণ। স্তনদ্বয় শক্ত এবং গোলাকৃতি। কোমর সুক্ষ্ম। জঙ্ঘাদ্বয় গোলাকার এবং তাহার পদ নখগুলি তুলার ন্যায় শ্বেতবর্ণ। তিনি যখন পাঠাভ্যাসে বসিত তখন তাহার সম্মুখে সপ্তখানি নানা রঙ্গে চিত্রিত বংশ নির্ম্মিত যবনিকা দোলায়মান থাকিত।

ক্রমশঃ

শ্রী হীরালাল দত্ত।

রাজকর্ম্মে নিয়োগ।

লেপ্‌টেনেণ্ট গবর্ণরের আদেশানুসারে নিয়োগ

রেবিনিউ ও জেনেরল ডিপার্টমেণ্ট

১১৭ নম্বর

১৮৭১ সাল ২৪ নবেম্বর

সিবিল কার্য্য সংক্রান্ত শ্রীযুত আলেকজাণ্ডর মাকেঞ্জি সাহেব নিয়মিত ছুটী হইতে এই মাসের ১৭ তারিখে বোম্বাইয়ে পঁহুছিয়াছেন এমত রিপোর্ট করেন। তিনি আপনি কর্ম্ম পুনর্গ্রহণ করিতে পারিবার নিমিত্তে এই মাসের ১৮ই তারিখ অবধি ছয় দিন উপকরণার্থে ছুটী পাইয়াছেন।

সিবর্ণার্ড

বঙ্গদেশের গবর্ণমেণ্টের। একটিং সেক্রেটারী।

প্রেরিত পত্র।

মান্যবর শ্রীযুক্ত সংবাদ পূর্ণচন্দ্রোদয় সম্পাদক মহাশয় সমীপেষু।

সম্পাদক মহাশয়! অনুগ্রহ পূর্ব্বক আপনার সংবাদ পূর্ণচন্দ্রোদয় পত্রেক পার্শ্বে নিম্ন লিখিত বিষয়টী স্থান প্রদান করিয়া চির বাধিত করিবেন।

এবৎসর যেরূপ বর্ষার অসীম হইয়াছিল তাহাতে অতিশয় সংশ্যা হইয়াছিল তাহাতে ইয়ত্তা দুরুহ কিন্তু জগদীশ্বর সেচ্ছায় সে ভয়াবহ হইতে প্রায় সকল দেশের লোক ত্রাণ পাইয়াছে দুঃখের বিষয় এই যে মান্দ্রাজ জিলাতে শস্য ন্যূন সংখ্যায় হওয়াতে উক্ত প্রদেশে ধান্য ও চাউল প্রাপ্ত হওয়া দুরুহ হইয়াছে মান্দ্রাজ প্রদেশীয় অনেক মহাজন পুরী ও কটক বালেশ্বর জিলাতে আসিয়া ধান্য ও চাউল সংগ্রহ করিয়া লইয়া যাইতেছে সে জন্য উড়িষ্যার উৎপন্ন শস্যের মূল্য বেশী হইয়াছে যে পরিমাণে উড়িষ্যার প্রজাগণ মান্দ্রাজ প্রদেশীয় ব্যক্তিগণকে শস্য বিক্রয় করিতেছেন ঐরূপ পরিমাণে আর কিছু দিন বিক্রয় করিলে ইহারা পশ্চাৎ অনেক দুঃখ পাইবার সম্ভাবনা উড়িষ্যা বাসীগণ শস্য সঞ্চয় না রাখিয়া কি প্রকারে টাকা হস্তগত হইবেক এই চেষ্টায় সকলে ভ্রমে পড়িয়াছে ইহা আপনরা কুশল চিন্তা করিতে অতিশয় শৈথিল্য নিতান্ত অর্থ প্রিয়াসী খাদ্য দ্রব্য সঞ্চয় রাখিলে তাহার কি পর্য্যন্ত সুখ হয় তাহারা একথাটী একবারে মনের মধ্যে স্থান দেন না, উড়িষ্যাতে প্রচুররূপে এবৎসর ধান্য জন্মিয়াছে ব্যক্তিগণ আপন আহারীয় দ্রব্য সম্বৎসরের পরিমাণে রাখিয়া বেশী। যে থাকে তাহা বিক্রয় করিলে তাহারা স্বচ্ছন্দে কাল যাপন করিতে পারিবেক নতুবা পশ্চাৎ গবর্ণমেণ্টকে ইহাদের রক্ষা জন্য কষ্ট পাইতে হইবেক সে জন্য উড়িষ্যার সুবিজ্ঞ কমিসনর শ্রীযুক্ত বেরেন্সা সাহেব উড়িষ্যার লোকেদের মূর্খতা বিবেচনা করিয়া আজ্ঞা প্রকাশ করিয়াছেন যে সমস্ত উড়িষ্যাবাসী আপন খাদ্য দ্রব্য রাখিয়া বেশী যে পরিমাণে লাগিবেক তাহা বিক্রয় করিবে এ বিবেচনাটী অতি সুখ জনক বলিতে হইবেক কারণ গত দুর্ভিক্ষে উড়িষ্যা বাসীগণ অনেক দুরাবস্থা হইয়াছিলেন মান্দ্রাজ বাসীদিগের মধ্যে অনেক মহাজন ও সওদাগর যে স্থানে যে পরিমাণে আহারীয় দ্রব্য প্রাপ্ত হইতেছে তাহা অতি যত্নের সহিত সংগ্রহ করিয়া আপন প্রদেশে জাহাজ দ্বারা পাঠাইতেছেন সাক্ষাৎ কি পর্য্যন্ত ঘটনা হয় পাঠকদিগকে জানাইব।

শ্রী শ্রীনাথ বসু।

সাং পুরী।

তাং ১৭ ডিসেম্বর।

সন ১৮৭১ সাল।

মান্যবর শ্রীযুক্ত সংবাদ পূর্ণচন্দ্রোদয় সম্পাদক মহাশয় সমীপেষু।

সম্পাদক মহাশয়! নিম্ন লিখিত বিষয়টী আপনকার জগদ্বিখ্যাত সংবাদ

পূর্ণচন্দ্রোদয় পত্রেক পার্শ্বে স্থান দানে আমাকে চিরবাদিত করিবেন।

জ্ঞানোন্নতি সাধনের
প্রধান ২ উপায়।

(শ্যামবাজার শুভদায়িনী সভার প্রথম ষাণ্মাসিক সভায় পঠিত।

উপক্রমণিকা।

" নমস্তু জগদাধারং
বাঙ্‌মনোতীত মব্যয়ং।
নিত্যানন্দ ময়ং ব্রহ্ম,
নমামীষ্ট প্রসাধনাৎ॥"

যেই ব্রহ্ম সমুদায় জগত আশ্রয়।
বাক্য মনোনীত স্থল যে জন অব্যয়॥
এমত ব্রহ্মকে যিনি নিত্যানন্দ ময়।
নমস্কার করি আমি ইষ্ট কামনায়॥

তোটক।

কোথাহে করুণাময় বিশ্ব পতি।
কাতরে ডাকিয়ে করিহে প্রণতি॥
নাহি জানি স্তুতি আমি হীনমতি।
করিও করুণা এদাসের প্রতি॥
তুমি নিরাকার হও নীরাকার।
পাপী উদ্ধারিতে কভুবা সাকার।
তোমারি দয়াতে আমরা সকলে।
জন্মিয়া বাঁচিয়া রহেছি ভূতলে।
তুমি লীলা ছলে জীব চক্ষুভূবনে॥
কাহাকে ভুলে কাকেবা গগনে।
সৃজিয়া কত যে মহিমা দেখালে।
বলিতে পারে না কেহ কোন কালে॥
লিখেছ আকাশে আপন বরণ।
দেখাতে জীবেরে পাপীর তারণ॥
তুমি নিত্য নিরঞ্জন জীবগতি।
ভবে নিস্তারহে আমি পাপী অতি॥
তুমি সত্য সনাতন বিশ্ব গুরু।
জীবে কৃপা কর তুমি কল্পতরু॥
অসীমা মহিমা উপমা কে দিবে।
নামের ভজনে যাবেহে ত্রিদিবে॥
দীনের শরণ তুমি অন্তর্যামী।
চরণে শরণ লইতেছি আমি।
করিয়া করুণা ওহে বিশ্বপতি।
কর পূর্ণ আশা মম এ মিনতি॥

প্রথমে প্রেমময় ঈশ্বরের নামোচ্চারণ পূর্ব্বক সাধু ও গুণিগণাগ্রগণ্য মান্যবর সুধাসিন্ধু হিন্দুধর্ম্ম পরায়ণ সভ্য নিকেতন অতি সজ্জন জনগণ সন্নিধানে শত ২ বিহিত সামানাভিবাদন পুরঃসর সমাবেদন মিদং———

আহা! অদ্য কি শুভদিন! অশেষ বিদ্যা মণ্ডিত সুধীবর্গ সমীপে আমি প্রবন্ধ পাঠে উদ্যত হইলাম। কিন্তু কত দূর যে কৃতকার্য্য হইতে পারিয়াছি বলিতে পারি না। প্রবন্ধ জ্ঞানোন্নতি সাধনের প্রধান ২ উপায়। এ বিষয়টী অতিশয় প্রশস্ত, সমুদয় লিখিতে গেলে এক খানি স্বতন্ত্র বৃহৎ পুস্তক হইয়া উঠে। কিন্তু আমি অল্পমতি হইয়া সেই দুরূহ কষ্ঠে কৃতকার্য্য হইতে পারিব না; সুতরাং যৎকিঞ্চিৎ যাহা লিখিয়াছি, তাহাতে যদি কোন ভ্রম দৃষ্ট হয় আমার উৎসাহার্থ তাহা অনুগ্রহ পূর্ব্বক ক্ষমা করিবেন। যেরূপ সুধাকর তীক্ষ্ণ কিরণ বিশিষ্ট কিরণ মালীর কিরণ হইতে সুধাময় কিরণ গ্রহণ করেন, শিশুগণ যেরূপ জননীর স্তন হইতে সারভাগ দুগ্ধ গ্রহণ করেন, সেইরূপ হে সুধীবর্গ! আপনারা আমার প্রবন্ধ হইতে অসার পরিত্যাগ করিয়া সারভাগ গ্রহণ করিবেন। দেখুন ভ্রমশূন্য ব্যক্তি পৃথিবীতে নাই।

" জীহ্বা টলতি ধীরস্য,
পাদস্টলতি হস্তিনঃ।
ভীমস্যাপি রণেভঙ্গো,
মুনিনাঞ্চ মতিভ্রমঃ॥

অতএব হে সাধুবর্গ। স্বীয় উদারতা গুণে আমার ভ্রম গ্রহণ করিবেন না।

শকে নেত্র গ্রহে সিন্ধুপার্শ্বে ইন্দুযোগে।
বৃষেতে উদিত রবি চৌদ্দশ ভোগে॥
এশুভদায়িনী সভা হয়েছে স্থাপিতা।
[illegible] ক্রমে ২ হতেছে বর্দ্ধিতা।

অদ্য এই সভার প্রথম ষাণ্মাসিক অধিবেশন। সভার অনুরোধে রুদ্ধ হইয়া আমি এই প্রবন্ধ পাঠ করিতে স্বীকার করি। অদ্য তদনুসারে আমি পাঠ করিতে দণ্ডায়মান হইলাম। এক্ষণে শ্রোতৃবর্গ মনোযোগ সহ শ্রবণ করিলে শ্রম সাফল্য জ্ঞান করিব এবং ইহাতে কোন ভ্রমদৃষ্ট হইলে সানুগ্রহে মার্জ্জনা করিবেন।

একান্ত বশম্বদ।
শ্রী বাণীনাথ নন্দী
সাং শিকদার বাগান।

———

ইষ্টারণ বেঙ্গল রেলওয়ে কোম্পানির
বিজ্ঞাপন।

পূর্ব্বকার বিজ্ঞাপনানুযায়ীক গত ১৫ ই ডিসেম্বর তারিখে বেওয়ারিসান দ্রব্যাদি সমুদায় বিক্রয় হয় নাই অতএব বক্রী দ্রব্যাদি সকল অদ্য মঙ্গলবার ১৯ শে ডিসেম্বর মোং সিয়ালদহের রেলওয়ের কারখানায় বেলা দুই প্রহরের সময় প্রকাশ্য নীলাম দ্বারা বিক্রয় হইবেক।

Franklin Prestage,
Agent

ফ্রাঙ্কলিন প্রেষ্টেজ।
এজেন্ট।

সিয়ালদহ।
রেলওয়ে কারখানা।
তাং ১৬ ডিসেম্বর ১৮৭১ সাল।

MILITARY SECRETARY'S OFFCIE,

Notification.

calcutta, the 18th Dec. 1871.

The Drawing Room which was postponed from Tuesday Evening the 12th December will be held by Their Excellencies the Viceroy and the Countess of Mayo on the Evening of Wednesday the 20th December 1871.

By Command,
O. T. Burne, Major,
Private Secretary to the Viceroy,
for Military Secretary.

———

মিলেটারী সেক্রেটারী আফিসের
বিজ্ঞাপন।

কলিকাতা ১৮ ডিসেম্বর ১৮৭১ সাল।

গত ১২ ই ডিসেম্বর মঙ্গলবার রজনী অবধি যে ড্রইংরুম দরবার স্থাপিত ছিল মহামান্য রাজপ্রতিনিধি গবর্ণর জেনেরেল বাহাদুর তদীয় মহিষী শ্রীমতী কৌণ্টেস অব মেও সমভিব্যাহারে ইংসন ১৮৭১ সালের ডিসেম্বর মাসের ২০এ তারিখ বুধবার রজনীযোগে সেই রাজসভা করিবেন।

By Command,
O T. Burne, Major,
Private Secretary to the Viceroy
for Military Secretary,

আদেশানুসারে।
ও, টি, বরণ মেজর।
রাজপ্রতিনিধির প্রাইবেট সেক্রেটারী।
মিলিটারী সেক্রেটারির স্বরূপ।

मिलिटारी सेक्रेटारि दफतर
खाजाका
इश्तेहार।

कलिकाता।
१८ डिसेम्बर सन १८७१।

गिया १२ ए डिसेम्बर मङ्गलबार रात मे जो ड्रोइंरुम दरबार होने वाला था वो रहा जाय इं सन १८७१ बालका डिसेम्बर माहिनाका २० तारिख बुधबार रातमे उव ड्रोइं रुम दरबार गबरनर जेनेरेल बाहादुर और कौण्टेस अब मेयो करेंगे।

By Command,
O T. Burne, Major
Private Secretary to the Viceroy,
for Military Secretary.

हुकुम माफिक।
ओ, टि, बरन मेजर।
बाइसरायका प्राइबेट सेक्रेटारी
मिलिटारि सेक्रेटारीका वाले

HELLER'S WONDERS.

MAIDAN THEATRE

CALCUTTA

বুধবার ২০ ডিসেম্বর ১৮৭১ সাল।

হেলার সাহেবের ঐন্দ্রজালীক ক্রীড়াগার।

কলিকাতা গড়ের মাঠের নাট্য মন্দির।

প্রতি ক্রীড়ার রজনীতে অসংখ্যক লোকের সমাগন হইতেছে!!! আসিয়া দেখ, এপ্রকার আর কখনই দেখ নাই। আর দেখিবারও সম্ভাবনা নাই।

কলিকাতা নিবাসী সম্ভ্রান্ত ও প্রধান প্রধান মহোদয়গণকে এবং সর্ব্ব সাধারণ জনগণকে জ্ঞাপন করা যাইতেছে যে সুবিখ্যাত যাদুকর ও মনোহর বাদ্যকর রবার্ট হেলার সাহেব অসাধারণ গুণযুক্তা এবং যাদু বিদ্যা সম্পন্না বিবি হেলার সহ মিলিত হইয়া নানা প্রকার অদ্ভুত ভোজবাজী ও অভূত পূর্ব্ব ঐন্দ্রজালীক ক্রীড়া সক প্রদর্শন করাইবেন

প্রায় প্রতি সপ্তাহে নূতন২ প্রকার তামাসা প্রদর্শিত হইয়া থাকে।

প্রতি সোমবার বুধবার শুক্রবার ও শনিবার রজনীযোগে এই তামাসা সমারোহের সহিত প্রদর্শিত হইবে।

টিকিটের মুল্য।

অতি উৎকৃষ্ট আসন	৪ টাকা
প্রথম শ্রেণী	৩ টাকা
দ্বিতীয় শ্রেণী	২ টাকা
তৃতীয় শ্রেণী	১ টাকা

রাত্রি ৮ ঘটীকার সময় দারোদ্ঘাটন ও সাড়ে ৮ টার পর ক্রীড়ারম্ভ হইবে।

ক্রীড়া স্থলে তামাক কিম্বা চুরাট খাওয়া নিষিদ্ধ

বেলা দশঘটীকা হইতে চারি ঘটীকা মধ্যে ক্রীড়াগারে নিভৃত স্থানের বন্দবস্ত হইতে পারিবে।

J. W. Smith,
Manager

বুধবার ২০ডিসেম্বর ১৮৭১ সাল।

হেলার সাহেবের এন্দ্রজালীক ক্রীড়াগার।

কলিকাতা গড়ের মাঠের নাট্য মন্দির।

২০ শেডিসেম্বর বুধবার বেলা ৪ ঘটিকার সময় বালক ও বালিকা এবং স্ত্রী লোকদিগের সুবিধার জন্য এক অতিশয় আশ্চর্য্য ও হাস্য জনক ক্রীড়া প্রদর্শিত হইবে। এই কারণে বালক বালিকাদিগকে অর্দ্ধেক মুল্যে প্রবেশ করিতে দেওয়া যাইবেক।

বেলা সাত ঘটিকার পরেই ক্রীড়া সমাপ্ত হইয়া যাইবে।

বিবি হেলার কলিকাতা বাসী সম্ভ্রান্ত লোকদিগকে জ্ঞাপন করিতেছেন যে আগামী ২১ শে ডিসেম্বর বৃহস্পতিবার রজনী যোগে তাঁহার উপকার জন্য নূতন প্রকার ভোজবাজী ও অভূত পূর্ব্ব তামাসা প্রদর্শিত হইবে।

CIRCUA

Mr. P Decosta, who has been brought up as a Mechanical Engineer under Government and who was subsequently employed as Cnief Engineer on steamers for several years, having set himself up as a Gas Fitter and Authorized Plumber in connection with the Water Works will be happy to undertake jobs on moderate terms. His experience of twenty-two years in h's line of business, will, he trusts serve as a sufficient guarantee for his ability in executing all orders satisfactorily.

Calcutta, No. 30, Zig Zag Lane.

বিজ্ঞাপন।

মেষ্টর পি, ডিকাষ্টা সাহেব যিনি গবর্ণমেণ্টের অধিনে থাকিয়া পরীক্ষোত্তীর্ণ হইয়া ক্রমাগত কয়েক বৎসরাবধি বাস্পীয় জাহাজে চিফ ইঞ্জিনিয়ারের পদে কার্য্য নির্ব্বাহ করিয়াছেন একক্ষণে স্বয়ং ক্ষমতা প্রাপ্ত গ্যাসফিটরি ও জলের কল সংক্রান্ত কার্য্য নির্ব্বাহের কারখানা করিয়াছেন, অতএব তিনি উক্ত শ্রেণির কর্ম্মে বাইশ বৎসর লিপ্ত থাকা প্রযুক্তসুচারুরূপে তৎকর্ম্মে দক্ষতা লাভ করিয়াছেন, একক্ষণে সাধারণে তাহাকে উক্ত কর্ম্ম প্রদানে উৎসাহিত করিলে বোধ হয় তিনি সকলের চিত্তরঞ্জন করিতে সমর্থ হইবেন তাহার কোন সন্দেহ নাই।

কলিকাতা।
৩০ নং জিগ ২ লৈন।

বিজ্ঞাপন।

শব্দাম্বুধি ৩৮০০০ই শব্দের অর্থাৎ সম্বলিত ২।০
মুক্তবাভিধান ২০০০০
অমরার্থ দীধিতি
হরিভক্তি বিলাস সটীক .. ১০
সর্ব্বার্থ পূর্ণচন্দ্র ইহাতেঅষ্টাদশ পুরাণের অনুবাদ গৌড়ীয় ভাষায় ১অবধি ৩৫ সংখ্যাপর্য্যন্ত...৮৸
প্রতিমাসে এক ২ খণ্ড প্রকাশ হইতেছে.. ।০
শ্রীমদ্ভাগবত গৌড়ীয় ভাষায় অনুবাদিত ... ৮।
ওয়ার্ড কৃত হিন্দুদিগের বিবরণ ২ বালাম...২০
গীতাবলি .. ।১
অষ্টাদশ পর্ব্ব মহাভারত, প্রায় সহস্র পৃষ্ঠা ৪
সপ্তকাণ্ড রামায়ণ ২
আরব্যোপাখ্যান ১ নাং ৫ পঞ্চম খণ্ড ..৫
অপূর্ব্বোপাখ্যান, ২
বত্রিশ সিংহাসন, ১
আঢ্যকৃত ইং বাং ডিকসনারি অর্থাৎ ইং শব্দের ইং ও বাং অর্থসম্বলিত ৭২০ পৃষ্টা এ প্রকার ডিকনারি পূর্ব্বে কখন প্রকাশ হয় নাই ৫
শিবসংকীর্ত্তন ১
শকুন্তলার ইংরাজী অনুবাদ। ১
প্রবোধচন্দ্র নাটক ১
অষ্টাদশ পুরাণের অনুক্রমণিকা ।০
হিতোপদেশ ইং বাং সং ২
কাজীর বিচার ।০
অন্নদামঙ্গল, বিদ্যাসুন্দর মানসিংহ চৌরপঞ্চাশত এক জেলদ ১০ খণ্ড প্রতিমূর্ত্তী সম্বলিত ১
রোবক হকিন মৌলবী আবদুল মজিদকৃত পারস্য ভাষার অভিধান ৪০
রিচার্ড্সন কৃত ইং পারস্য এবং পারস্য ও ইং ডিকসনরি ২ বালম ৫০
রোম দেশীয় ইতিহাস ৩
গ্রীক দেশীয় ঐ ঐ ৩
ইংলণ্ড দেশীয় ঐ ঐ ৩
ভারতবর্ষীয় ঐ ঐ ৩
প্রাচীন ইতিহাস ২
ন্যায়দর্শন ২॥০
পুরাবৃত্ত বিবরণ ১
কেরি কৃতবাং ইং ডিকসনরি .. ৫০
রাম কমল কৃত ইং বাং ঐ
রাজা রামমোহন রায়ের জীবন চরিত্র ।০
কালক্রকের অমরকোষ ৮
মেকনাইট কৃত হিন্দু লা ২০
গবর্ণমেণ্ট রিগুলেসন ১৭৯৩ সাং ১৮৩৩ ইং
রাজা ৯ বালাম ১০০
ঐ ঐ বাঙ্গালা ১০০
ঐ ঐ পারস্য ভাষায় ১০০
দেওয়ানী আইনের সারসংগ্রহ ২ বালাম ১০
রাজস্ব সম্পর্কীয় আইনের ঐ ৩
পদ্য লেখক গ্রন্থ ২ বালাম ১০
অন্যপ্রকারপুস্তকেরও বৌক যন্ত্রের আমদানি হইতেছে।

Printed and Published by U. C. Auddy at the Poorno Chunoordoy Press No17 Amratola Govind Chaund Dhur's Street Calcutta.

সংবাদপূর্ণচন্দ্রোদয়

প্রাত্যহিক পত্র।

[illegible] [illegible] দিনকরবিরচিতং [illegible] বাতা সংবাদ সোমং [illegible] [illegible]।
[illegible] [illegible] [illegible] হরিপদভক্তি সংপূর্ণচন্দ্রোদয়োপৌ।

৭ পৌষ গুরুবার ১২৭৮সাল ইং ২১ ডিসেম্বর ১৮৭১ সাল। শকাব্দা১৭৯৩মাসিক১টাকাঅগ্রিম৮টাকাসংখ্যা১০.২৩২

রেজিষ্টর নং ৫৪

সংবাদপূর্ণচন্দ্রোদয়

৭ পৌষ গুরুবার সন১২৭৮সাল

আবদুল্লা।

হায় কৃতান্ত আবদল্লা যবন।
কি দোষে ব্যধিলি মহতের প্রাণ ?

হায়! কোথা হইতে এই দুর কৃতান্ত আবদল্লা কি অশুভক্ষণে এই পৃথিবীতে জন্মগ্রহণ করিয়াছিল। হায় এই দুর্ভাগ্য দুরাচার কি অদ্ভুত হত্যা কার্য্য [illegible] জগতকে অশ্রুনীরে প্লাবিত করি গেল। এই [illegible] বাঙ্গালা ইংরাজদিগের রাজ্যের প্রারম্ভ হইতে অদ্যাবধি এমন নিষ্ঠুর কার্য্য করিয়াছে যাহা কখন হয় নাই। এতদ্দেশীয়দিগের মধ্যে এই দুরাচার আবদুল্লাই প্রধান ব্যক্তি যিনি একজন ইংরাজ বধ করিয়াছেন॥ এই দুরাচার হইতেই এতদ্দেশীয় হিন্দু ও ইংরাজেরা এক ধার্ম্মিক, দয়াবান, কৃতজ্ঞ ও সুনিপুণ বিচারপতিকে হারাইয়া তাঁহার দুঃখে সকলে দুঃখাদ্য হইয়াছেন। এই ব্যক্তি হইতে বিচারপতি পাল সাহেব এক সুদীর্ঘ ও নদী প্রবাহের ন্যায় বক্তৃতা করিয়াছিলেন। এই ব্যক্তি হইতে পুলিসের বিদ্যাবুদ্ধি সকল প্রকাশ পাইয়াছে। এই ব্যক্তির প্রতিমূর্ত্তি লইয়াই বম্বে ও এখানে অনেক গোলযোগ হইয়াছিল। এই আবদুল্লার দ্বারায় হত্যাকাণ্ডের বিষয়ে পৃথিবীর সংবাদপত্রের স্তম্ভসমূহ বৃহৎ২ প্রস্তাবে ভাসিয়া গিয়াছিল। এই দুরাচারের দোষ হইতেই পুলিস অধ্যক্ষদ্বয় হগ সাহেব ও রবার্ট সাহেবের সঙ্গে দ্বন্দ্ব উপস্থিত হয়। আবার এই দ্বন্দ্ব উপলক্ষে নগরে মহাগোলযোগ উপস্থিত হয় পরে রবার্ট সাহেবের কর্ম্ম যায়। উপসংহার কালে এই হইল সাহেবের ফিগু বিহারার মাহিনা দ্বিগুণ হইল।

আমাদিগের জনার্দ্দন পুরস্থ সংবাদদাতা লিখিয়াছেন॥

এই মেদিনীপুর জেলার অন্তঃপাতী পাথরা নামে একটী গণ্ডগ্রাম আছে। ইহার অধিবাসীর সংখ্যা অন্যূন এক সহস্র হইবেক। এই সংখ্যার চতুর্থাংশেরও অধিক ব্রাহ্মণ। ইঁহারাই এই স্থানের ভদ্র ও মান্য ব্যক্তি। ইঁহাদের অধিকাংশই বিলক্ষণ ধনশালী এবং দুই একজনকে লক্ষপতি বলিলেও অত্যুক্তি হয় না। আক্ষেপের বিষয় এই এরূপ ধনশালী হইয়াও ইঁহাদের দেশের প্রতি কাহারও অনুরাগ নাই, দেশের কথা দূরে থাকুক ইহাদের স্বগ্রামের উন্নতি [illegible] বিষয়ে কাহারও আস্থা দৃষ্ট হয় না। অপর কথা কি ইঁহারা স্ব স্ব সন্তানগণকেও উপযুক্ত রূপ শিক্ষাদান করা কর্ত্তব্য কর্ম্ম বলিয়া বোধ করেন না। এত বড় গণ্ডগ্রামে এতদিন পর্য্যন্ত বালকদিগের শিক্ষা লাভোপযোগী একটীও বিদ্যালয় ছিল না। কতকগুলি বালক পূর্ব্বতন গুরু মহাশয়দিগের পাঠশালায় অতি যৎসামান্য শিক্ষা লাভ করিয়াই সংসার কার্য্যে প্রবিষ্ট হইত॥ তাহারা ইদানিন্তন উচ্চতর শিক্ষার বিন্দুমাত্র লাভেও সমর্থ ছিল না। চাণক্য রচিত কয়েকটী শোলক দাতাকর্ণ, ও প্রহ্লাদ চরিত্র তাহাদের সাহিত্য ও ভাষা শিক্ষার চরমসীমা ছিল। শুভঙ্করের কয়েকটী আর্য্যা, মাসমাহিনা, বৎসরমাহিনা, বিঘাকালি, কাঠাকালি, এবং সুদকষা, মণকষা তাহাদের গণিত শাস্ত্রের শেষ সীমা ছিল। বর্ত্তমান সময়ের সাহিত্য গণিত ভুগোল ইতিহাস প্রভৃতির স্বাদ গ্রহণ করা দূরে থাকুক তাহারা ঐ সকল মহোপকারক শাস্ত্রের নাম মাত্রও অবগত ছিল কিনা সন্দেহ। গ্রামের অবশিষ্ট কতগুলি বালক কংসাবতীর (পাথরা এই নদীর উত্তর তীরে অবস্থিত) অপর পারবর্ত্তী জনার্দ্দন পুরস্থ গবর্ণমেণ্ট বঙ্গবিদ্যালয়ে অপেক্ষাকৃত অনেক উত্তম শিক্ষা লাভ করিত এবং তাহাদের মধ্যে অনেকে এক্ষণে কৃতবিদ্য হইয়া নানা স্থানে শিক্ষকতা প্রভৃতি কার্য্যে নিযুক্ত হইয়া অর্থোপার্জ্জনে সামর্থ লাভ করিয়াছে। যাহা হউক পূর্ব্বোক্ত ফল অপেক্ষা জনার্দ্দন পুরস্থ বিদ্যালয়ে শিক্ষার অপর একটী মহত্তর ফল উৎপাদিত হইয়াছে। উক্ত বিদ্যালয়ে যাঁহারা শিক্ষা লাভ করিয়াছিলেন তন্মধ্যে জনৈক কৃতবিদ্য যুবক স্বগ্রামের শোচনীয় দুরবস্থা দর্শন করিয়া তাহার মোচনার্থে তথায় একটী গবর্ণমেণ্ট সাহায্য প্রাপ্ত বঙ্গবিদ্যালয় স্থাপন জন্য চেষ্টা করিতে লাগি[illegible] গ্রামস্থ অপর এই সহৃদয় ব্য[illegible] আনুকুল্যে গবর্ণমেণ্ট হইতে মা[illegible] টাকা সাহায্য গ্রহণ করিয়া স্বীয় পরমহিতকর মনোরথ সাধনে কৃতকার্য্য হইলেন। গ্রামের অপরাপর ভদ্র ব্যক্তিগণও বিদ্যালয়ের সাহার্য্যার্থ কিঞ্চিৎ২ মাসিক দাতব্য দানে সম্মত হইলেন! কিন্তু দুঃখের বিষয় এই যে তাঁহারা দাতব্য দানে সম্মতি প্রদান করিয়াই নিশ্চিন্ত রহিলেন. বস্তুতঃ অর্থদানের নামও করিলেন না। এবং কেহ কেহ বুদ্ধিদোষে নবপ্রতিষ্ঠিত বিদ্যালয়ে নিজ সন্তানগণকে অধ্যয়নার্থ প্রেরণ করিতেও বিরত হইলেন। সুতরাং যে দুই ব্যক্তির যত্নেও পরিশ্রমে বিদ্যালয়টী প্রতিষ্ঠিত হইয়াছিল দেশের মঙ্গলসাধন ভিন্ন যদিও তাহাদের অপর কোন দোষ ছিল না এক্ষণে আবশ্যক ব্যয় নির্ব্বাহের ভার দণ্ড স্বরূপ তাঁহাদেরই স্কন্ধে পতিত হইল।

যাহা হউক তাঁহারা এতদিন পর্য্যন্ত কষ্টসৃষ্টে এই ব্যয় ভার বহন করিয়া এক প্রকার বিদ্যালয়টী চালাইয়া আসিতেছিলেন। কিন্তু চিরকাল লোকের নিঃস্বার্থ হিতৈষিতা বৃদ্ধি সমান থাকে না। বিশেষতঃ মাসে মাসে নিয়মিতরূপে

অর্থদান সহজ ব্যাপার নহে। সুতরাং বিদ্যালয়টীর প্রতি তাহাদেরও ক্রমশঃ যত্নের শৈথিল্য হইতে লাগিল। প্রায় তিন চারি মাস অতীত হইল বিদ্যালয়টীর ভগ্নদশা উপস্থিত হইয়াছে। প্রধান শিক্ষক পদত্যাগ করিয়াছেন। বিদ্যালয়টীর এক্ষণে স্থায়ীত্বের স্থিরতা নাই। হয়ত শীঘ্রই ইহা অকালে বিলাপ প্রাপ্ত হইবে এবং ইহার বিলাপের সঙ্গে সঙ্গেই গ্রামস্থ হতভাগ্য বালকদিগের ভাবী উন্নতির আশাও একবারে অস্তহিত হইবে। ইতিমধ্যে শুনিলাম যে গ্রামের সর্ব্ব প্রধান কয়েকটী ধনবান ব্যক্তি একত্র হইয়া সমবেত চেষ্টা দ্বারা একটী উত্তম ইংরাজী বিদ্যালয় স্থাপন করিবার নিমিত্ত যত্নবান হইয়াছেন এবং তজ্জন্য সমস্ত বন্দোবস্ত ও লেখাপড়াও শেষ হইয়াছে। কিন্তু তৎ সমুদায় অমূলক জনরব মাত্র। এক্ষণে অবগত হইলাম যে প্রাতঃকালের মেঘ গর্জ্জনের ন্যায় তাঁহাদের সমস্ত আড়ম্বর কেবল বিড়ম্বনা রূপে পরিণত হইয়া নিসার স্বপ্নবৎ অলীক হইয়াছে। এই সংবাদে সংপরোনাস্তি দুঃখিত হইয়াছি [illegible] গণ্ডগ্রামে এত ধনবান ব্যক্তি [illegible] ত্বেও একটী সামান্য অল্পব্যয়সাধ্য [illegible] লয় অকালে কালগ্রাসে পতিত হইবে ইহা অপেক্ষা আক্ষেপের বিষয় আর কি হইতে পারে। যাহা হউক যদি গ্রামস্থ সকলে একত্র হইয়া কিঞ্চিৎ দান করিয়া বিদ্যালটী স্থায়ী করিবার চেষ্টা করেন বোধ হয় এমন কৃতকার্য্য হইতে পারেন।

জনার্দ্দন পুরস্থ সংবাদদাতা।
শ্রী রামময় মজুমদার।

তাং ১৮ ডিসেম্বর।
সন ১৮৭১ সাল।

সংবাদ সারাবলী।

ভক্তি।

মিরাটে একটী সেবকাবহ ব্যাপারে সুসম্পন্ন হইয়া গিয়াছে। একজন ব্যক্তি কালী দেবীর মন্দিরে প্রার্থনা করিয়া তাহার আপনার মস্তক ঐ দেবীর নিকট সমর্পণ করিয়াছেন। তথাকার এক খানি সংবাদ পত্র বলেন যে অন্য এক বৎসর ঐরূপ আর একটী ঘটনা সংঘটন হইয়াছিল। একজন ব্যক্তি তাহার জিহ্বা কাটিয়া কালীর নিকট সমর্পণ করিয়াছিল। কি ভয়ানক ভক্তি।

রাজকর্ম্মে নিয়োগ।

লেপ্‌টেনেণ্ট গবর্ণরের আদেশানুসারে নিয়োগ

রেবিনিউ ও জেনেরল ডিপার্টমেণ্ট

১১৯ নম্বর

১৮৭১ সাল ২৪ নবেম্বর।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের দ্বিতীয় সেক্রেটারী শ্রীযুত আলেকজাণ্ডর মাকেঞ্জি সাহেব বি, এ, শ্রীযুত হেনরি লিলাণ্ড হারিসন, সি. এ সাহেবের স্থানে এই মাসের ২৩ তারিখের অপরাহ্নে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করিলেন।

সি'বর্ণাড
বঙ্গদেশের গবর্ণমেণ্টের।
একটিং সেক্রেটারী।

প্রেরিত পত্র।

মান্যবর শ্রীযুক্ত সংবাদ পূর্ণচন্দ্রোদয়
সম্পাদক মহাশয় সমীপেষু।

সম্পাদক মহাশয়! গত ৪ঠা পৌষের পূর্ণচন্দ্রোদয়ে শ্রীঃ স্বাক্ষরকারী [illegible] ব্যক্তি যে প্রশ্ন করিয়াছিলেন তাহার যথাসাধ্য যে উত্তরটী প্রেরণ করিতেছি তাহা অনুগ্রহ পূর্ব্বক আপনার বিখ্যাত পত্রে প্রকাশ করিয়া আমাকে চিরবাধিত করিবেন।

লেখক মহাশয় জিজ্ঞাসা করিয়াছেন যে ব্রাহ্মেরা তাহাদের অন্তেষ্টিক্রিয়া সমাপন করিবার সময় পথে কাহার নামোল্লেখ করিতে ২ যাইবেন। আমার বোধ হয় যে তাঁহারা তাঁহাদের আত্মীয় স্বজন বা জাতি ভ্রাতৃগণের অন্তেষ্টি ক্রিয়ার সময় পথে "ওঁ তৎসৎ" বা "একমেবা দ্বিতীয়ম্" ইহাদের অন্যতরটী বলিতে ২ গমন করেন। কারণ বাঙ্গালিরা যেমন কোন কিছু লিখিবার অগ্রে 'শ্রীশ্রীহরি' ও ক্ষত্রিয়েরা "শ্রীশ্রীরাম" লিখিয়া থাকেন এবং তদনুসারে তাঁহারা কাহারও মরিবার সময়ে পথে হরিবোল ২ ও রাম ২ করিতে ২ গমন করে ব্রাহ্মেরাও কোন বিষয় লিখিবার অগ্রে "ওঁ তৎসং" বা "একমেবা দ্বিতীয়ম্" ইহাদের অন্যতরটী লিখিয়া থাকেন অতএব তাঁহারা ও বাঙ্গালি ও ক্ষত্রিয়েদের মত তাঁহাদের অন্তেষ্টি ক্রিয়া সমাপন করিবার সময় উক্ত বাক্যদ্বয়ের অন্যতরটী বলিতে ২ পথে গমন করিবেন।

একান্ত বশম্বদ কস্যচিৎ পাঠকো।
ন ব্রাহ্মম্।

তাং ৫ পৌষ।
১৭৯৩ শক।

মান্যবর শ্রীযুক্ত [illegible] পূর্ণচন্দ্রোদয়
সম্পাদক মহাশয় সমীপেষু।

সম্পাদক মহাশয়! অনুগ্রহ পূর্ব্বক আপনার সংবাদ পূর্ণচন্দ্রোদয় পত্রৈক পার্শ্বে নিম্ন লিখিত বিষয়টী স্থান প্রদান করিয়া চির বাধিত করিবেন।

পুরী জিলার অন্তঃপাতি পারিকুদ ও মানুদ নামে বিখ্যাত এস্থানদ্বয় গঞ্জাম জিলার সন্নিকটস্থ চিলকার দক্ষিণ এ পূর্ব্বদিগে স্থায়ী এবৎসর উক্ত পরগণার মধ্যে বৃষ্টি সাতিশয় না হওয়া বশতঃ ধান্য প্রায় দুই মোন আন্দাজ হইয়াছে বৃষ্টি অভাবে কৃষিকার্য্য প্রচুররূপে না হইবায় প্রজাগণ একেবারে হাহাকার করিতেছে ইহারা কি প্র[illegible] হইবেক তদ্বিষয়ে উড়িষ্যা জিলার কমিসনর শ্রীযুক্ত রেবেন্সা সাহেব নানাবিধ সৎ উপায় করিতেছেন পূর্ব্বে উক্ত স্থানে গবর্ণমেণ্ট নিমক প্রস্তুত করাইতেছিলেন এবৎসর কণ্ট্রাকট দ্বারায় পোক্তান অর্থাৎ নিমক তৈয়ার জন্য উদ্‌যোগ হইতেছে তাহা হইলে বোধ হয় ক্লেশ নিবারণ হইতে পারে উক্ত প্রদেশের অবস্থা দৃষ্ট করিয়া রিপোর্ট করিবার কারণ কমিসনর বাহাদুর অত্র জিলার জাইণ্ট মাজিস্ট্রেট শ্রীযুত মেকসন সাহেবকে নিয়োজিত করিয়াছেন পারিকুদ পরগণায় একটী রাজা পূর্ব্বাবধি আছেন সেই রাজা গত দুর্ভিক্ষ কালিন প্রজাদিগের অনেক সাহায্য করাতে ১৮৬৯ সালে গবর্ণমেণ্ট তাঁহাকে ইষ্টার অফ ইণ্ডিয়া পদবি প্রদান করিয়াছিলেন মানুদ পরগণায় একটী জায়গীর দার আছে সেই জায়গির দার এবং তাঁহার পিতা অনেক দেনা করিবার দরুণ সেই মহালটী মহাজনদিগের টাকা পরিশোধার্থে সিবিলকোর্টে ক্রোক আছে রাজা ও জায়গির দারদ্বয়ের প্রজাদিগের সাহায্য করিবার কোন ক্ষমতা নাই গবর্ণমেণ্ট প্রজাপুঞ্জের প্রতি দয়া প্রকাশ না করিলে আর

কোন উপায় নাই বোধ হয় গবর্ণমেণ্ট এ বিষয়ে নিশ্চিন্দ থাকিবেন না উক্ত স্থানে ধান্য ও লবণ ব্যতীত অন্য কোন বস্তু উৎপন্ন হয় না যদিচ উক্ত স্থানে মৎস্য পাঁওয়া যায় বটে কিন্তু দুগ্ধের স্বাদ ঘোলে ঘটেনা ধান্য হইতে মনু ষ্যের জীবনের উৎকৃষ্ট দ্রব্য তাহা প্রাপ্ত না হইলেই অশেষ ক্লেশ প্রাপ্ত না হই তে [illegible]কে বারান্তরে সবিশেষ জানাইতে ত্রুটী হইবেক না।

শ্রীনাথ বসু।
সাং পুরী।

২ পৌষ।
১২৭৮ সাল।

মান্যবর শ্রীযুক্ত সংবাদ পূর্ণচন্দ্রোদয় সম্পাদক মহাশয় সমীপেষু।

মহাশয়! অনুগ্রহ প্রকাশ পূর্ব্বক আপনার পূর্ণচন্দ্রোদয়ে নিম্ন লিখিত সংগীত যাহা বিগত রবিবারে আমাদি গের রাজপুত্র প্রিন্স অফ ওয়েলসের শীঘ্র আরোগ্য লাভ জন্য সংগীত হই য়াছিল, প্রকাশ করিলে বাধিত হইব।

রাগিণী ইমন তাল একতালা।

হরি দয়াময়, তুমি জগন্ময়,
সময় অসময়, তুমি হে কারণ।
ব্রহ্মাণ্ড মনেরচিন্তে, তুমিহে জগতচিন্তে,
কেবাপারে তোমার চিন্তে তোমায়
নারায়ণ।।
হরি সভায় আমর ডাকিহে তোমারে,
এস হে নাথ কৃপাকরে, শোন গুণগান,
ওহে ভগবান কর কৃপাদানে মানস পূরণ॥
একি কর্ম্ম সূত্র আমাদের রাজপুত্র,
রোগে পান ক্লেশ অগণন।
তুমি বৈদ্য বিধি, তুমি মহৌষধি,
নিজগুণে ব্যাধি করি বিমোচন॥
ওহে আশুতোষ, কর আশুতোষ,
তুমি শ্যামা শ্যাম, প্রকৃতি পুরুষ, রাজপু
ত্রের রোগ, করহে নিরোগ, আমাদের
এই যোগ আরাধন॥
[illegible] নাথ হে তোমার বাক্য, বেদ
পুরাণাদি করেছি ঐক্য, হরিগুণ গান
সম জপ লক্ষ, ত্রৈলোক্যনাথ যদি দে-
খাও হে প্রত্যক্ষ।
আমাদের এ আঁশা পুরাও রাধা-
কান্ত, রাজপুত্রের রোগ কর নাথ[illegible]
ভবে সর্ব্ব অন্ত, হবে প্রভু শান্ত, অজ্ঞা-
নের জ্ঞান হবে একারণ।

শ্রী হেমলাল দত্ত।

দ্রব্যাদির মূল্য।

চাউল		শেরাজগঞ্জের পাট	৩৷	,, মেহেরপুরে	২৭৷/	,, ,, কেটীগঞ্জ	১৫
বালাম	২৸০	রাই গঞ্জেছে	২৷৵০	মহিষা ঘৃত	২৭৷০	ইস্পাত সুইডিস [illegible] মো	৪৷৷
ঐ ধানী	২	দেশী	২	মোটকি ঘৃত	২৪	,, ইংলিস	৫
ঐ দুগী	১৸০	সোন	৩৷৵০	গুড় খাজুরে	৫	,, ফেকাপাটী	৩৷০
ঐ পূরবী	১৸/০	দেশী	২৷৷৶০	,, কোতরা	৪	শিসা শুকরছাপ	৭৸০
কাজলা	১৷৷৵০	চাউল দেশী	২৸০	তৈলকট্‌	১৫	,, ছাপ রহিত	৭৷৵০
ধান্য	১৷/০	পোস্তদানা	৩৵০	,, তিল	১২৷৷০	, চাদর	৭৷৶০
অরহর	২৷৷৵১০	সরিষা	৩৷৷৶০	,, গড়গড়ে	১০	ছুটগুলি	
,, কাইল	২৷৵১০	দুর্গাপুরে	২৶০	পুলতামাকু	৫৷০	১ নং ১৩ থলিয়া	৪
মাসকলাই	১৷/১০	সেরাজগঞ্জ	২/১০	ধান্যমেশকী	১৷৶০	দস্তা	১২
কালী ঐ	১৷৷/০	সাহেব গঞ্জ	২৷৶০	,, পেশওয়ারী	১৷/০	টীনপেলেট বাক্স	১৮৵
সোনামুগ	৩/০	পাট সরাজগঞ্জ	৩৶	,, মেটা	১৷৵০	রাঙ্গ সের	২৷০
ঐ হাজি	২৷০	,, রাই গঞ্জ	২৷/০	আফিপ পাটনাই	১৷৵	রৌপ্য স্বর্ণাদির মূল্য	
ঐ কৃষ্ণ	২৷৵০	,, দেশী	২	তাম্র পরাতন	৩২৷০	সোভরণ	১০৷৵
মুসুরী	১৸৵০	সাঁচিথাড়	৫	,, বোলট	৩৫	মাহ মোহর	১৬৷
ঐ দাইল	২৷০	গুড়	৪৷৷০	,, শ্রেক	৩০	পুরাতন মোহর	২১৵
মটর পায়রা	১৷৵০	জাহাজী শুপারী	৫৷	,, শীট আমিরিকা		চিন স্বর্ণকাম	১৬৷৷৶
ঐ দাল	১৸০	,, দেশী	৫৸০	উত্তম	৩৫৷০	ঝুরাস্বর্ণ	১৪৸০
পাটনাই খেসারী	৸/	পূরদেশীয় হরিদ্রা	৫	, কাটীরুসীয়	২৯৷০	১ শতভরি	
,, দেশী	১৷৷/০	,, দেশী	৪৷০	লোহা সুইডিসপাটী		স্পানিস ডালর	২২০৷৷
,, দাইল	১৷০	গোয়াল পাড়া সরিষা	২৸০	মোন	৩৷৵০	মঠ পালাম ধোয়া	৫
পাট ই বুট	২	নাথপুরে	২৷৷৵০	,, ,, গরাদে	৩৷৵০	মজ্জরী	৪৷০
,, চড়া	১৸/০	চড়া	২৷৷০	,, ইংলিস পাটী	৩০	,, ,, ভাল	৬৷০
মটর	১৷৷০	রাই	১৷৵০	,, ,, গরাদে	৩৷৵০	,, কোরা মজ্জরি	৪৷
সাদা ছোলা	৪	তামাক		,, ,, গোলগরাদে	৪৷৵	,, ভাল	৪৷৷০
বরবটী	৮	হলদী	৫৷০	,, ,, রৌগুরড	৪/০	,, মেকোনেট ধোয়া	৪
ভুদেগম	২৵০	তামাকু মান্দ্রাজী	২৷৵	,, ,, চৌকা	৩৷৵০	নিরস	২৷০
,, গঙ্গাজলী	২৷০	তামাকু রঙ্গপুর	৯	,, ,, প্রেককাটী	৪৷৵	,, মাজারি	৩
,, জঙ্গলা	১৸০	তামাকু কোতরা	৫৷৷	, , চাদর পত্তর		, ,, ভাল	৩৷/
তিল	৪	গাওয়া ঘৃত	২৪	বড়সাইজ	৪৵০		
,, দেশী	২৷০			,, , কড়া	৬৷৷০		

বিজ্ঞাপন।

বেহালা।

হরিভক্তি প্রদায়িনী সভা।

আগামী ১০ পৌষ রবিবার হ্য পঞ্চম ঘটিকার সময়ে প্রাগুক্ত সভার একবিংশ সাম্বৎসরিক মহাসভা হই-বেক স্বধর্ম্ম পরায়ণ মহাগণ তৎ সময়ে সভামন্দিরে সমাগত হইয়া সভা এবং তদানুসঙ্গিক কার্য্যাদি দর্শন এবং হরি গুণানুবাদ শ্রবণ ও কীর্ত্তন করিবেন।

কার্য্য বিবরণ।

১। উদয়াস্ত কাল পর্য্যন্ত হরিসংকী র্ত্তন, এবং পূর্ব্বাহ্ন বেলা ইংরাজী সাত টার সময় কলিকাতা শাঁকারিটোলাস্থ ভগবদ্ভক্তি প্রদায়িনী সভার সভ্যগণ কর্ত্তৃক নগর কীর্ত্তন।

২। হরিহর এবং তুলসীদেবীর পুজা।

৩। ব্রাহ্মণ ভোজন।

৪। কাঙ্গালী ভোজন।

৫। ব্রাহ্মণ পণ্ডিতগণের বিচার ও বিদায়।

৬। শ্রীশ্রীশ্রীধর জীউকে সভাপতি মহাশয়ের ভবন হইতে বেলা অপ রাহ্ন চতুর্থ ঘটিকার সময়ে নগর কীর্ত্তন করত সভায় আনয়ন।

৭। অপরাহ্ন পঞ্চম ঘটিকায় শ্রীমদ্ভাগ বত পাঠ ও ব্যাখ্যা।

৮। সভ্যগণ কর্ত্তৃক স্তোত্রপাঠ।

৯। সম্পাদক এবং সহকারি সম্পাদক কর্ত্তৃক বক্তৃতা।

১০। মৃদঙ্গ ও তানপুরা যন্ত্রাদিযোগে সংগীত।

১১। সভ্যগণ নাম সংকীর্ত্তন পূর্ব্বক বারত্রয় সভামন্দির প্রদক্ষিণ।

শ্রী গুরুদয়াল রায় শর্ম্মণঃ।
সম্পাদক।

তাং ৪ পৌষ। ১২৭৮ সাল।

FIVE ARTS EXHIBITION.

অতি উৎকৃষ্ট শিল্প দ্রব্যের বাজার।

নম্বর ২০ হেদুয়ার ধার।

কাউণ্টেস অব মেওর বিশেষ সাহায্যে এই বাজার বসিবে।

এতদ্দারা সর্ব্ব সাধারণকে ও কলি কাতার সম্ভ্রান্ত লোকদিগকে জ্ঞাপন করা যাইতেছে যে ২২ শে ডিসেম্বর শু ক্রবার বেলা ৩ টার পর হইতে সন্ধ্যা পর্য্যন্ত এবং শনিবার বেলা ১১ টার পর হইতে বেলা ২ টা পর্য্যন্ত এই শিল্প দ্র ব্যাদির বাজার খোলা থাকিবেক।

টিকিটের মূল্য।

একজনের প্রবেশের মূল্য ১ টাকা।

বালক ও বালিকা বিনা মূল্যে প্রবেশ করিতে দেওয়া যাইবেক।

A FANCY FAIR.

শিল্প কর্ম্মের মেলা।

ডেল হৌসী ইনষ্টিটিউট অর্থাৎ লাল দিঘির দক্ষিণ নূতন প্রস্তর নি- র্ম্মিত গৃহ।

মহামান্যবর শ্রীলশ্রীযুক্ত লর্ড মেও এবং শ্রীমতী লেডী মেওর বিশেষ সাহ য্যে এই মেলা প্রদর্শিত হইবে।

এইক্ষণে প্রতি দিবস প্রদর্শিত হইতেছে।

টিকিটের মূল্য।

একবারে এক সপ্তাহের মূল্য ৫ টাকা
একজনের প্রবেশ ঐ ১ টাকা

HELLER'S WONDERS.
MAIDAN THEATRE
CALCUTTA

শুক্রবার ২১ ডিসেম্বর ১৮৭১ সাল।

হেলার সাহেবের ঐন্দ্রজালীক ক্রীড়াগার।

কলিকাতা গড়ের মাঠের নাট্য মন্দির।

প্রতি ক্রীড়ার রজনীতে অসংখ্যক লোকের সমাগম হইতেছে!!! আসিয়া দেখ, এ প্রকার আর কখনই দেখ নাই। আর দেখিবার ও সম্ভাবনা নাই।

কলিকাতা নিবাসী সম্ভ্রান্ত ও প্রধান প্রধান মহোদয়গণকে এবং সর্ব্ব সাধারণ জনগণকে জ্ঞাপন করা যাইতেছে যে সুবিখ্যাত যাদুকর ও মনোহর বাদ্যকর রবর্ট হেলার সাহেব অসাধারণ গুণযুক্তা এবং যাদু বিদ্যা সম্পন্না বিবি হেলার সহ মিলিত হইয়া নানা প্রকার অদ্ভুত ভোজবাজী ও অভুত পূর্ব্ব ঐন্দ্রজালীক ক্রীড়া সকল প্রদর্শন করাইবেন

প্রায় প্রতি সপ্তাহে নূতন২ প্রকার তামাসা প্রদর্শিত হইয়া থাকে।

প্রতি সোমবার বুধবার শুক্রবার ও শনিবার রজনীযোগে এই তামাসা সমারোহের সহিত প্রদর্শিত হইবে।

টিকিটের মুল্য।

অতি উৎকৃষ্ট আসন	৪ টাকা
প্রথম শ্রেণী	৩ টাকা
দ্বিতীয় শ্রেণী	২ টাকা
তৃতীয় শ্রেণী	১ টাকা

রাত্রি ৮ ঘটীকার সময় দারোদ্ঘাটন ও সাড়ে ৮ টার পর ক্রীড়ারম্ভ হইবে।

ক্রীড়া স্থলে তামাক কিম্বা চুরাট খাওয়া নিষিদ্ধ

বেলা নয়ঘটীকা হইতে চারি ঘটিকা মধ্যে ক্রীড়াগারে নিভৃত স্থানের বন্দবস্ত হইতে পারিবে।

J, W, Smith,
Manager

শুক্রবার ২২ডিসেম্বর ১৮৭১ সাল।

হেলার সাহেবের এন্দ্রজালীক ক্রীড়াগার।

কলিকাতা গড়ের মাঠের নাট্য মন্দির।

২২শেডিসেম্বর শুক্রবার বেলা ৪ ঘটিকার সময় বালক ও বালিকা এবং স্ত্রী লোকদিগের সুবিধার জন্য এক অতিশয় আশ্চর্য্য ও হাস্য জনক ক্রীড়া প্রদর্শিত হইবে। এই কারণে বালক বালিকাদিগকে অর্দ্ধেক মূল্যে প্রবেশ করিতে দেওয়া যাইবেক।

বেলা সাত ঘটিকার পরেই ক্রীড়া সমাপ্ত হইয়া যাইবে।

বিবি হেলার কলিকাতা বাসী সম্ভ্রান্ত লোকদিগকে জ্ঞাপন করিতেছেন যে আগামী ২১ শে ডিসেম্বর বৃহস্পতি বার রজনী যোগে তাঁহার উপকার জন্য নূতন প্রকার ভোজবাজী ও অভুত পূর্ব্ব তামাসা প্রদর্শিত হইবে।

—০—

CIRCUA

Mr. P Decosta, who has been brought up as a Mechanical Engineer under Government and who was subsequently employed as Chief Engineer on steamers for several years, [illegible]ing set himself up as a Gas [illegible]er and Authorized Plumber [illegible] connection with the Water Works will be happy to nndertake jobs on moderate terms. His experience of twenty-two years in his line of business. will; he trusts serve as a sufficient guarantee for his ability in executing all orders satisfactorily.

Calcutta, No. 30, Zig Zag Lane.

বিজ্ঞাপন।

মেষ্টর পি, ডিকাষ্টা সাহেব যিনি গবর্ণমেণ্টের অধিনে থাকিয়া পরীক্ষোত্তীর্ণ হইয়া ক্রমাগত কয়েক বৎসরাবধি বাষ্পীয় জাহাজে চিফ ইঞ্জিনিয়ারের পদে কার্য্য নির্ব্বাহ করিয়াছেন এক্ষণে স্বয়ং ক্ষমতা প্রাপ্ত গ্যাসফিটিরি ও জলের কল সংক্রান্ত কার্য্য নির্ব্বাহের কারখানা করিয়াছেন, অতএব তিনি উক্ত শ্রেণির কর্ম্মে বাইশ বৎসর লিপ্ত থাকা প্রযুক্ত সুচারুরূপে তৎকর্ম্মে দক্ষতা লাভ করিয়াছেন, এক্ষণে সাধারণে তাহাকে উক্ত কর্ম্ম প্রদানে উৎসাহিত করিলে বোধ হয় তিনি সকলের চিত্তরঞ্জন করিতে সমর্থ হইবেন তাহার কোন সন্দেহ নাই।

কলিকাতা।
৩০ নং জিগ ২ লেন।

বিজ্ঞাপন।

শব্দাম্বুধি ৬৮০০০এ শব্দের অর্থাৎ সম্বলিত ২।০
হুতনাভিধান ২০০০০ [illegible]

অমরার্থ দীধিতি	... ১
হরিভক্তি বিলাস সটীক	.. ১০
সর্ব্বার্থ পূর্ণচন্দ্র ইহাতে অষ্টাদশ পুরাণের অনুবাদ গোড়ীয় ভাষায় ১অবধি ৩৫ সংখ্যাপর্য্যন্ত ...৮৸	
প্রতিমাসে এক ২ খণ্ড প্রকাশ হইতেছে..	।০
শ্রীমদ্ভাগবত গোড়ীয় ভাষায় অনুবাদিত ...	৮।
ওয়ার্ড কৃত হিন্দুদিগের বিবরণ ২ বালাম...	২০
গীতাবলি	.. ।০
অষ্টাদশ পর্ব্ব মহাভারত. প্রায় সহস্র পৃষ্ঠা	৪
সপ্তকাণ্ড রামায়ণ	২
আরব্যোপাখ্যান ১ নাং ৫ পঞ্চম খণ্ড	.. ৫
অপূর্ব্বোপাখ্যান,	২
বত্রিশ সিংহাসন,	১
আত্মকৃত ইং বাং ডিকসনারি অর্থাৎ ইং শব্দের ইং ও বাং অর্থসম্বলিত ৭২০ পৃষ্ঠা এ প্রকার ডিকনারি পূর্ব্বে কখন প্রকাশ হয় নাই	৫
শিবসংকীর্ত্তন	১
শকুন্তলার ইংরাজী অনুবাদ	.. ১
প্রবোধচন্দ্র নাটক	১
[illegible] পুরাণের অনুক্রমণিকা	।০
হিতোপদেশ ইং বাং সং	২
কাজীর বিচার	।০
অন্নদামঙ্গল, বিদ্যাসুন্দর মানসিংহ চৌরপঞ্চাশত এক জেলদ ১০ খণ্ড প্রতিমূর্ত্তী সম্বলিত	১
রোবক হকিম মৌলবী আবদুল মজিদকৃত পারস্য ভাষার অভিধান	৪০
রিচার্ডসন কৃত ইং পারস্য এবং পারস্য ও ইং ডিকসনরি ২ বালম	৫০
রোম দেশীয় ইতিহাস	৬
গ্রীক দেশীয় ঐ ঐ	৬
ইংলণ্ড দেশীয় ঐ ঐ	৬
ভারতবর্ষীয় ঐ ঐ	৩
প্রাচীন ইতিহাস	২
ন্যায়দর্শন	২৷।০
পুরাবৃত্ত বিবরণ	১
কেরি কৃতবাং ইং ডিকসনরি	.. ৫০
রামকমল কৃত ইং বাং ঐ	৩০
রাজা রামমোহন রায়ের জীবন চরিত্র	।০
কালিকুকের অমরকোষ	৮
মেকনাটিট কৃত হিন্দু ল	২০
গবর্ণমেণ্ট রিগুলেসন ১৭৯৩ সাং ১৮৩১ ইং রাজা ৯ বালাম	১০০
ঐ ঐ বাঙ্গালা	১০০
ঐ ঐ পারস্য ভাষায়	.. ১০০
[illegible]ণী আইনের সারসংগ্রহ ২ বালাম	১০
রাজস্ব সম্পর্কীয় আইনের ঐ	৬
পথ দর্শক গ্রন্থ ২ বালাম	১০

নানাপ্রকারমুদ্রাঙ্কন লৌহ যন্ত্রের আমদানি হইতেছে।

Printed and Published by U. C. Aroy at the Poorno Chunoordoy Press No17 Amratola Govind Chand Dhur's Street Calcutta

সংবাদপূর্ণচন্দ্রোদয়

প্রাত্যহিক পত্র।

[illegible]

[illegible] ২৩ ডিসেম্বর ১৮৭১ সাল। শকাব্দা ১৭৯৩ মাসিক ১ টাকা অগ্রিম ৮ টাকা সংখ্যা ১০,২৩৪

রেজিষ্টর নং ৫৪

সংবাদপূর্ণচন্দ্রোদয়

৯ পৌষ শনিবার সন ১২৭৮ সাল

অবগত হওয়া গেল যে হাবড়ার পয়প্রণালী নির্ম্মাণ জন্য হাবড়া মিউনিসিপালিটি গবর্ণমেণ্টের নিকট তিন লক্ষ টাকা কর্জ্জ লইয়াছেন।

যুবরাজ প্রিন্স অব ওলেসের ক্রমশঃ আরোগ্যাবস্থা শুনিয়া সকলেই সন্তোষ লাভ করিতেছেন এবং অনেকেই তাঁহার স্বাস্থ্য জন্য জগদীশ্বরের নিকট প্রার্থনা করিতেছেন।

রবার্ট সাহেবের বন্ধুগণ তাঁহার পক্ষে যে আবেদন পত্র লেপটেনেণ্ট গবর্ণর ক্যাম্বেল সাহেবকে লিখিয়াছিলেন তাহার আশানুরূপ ফল না হউক আংশিক ফল দর্শিয়াছে। লেপটেনেণ্ট গবর্ণর বাহাদুরের প্রাইবেট সেক্রেটারী বিডেন সাহেবের পত্র পাঠে অবগতি হইল যে ক্যাম্বেল বাহাদুর রবার্টস সাহেবকে যদিও পূর্ব্ব পদ প্রদান করিবেন না তত্রাচ তাহার সমান আর একটী উৎকৃষ্ট পদ প্রদানে অঙ্গীকার বদ্ধ হইয়াছেন। কিন্তু এপদ বিচার সম্বন্ধীয় কার্য্যালয়ে নহে। শ্রুত হওয়া গেল রবার্ট সাহেবেও তাহাতে সম্মত হইয়াছেন। লেপটেনেণ্ট গবর্ণর বাহাদুর রবার্ট সাহেবের প্রতি আর একটী অনুগ্রহ এই করিয়াছেন যে পূর্ব্বে যেমন তিনি জষ্টিস সভার সভ্য ছিলেন এখনও সেই রূপ থাকিবেন। আমরা লেপটেনেণ্ট গবর্ণর বাহাদুরের এই আজ্ঞায় সন্তোষ লাভ করিলাম। তিনি রবার্ট সাহেবকে মাজিষ্ট্রেটের পদ হইতে অন্তর করিয়া পুনরায় তাঁহাকে তাহার সমান মানের পদ অন্য ডিপার্টমেণ্টে প্রদানে স্বীকৃত হইবায় তাঁহার প্রতি সম্যক অবিচার হয় নাই। যাহা হউক এক্ষণে আমাদিগের বাঞ্ছনীয় এই যে রবার্ট সাহেব নূতন পদপ্রাপ্ত হইয়া উপরিস্থ কর্ম্মচারিদিগের সহিত সদ্ভাব রাখিয়া সাধারণের যেমন প্রশংসা ভাজন হইয়াছিলেন এবং যেরূপ সুখ্যাতি লাভ করিয়াছিলেন সেইরূপ সাধুবাদ এবং খ্যাতি লাভ করিয়া রাজকার্য্য নির্ব্বাহ করিতে থাকেন। রবার্ট সাহেবকে রাজকর্ম্মে পুনর্নিয়োগ করিলে কেবল যে রবার্ট সাহেবের উপকার হইবে এমত নহে সর্ব্ব সাধারণেই আহ্লাদিত ও উপকৃত হইবেন।

[illegible]
দাসত্ব শৃঙ্খল বল কে পরিবে পায়?
কোটি কল্প দাস থাকা নরকের প্রায়।
দিনকের স্বাধীনতা, স্বর্গ সুখ তায়।

বর্ত্তমানাবস্থায় হিন্দুদিগের যুদ্ধ বিদ্যাশিক্ষা করা উচিত কি না, এই বিষয়ের পর্য্যালোচনা করাই অদ্যকার প্রস্তাবের প্রধান উদ্দেশ্য। আপাততঃ হিন্দুরা পরম দয়ালু রাজপুরুষদিগের যত্নে বিদ্যালাভ অতুল করিয়া সভ্যশ্রেণীতে নিবিষ্ট হইয়াছেন। এমন কি অন্যান্য ভারতবাসীদিগের মধ্যে ইহারাই প্রধান সভ্য হইয়াছেন বলিলে বাহুল্য হয় না। কিন্তু কি আক্ষেপের বিষয়! সভ্যতার সঙ্গে সঙ্গে বিরসঙ্গ দুর্ব্বলতা তিরোহিত হইতেছে না। বাঙ্গালীরা যে অসীম ভীতু, ও দুর্ব্বল এটি প্রত্যেক জাতীদিগের মধ্যে দৃঢ় বিশ্বাস আছে। তাহার এক মাত্র প্রধান কারণ সাহসের কিঞ্চিৎ মাত্র চালনা নাই? মনুষ্য মাত্রেই যে বিষয় হউক না কেন শিক্ষা করিতে দৃঢ় প্রতিজ্ঞ হইলে অবশ্যই এক সময়ে না এক সময়ে তাহা সফল হইতে পারে। যদি আমরা সাহসী হইতে ইচ্ছা করি, এবং তদ চালনে অগ্রসর হই, অবশ্যই তাহা সফলবান হইব সন্দেহ কি? এক্ষণে আমরা এতদূর দুর্ব্বল যে, যদি কোন বলবান ব্যক্তি আক্রমণ করে, তখন আমরা আত্মরক্ষা করিতে একেবারে অসমর্থ হইয়া পড়ি। যদি আমাদিগের প্রজারক্ষক রাজার সহিত অন্য কোন বিপক্ষ বলবান রাজার সহিত যুদ্ধ হয়, এবং সেই যুদ্ধে যদি আমাদিগের রাজা পরাজিত হন, তবে আমরা প্রজা হইয়া আমাদিগের রাজার কোন উপকার করিতে পারিব না, ইহা কি সামান্য পরিতাপের বিষয়? ইহা কি প্রজার স্বধর্ম্মরক্ষা করা হয়! নিতান্ত কাপুরুষের ন্যায় কার্য্য তাহার আর সন্দেহ কি? কিন্তু কি আশ্চর্য্য! আমাদিগের বৃটিস গবর্ণমেণ্ট [illegible] কত যত্ন ও কত চেষ্টা করিতেছেন [illegible] এ মহৎ বিষয়ের প্রতি তাঁহাদের এত ঔদাস্য তাহা আমরা বুঝিয়া শেষ করিতে পারি না। " কেহ কেহ বলেন, বাঙ্গালীরা স্বভাবতঃ অতিশয় ভীতু, অস্ত্র শস্ত্র অভ্যাস করিবার অদ্যাপি সময় হয় নাই।" এটি প্রস্তাব করা যে কতদূর অসঙ্গত তাহা বিজ্ঞ মাত্রেই বিবেচনা করুন। ভীতু বলিয়া কি উৎসাহ প্রদান না করা রাজধর্ম্ম হইতেছে? প্রজাদিগকে দুর্ব্বল ও ভীতু রাখাই কি প্রজাপুঞ্জের রাজার কর্ত্তব্য কর্ম্ম হইতেছে। যখন গবর্ণমেণ্ট প্রথম প্রজাদিগের বিদ্যাভ্যাস নিমিত্ত সংস্কৃত কলেজ স্থাপন করেন, তখন কর্ত্তৃপক্ষীয়েরা নিজ নিজ সন্তানদিগকে উক্ত বিশ্ব বিদ্যালয়ে প্রেরণ করিতে ভীত হইয়াছিলেন। এমন কি গবর্ণমেণ্ট প্রত্যেক ছাত্রদিগকে টাকা দিয়া বিদ্যাভ্যাস করাইয়াছিলেন। যখন এতদূর বিদ্যাশিক্ষা করান রাজধর্ম্ম বিবেচিত হইয়াছিল তখন তাহার সহিত অস্ত্র শস্ত্র শিক্ষা করান উচিত হইতেছে না কেন?

"কেহ কেহ বলেন বাঙ্গালীরা অস্ত্র শস্ত্র শিক্ষা করিয়া অন্তে দুর্ব্বুদ্ধি হইবার সম্ভাবনা?" তাঁহারা নিজে একটী স্থির সিদ্ধান্ত করিয়া রাখিবেন, বাঙ্গালীদিগের হইতে এ বিষম অনিষ্ট হইবার কোন প্রকার সম্ভাবনা নাই। কিছু দিন অতীত হইল বাঙ্গালীদিগের যুদ্ধবিদ্যা শিক্ষা করাইবার [illegible] কতিপয় দেশহিতৈষী মহোদয় গবর্ণমেণ্টের নিকট আবেদন করেন, কিন্তু দুর্ভাগ্য বশতঃ তাহা বিফল হইয়া গিয়াছে। সুন্দর কায়কাপুরুষেরা এই বিষয় লইয়া তুমুল উপহাস করিয়াছিলেন। তাঁহাদের বিশেষ করিয়া স্মরণ করা উচিত যে তাঁহাদের পূর্ব্ব পুরুষেরা পশুর ন্যায় বনে ২ পর্য্যটন, উলঙ্গ অবস্থায় অবস্থান, কাঁচা মাংস ভোজন করিয়া এক সময়ে জীবিকা নির্ব্বাহ করিয়াছিলেন। এক্ষণে আমরা সম্ভ্রান্ত দেশহিতৈষী হিন্দুদিগকে এই বিষয়ের নিমিত্ত বিশেষ উদ্‌যোগী হইতে অনুরোধ করিতেছি। আমাদিগের পূর্ব্ব পুরুষের বীরত্ব জ্যোতি স্মরণ করিয়া দেখিলে নিশ্চয় বোধ যে, তাঁহারা সা- [illegible]পায়ে এই মহৎ বিদ্যালাভ ক[illegible] [illegible] [illegible] [illegible] সমরে নির্ভয়ে প্রাণত্যাগ করিয়াছেন। তাঁহারা অস্ত্রশিক্ষাভিলাসে কতদুর দৃঢ় প্রতিজ্ঞ হইয়াছিলেন, অর্জ্জুন তাহার এক প্রধান উপমাস্থল। ভীষ্ম ও কর্ণের জীবন বৃত্তান্ত পাঠ করিলে বিষম আশ্চর্য্য বোধ হয়। এই অশেষগুণালঙ্কৃতা ভারতভূমিতে কত শত বীর, বীরত্ব প্রকাশ করিয়া চিরস্মরণীয় কীর্ত্তিস্তম্ভ সংস্থাপন করিয়া গিয়াছেন। অতএব অবশ্য আমাদিগকে এবিষয়ে সফল হইবার নিমিত্ত দৃঢ় প্রতিজ্ঞ হওয়া কর্ত্তব্য হইতেছে।

" স্মরহ ইক্ষ্বাকু বংশে কত বীরগণ,
পরহিতে, দেশহিতে, ত্যজিল জীবন,,
স্মরহ তাঁদের সব কীর্ত্তি বিবরণ,
বিরত্ব বিমুখ কোন ক্ষত্রিয় নন্দন!,,

প্রেরিত পত্র।

মান্যবর শ্রীযুক্ত সংবাদ পূর্ণচন্দ্রোদয় সম্পাদক মহাশয় সমীপেষু।

সম্পাদক মহাশয়! অনুগ্রহ পূর্ব্বক আপনার সংবাদ পূর্ণচন্দ্রোদয় পত্রৈক পার্শ্বে নিম্ন লিখিত বিষয়টী স্থান প্রদান করিয়া চির বাধিত করিবেন।

গত ২রা পৌষ শনিবার বেলা ৪ চারি ঘটিকার সময় শ্যামবাজারে শ্রীযুক্ত বাবু হরিবংশ নিয়োগী মহাশয়ের বাটীতে "শ্যামবাজার শুভদায়িনী" সভার ষাণ্মাসিক অধিবেশনের পর প্রথম সাপ্তাহিক অধিবেশন হইয়া গিয়াছে। সভাস্থলে সভ্য ও দর্শকে প্রায় ১০।১৫ জন উপস্থিত ছিলেন। প্রথমে সহকারী সম্পাদক শ্রীযুক্ত বাবু মহেশলাল শূর, সম্পাদক শ্রীযুক্ত বাবু অমৃতলাল করের জ্বর প্রযুক্ত অনুপস্থিতিতে গত ষাণ্মাসিক সভার সংক্ষিপ্ত কার্য্য বিবরণ পাঠ করিয়া প্রস্তাব করিলেন, অদ্য সভাপতি মহাশয় প্রবন্ধ রচয়িতার ভার গ্রহণ করিয়াছেন অতএব অদ্য অন্য এক জনকে সভাপতির কার্য্যে নিযুক্ত করা উচিত তদনুসারে আমি প্রস্তাব করি যে উপস্থিত সভ্যগণের মধ্যে শ্রীযুক্ত বাবু বরদা কিঙ্কর চক্রবর্ত্তী মহাশয় যদি অনুগ্রহে সভাপতির আসন পরিগ্রহ করেন, তাহা হইলে সভা পরম উপকৃতা হইবে। এইরূপ সহঃ সম্পাদকের প্রস্তাবেও সমস্ত সভ্যের পোষকতায় শ্রীযুক্ত বাবু বরদা কিঙ্কর চক্রবর্ত্তী মহাশয় সভাপতির আসনে আসীন হইলেন। তৎপরে মান্য[illegible] [illegible] শ্রীযুক্ত রামকুমার ভট্টাচার্য্য মহাশয় উপস্থিত হওয়াতে বর্ত্তমান সভাপতি তাঁহাকে সভাপতির আসন গ্রহণ করিতে অনুরোধ করিলেন। কিন্তু পণ্ডিত মহাশয় তাহাতে সম্মত না হওয়াতে বরদা বাবুকে অগত্যা পূর্ব্বাসনে উপবিষ্ট হইতে হইল। তৎপরে সহঃ সম্পাদক প্রবন্ধ রচয়িতা শ্রীযুক্ত বাণীনাথ নন্দীকে স্বীয়াসন গ্রহণ করিতে অনুমতি করিলে পর তিনি উক্ত আসন গ্রহণ করিলেন। তিনি বক্তৃতার পূর্ব্বে বলিলেন "মান্যবর সভাপতি, সভ্য ও দর্শকগণ! কোন বিশেষ কারণ বশতঃ আমার ইচ্ছা সত্তেও প্রবন্ধ লিখিতে পারি নাই অতএব আমি অদ্য কিঞ্চিৎ মৌখিক বক্তৃতা করিব তাহার অসার ভাগ পরিত্যাগ করিয়া সার গ্রহণ করিলেই চরিতার্থ হইব।" প্রবন্ধ ইদানীন্তন বিদ্যালয়স্থ বালকগণের প্রধান ২ দোষ সংশোধনের উপায়। তদুপলক্ষে বক্তা বলেন যে 'প্রথমতঃ পিতা মাতাদের অতিরিক্ত স্নেহ ও উপযুক্ত সাবধানাভাব বশতঃ ইদানীন্তন বিদ্যালয়স্থ বালকদিগের চরিত্র অত্যন্ত দুষ্ট হইয়া পড়ে। বিদ্যালয়ের শিক্ষা প্রণালী ও নিয়মাবলীর দোষেও ঐরূপ হইয়া থাকে। পিতা মাতার অসাবধানতায় অধিকাংশ বালক মন্দ সঙ্গে কাল যাপন করে. গৃহে বা বিদ্যালয়ে সদুপদেশ উত্তমরূপে প্রাপ্ত হয় না এবং সঙ্গদোষে সমুদায় কুকার্য্য অভ্যাস করে. পিতা মাতা সন্তানদিগকে যেরূপ উপদেশ দেন, নিজে সেরূপ কার্য্য করেন না, সুতরাং উপদেশ অপেক্ষা আদর্শ বালক মনে দৃঢ়ভাবে বদ্ধ হইবে সন্দেহ নাই এই সকল কারণেই এক্ষণকার বালকদিগের ওরূপ মন্দ স্বভাব হয়। এই সকল অভাব দূরীভুত হইলে বালকদের চরিত্র শোধিত হইতে পারে।

এতদ্ভিন্ন বক্তা আরও অনেক কারণ ও উপায় প্রদর্শন করান।

তৎপরে বক্তা স্বীয়াসনে উপবিষ্ট হইলে পণ্ডিত রামকুমার ভট্টাচার্য্য মহাশয় বক্তাকে ধন্যবাদ দিয়া বলেন যে "শুদ্ধ পিতা মাতার স্বভাব দেখিয়া বালকেরা দুষ্ট হয় না, সঙ্গদোষে অধিক পরিমাণে হয়। যেরূপ উর্ব্বরা ক্ষেত্রে ধান্য-বীজ রোপিত হইলেও ভ্রূণ জন্য তাহা বৃদ্ধি প্রাপ্ত হয় না।,,

তাহার পর মহেন্দ্র বাবু বলেন এরূপ অনেক দেখা যায় যে পিতা মাতা সৎ কিন্তু সন্তানেরা দুষ্ট তাহার কারণ কি?

পণ্ডিত ভট্টাচার্য্য মহাশয় বলেন 'শুদ্ধ সঙ্গদোষে।, কেদারনাথ মিত্র বলেন, 'বাটীতে ও বিদ্যালয়ে ধর্ম্মনীতি শিক্ষা দিলে বালকদের দোষ সংশোধিত হইতে পারে,, এইরূপে অনেকে অনেক বলিলে পর সভাপতি মহাশয় মীমাংসা করেন।

সভাপতি অদ্যকার বক্তা প্রশংসাই বটে। তিনি যাহা বলিয়াছেন তাহা সকলেরই হৃদয় গ্রাহী হইয়াছে। বালকদের মন যে সহসা অসৎ পথে ধাবিত হয় তাহার কারণ, যখন পুত্র কন্যাগণ মাতৃগর্ভে জন্ম ধারণ করে তখন মাতার মন যেরূপ ভাবে অবস্থিত, সন্তানের স্বভাবও সেইরূপ হইয়া থাকে।

সভাপতি মহাশয় এইরূপে অনেক সদুপদেশ প্রদান করিলে পর বেলা সাড়ে ৫ টার পর সভাপতি মহাশয়কে ধন্যবাদ দিয়া সভা ভঙ্গ হইল।

একান্ত বশম্বদ।

শ্রী বানীনাথ নন্দী।

সাং সিকদার বাগান।

তাং ৫ই পৌষ।

১৭৯৩ শক।

নীলামী ইস্তাহার।

ইস্তাহার নামা কাছারি ডিপুটী কালেকটরি জেলা চব্বিশ পরগণা।

বৈঠক শ্রীযুক্ত মেং উলিয়ম হেশ্যাম সাহেব ডিপুটী কালেকটর।

এতদ্দ্বারা সর্ব্ব সাধারণ ব্যক্তিগণকে জ্ঞাত করা যাইতেছে যে রিবিনীউ বোর্ডের সন ১৮৭০ সালের ৬ মে তারিখের ১৭২ বিঃ নম্বর চিঠীর হুকুম মতে মাথলা রেলওয়ের উদ্ধর্ত্ত ইস্তক বাসড়া ষ্টেসন নাগাদ মাথলা পর্য্যন্ত বিঃ ক্লাসের কমবেশ ২৬৯।২৮৶ বিঘা জমি পৃথক২ লাটে বিভাগ করিয়া সন ১৮৭২ সালের ৫ জানুয়ারি মোং সন ১২৭৮ সালের ২২ পৌষ শুক্রবার দিবা দুই প্রহরের সময় মোকাম আলিপুরের ডিপুটী কালেকটরি কাছারিতে অস্মদ সমীক্ষার নিম্নের লিখিত সরৎ অনুসারে নিষ্কর উল্লেখে ডাক বিক্রয় হইবেক।

২ দফা। যে জমি বিক্রয় হইবেক ভবিষ্যতে যদ্যপি ঐ জমী সরকারী কোন কার্য্যের নিমিত্তে গবর্ণমেণ্টের প্রয়োজন হয় তবে যে মূল্যে এইক্ষণে বিক্রয় হইবেক ঐ মূল্য তৎকালীন ফেরৎ দিয়া খারদ করিয়া লওয়া যাইবেক কিন্তু ঐ জমির উপর যদ্যপি কোন আওলাৎ কি ইমারতাদি প্রস্তুত হয় তবে তাহার মূল্য ও ঐ জমি উর্ব্বরা করিতে ব্যয় করিয়া খাল খন্দক ভরাট করিলে তাহার খরচা আলাহেদা দেওয়া যাইবেক।

৩ দফা। যত টাকা পোণে ঐ ভূমি বিক্রয় হইবেক তাহার শত করা ২৫ টাকা হিসাবে নগদ বা নোটে নীলামের পর ২ দুই ঘণ্টার মধ্যে দাখিল করিয়া বক্রী টাকা নীলামের দিবস হইতে অষ্টম দিবসের দিবা দুই প্রহরের মধ্যে দাখিল না করিলে আমানতি টাকা সরকারে জব্দ হইয়া পুনর্ব্বার নীলামে ডাক করা যাইবেক তাহাতে মূল্যের ন্যূন হইলে প্রথম খরিদার তাহার দায়ীক হইবেক খরিদাকাঙ্ক্ষী ব্যক্তিগণ উক্ত দিবসে হাজীর হইয়া খরিদ করিবেন, যাহার ডাক সকলেও উচ্চ হইবেক তাহারি ডাক বিট করিয়া পোণের বেবাক টাকা দাখিল করিলে নীলাম খরিদের সর্টিফিকেট দেওয়া যাইবেক আর উক্ত জমির নক্সা ইত্যাদি কাগজাত যাহা দৃষ্টি করিতে ইচ্ছা করেন তাহা মোকাম আলিপুরের ডিপুটী কালেকটরি কাছারিতে দৃষ্টি করিতে পারিবেন।

W. HEYSHAM,
Deputy Collector.
ডবলিউ হেশ্যাম।
ডিপুটী কালেকটর।

শ্রী রামকৃষ্ণ চৌধুরী।
মোহরি।

আলিপুর।
ডেপুটী কালেকটরের আফিস।
তারিখ ২১ ডিসেম্বর।
সন ১৮৭১ সাল।

বিজ্ঞাপন।

সর্ব্ব সাধারণের গোচরার্থে এই বিজ্ঞাপন দেওয়া যাইতেছে যে সন ১৮৫৯ সালের ১১ আইনের ৩ ধারা মতে লোয়ার প্রবিনসের রেবিনিউ বোর্ডের আদেশানুসারে প্রতি বৎসর ২৮ জুন তারিখে খাস মহাল ডিহি ৫৫ গ্রাম সংক্রান্ত সকল প্রকার ভুমীর রাজস্ব দাখিল করিতে হইবে উপরোক্ত দিবসে অথবা তৎপুর্ব্বে খাজানা দাখিল না করিলে ৫৫ গ্রামের বাকী পড়া সমস্ত ভুমী সন ১৮৬৮ সালের বাঙ্গাল কোনসেলের ৭ আইনের বিধান মতে প্রকাশ্য নীলামে সর্ব্ব উচ্চ ডাককারিকে বিক্রয় করা যাইবে।

By order of the Member in charge,
(Sd) D. J. McNEILE.
Offg. Secretary.

ডি. জে মেকনীল।
আফিসিএটিং সেক্রেটারী।

৬ ই অকটোবর।
সন ১৮৭১ সাল।

বিজ্ঞাপন।

বেহালা।

হরিভক্তি প্রদায়িনী সভা।

আগামী ১০ পৌষ রবিবার অপরাহ্ণ পঞ্চম ঘটিকার সময়ে প্রাগুক্ত সভার একবিংশ সাম্বৎসরিক মহাসভা হইবেক স্বধর্ম্ম পরায়ণ সাধুগণ তৎ সময়ে সভামন্দিরে সমাগত হইয়া সভা এবং তদানুসঙ্গিক কার্য্যাদি দর্শন এবং হরি গুণানুবাদ শ্রবণ ও কীর্ত্তন করিবেন।

কার্য্য বিবরণ।

১। উদয়াস্ত কাল পর্য্যন্ত হরিসংকীর্ত্তন, এবং পূর্ব্বাহ্ণ বেলা ইংরাজী সাত টার সময় কলিকাতা শাঁকারিটোলাস্থ ভগবদ্ভক্তি প্রদায়িনী সভার সভ্যগণ কর্ত্তৃক নগর কীর্ত্তন।

২। হরিহর এবং তুলসীদেবীর পুজা।

৩। ব্রাহ্মণ ভোজন।

৪। কাঙ্গালী ভোজন।

৫। ব্রাহ্মণ পণ্ডিতগণের বিচার ও বিদায়।

৬। শ্রীশ্রীশ্রীধর জীউকে সভাপতি মহাশয়ের ভবন হইতে বেলা অপরাহ্ণ চতুর্থ ঘটিকার সময়ে নগর কীর্ত্তন করত সভায় আনয়ন।

৭। [illegible] পঞ্চম ঘটিকার [illegible]

৮। সভ্যগণ কর্ত্তৃক স্তোত্র পাঠ।

৯। সম্পাদক এবং সহকারি সম্পাদক কর্ত্তৃক বক্তৃতা।

১০। মৃদঙ্গ ও তানপুরা যন্ত্রাদিযোগে সংগীত।

১১। সভ্যগণ-নাম সংকীর্ত্তন পূর্ব্বক বারচতুষ্টয় সভামন্দির প্রদক্ষিণ।

শ্রী গুরুদয়াল রায় শর্ম্মণঃ।
সম্পাদক।

তাং ৪ পৌষ। ১২৭৮ সাল।

FINE ARTS EXHIBITION.

শিল্প কর্ম্মের মেলা।

ডেল হৌসী ইনষ্টিটিউট অর্থাৎ লাল দিঘির দক্ষিণ নূতন প্রস্তর নির্ম্মিত গৃহে।

মহামান্যবর শ্রীলশ্রীযুক্ত লর্ড মেও এবং শ্রীমতী লেডী মেওর বিশেষ সাহায্যে এই মেলা প্রদর্শিত হইবে।

এইক্ষণে প্রতি দিবস প্রদর্শিত হইতেছে।

টিকিটের মূল্য।

একবারে এক সপ্তাহের মূল্য ৫ টাকা।
একজনের প্রবেশ ঐ ১ টাকা।

সংবাদপূর্ণচন্দ্রোদয়

প্রাত্যহিক পত্র।

[illegible] নাম [illegible] সংবাদ সোমং [illegible]।
[illegible] সংপূর্ণচন্দ্রোদয়োসৌ।

[illegible] খণ্ড ১২ পৌষ মঙ্গলবার ১২৭৮ সাল ইং ২৬ ডিসেম্বর ১৮৭১ সাল। শকাব্দা ১৭৯৩ মাসিক [illegible]

রেজিষ্টর নং ৫৪

সংবাদপূর্ণচন্দ্রোদয়

১২ পৌষ মঙ্গলবার সন ১২৭৮ সাল

বেহালা হরিভক্তি প্রদায়িনী সভা।

গত ১০ পৌষ উক্ত সভার একবিংশ সাম্বৎসরিক মহাসভা অতি সমারোহ পূর্ব্বক নির্ব্বাহ হইয়াছে। তথায় সভাপতি শ্রীযুত বাবু বনমালী বন্দ্যোপাধ্যায় সম্পাদক শ্রীযুক্ত বাবু গুরুদয়াল রায় আচার্য্য শ্রীযুক্ত নবকুমার ন্যায়রত্ন শ্রীযুক্ত রাধাশ্যামনরেন্দ্র সনাতন ধর্ম্ম [illegible] ঘোষ শ্রীযুক্ত বাবু যদুলাল মল্লিক [illegible] বাবু মধুসূদন দত্ত শ্রীযুক্ত বাবু কেশবলাল মল্লিক শ্রীযুক্ত কৃষ্ণদয়াল ধর প্রভৃতি বহুতর সম্ভ্রান্ত ও ধর্ম্মপরায়ণ মহাত্মাগণের সমাগম হইয়াছিল। উপস্থিত জনগণ মাত্রেই সভাকার্য্য দর্শনে পরম পরিতোষ লাভ করিয়াছেন। ভগবৎ পরায়ণ ব্যক্তিগণ হরিসংকীর্ত্তন শ্রবণে এবং কাঙ্গালী ভোজন ব্রাহ্মণ বিদায় শ্রীমদ্ভাগবত পাঠ ও ব্যাখা প্রভৃতি সভার সাত্তিক কার্য্যানুষ্ঠান সকল দর্শনে উক্ত সভার অধ্যক্ষ সম্পাদক এবং অন্যান্য সাহায্য দাতৃগণের প্রতি ভুয়সী প্রশংসা করিয়াছেন।

জগদীশ্বর প্রসাদে আমাদিগের সনাতন ধর্ম্মের এতাদৃশ গৌরব ও আলোচনা দেখিয়া আমরা কি পর্য্যন্ত আহ্লাদিত হইলাম লেখনী দ্বারা বর্ণনা করা অসাধ্য। আমরা আজি কালি যে এই একটি ধর্ম্ম সভা দেখিতেছি এমত নহে স্থানে২ অনেকানেক ধর্ম্মসভা সংস্থাপিত হইয়াছে। ইহাতে আমাদিগের এরূপ ভরসা হইতেছে যে পরিণামে, সনাতন ধর্ম্মের জয় হইবেই হইবে। ব্রাহ্মগণ ইহার কোন অনিষ্ট সম্পাদনে সক্ষম হইবে না। এই ধর্ম্ম সভা সম্বন্ধে আমরা এই পত্রে কতই ক্রন্দন করিয়াছি। যদিও আমাদিগের ক্রন্দনের ফল সম্যক দর্শে নাই তত্রাচ কিয়দংশে দর্শিয়াছে। অবশ্যই স্বীকার্য্য যে ধার্ম্মিকগণ একেবারে নিশ্চিন্ত হইয়া রহেন নাই। এখন এরূপ সভার সংখ্যা যত বৃদ্ধি হয় ততই মঙ্গলের বিষয়। হে ধর্ম্ম! সদয় হইয়া ধার্ম্মিক জনগণকে তোমার সমাদর জন্য উত্তেজিত কর। তোমার প্রকৃত উন্নতি দেখিলে আমাদিগের চিত্ত কি পর্য্যন্ত প্রফুল্লিত হয় তাহা বলিতে পারি না। কিন্তু দুঃখের বিষয় এই যে ধনী জনগণ এ বিষয়ে সম্যক উৎসাহ করেন না। এরূপ কার্য্যে যাহাদিগের অর্থের সার্থ[illegible] না হয় তাহাদিগের অর্থের ফল কি? যাহারা ধর্ম্ম সভা সমূহের সাহায্যার্থে দান না করেন তাহারা দাতা নামের বাচ্য হইতে পারেন না। আমরা ভরসা করি ধনী জনগণ এই হরিভক্তি প্রদায়িনী সভা; সনাতন ধর্ম্মরক্ষিণী সভা প্রভৃতি ধর্ম্ম সভার প্রতি মুক্তহস্ত হইয়া সনাতন ধর্ম্মের উন্নতি করুন।

—০—

সিমুলিয়া জ্ঞানোৎসাহিনী সভা।
৬৪ নং করওয়ালিস ষ্ট্রীট।
কলিকাতা॥

———

শকাব্দা ১৭৯৩। ১ পৌষ।

সুচনা।

সকল জীব অপেক্ষা মনুষ্যই শ্রেষ্ঠ এবং ভবার্ণবে পদার্পণ করিয়া যাহাতে মনুষ্য জন্মের স্বার্থকতা সম্পাদন হয় সকল মানবেরই তাহা চেষ্টা করা বিধেয়। অর্থ বা নিজ বল দ্বারা পরহীত সাধন করাই যে মনুষ্যের একটী প্রধান এবং সর্ব্বোৎকৃষ্ট কার্য্য তাহার আর অনুমাত্র সন্দেহ নাই। পরম পিতা পরমেশ্বরের আশির্ব্বাদে অদ্য ১লা পৌষ ১৭৯৩ শকাব্দে "সিমুলিয়া জ্ঞানোৎসাহিনী সভা," নামক আমরা এই সভাটী সংস্থাপন করিলাম। সভার উদ্দেশ্যঃ—সাধারণ লোক সমাজের হীত ব্রতে ব্রতী ও বালকদিগের যাহাতে বিদ্যার উন্নতি হয় সে বিষয়ে যত্নবান হওয়া. অর্থাৎ সাহিত্য; বিজ্ঞান. ইতিহাস এবং মধ্যে২ উপকার জনক প্রবন্ধ সকল লিখিয়া সাধারণ সমীপে পাঠ করতঃ দিন২ উন্নতি পথে আরোহণ করা যে অতীব কর্ত্তব্য তাহা বালকদিগের দ্বারাই সম্পাদন হইবেক। কিন্তু ইহা বলা বাহুল্য যে, আমাদিগের এতাদৃশ সামান্য ক্ষমতায় এবম্বিধ মহৎ বিষয়ে হস্তক্ষেপ কেবল হাস্যাস্পদ মাত্র এবং পুস্তক ও পত্রিকাদি ক্রয় করিয়া যে বালকদিগের উন্নতি সাধন করিব তাহাও কোন মতে সম্ভবপর নহে তবে নিতান্তই পরমুখাপেক্ষী অর্থাৎ স্বদেশ হিতৈষী বিদ্যানুরাগী মহোদয়গণের সাহায্য প্রয়োজনীয়। আমরা কাহার নিকট অর্থের সাহায্য যাচিঞা করি না, কেবল সম্ভ্রান্ত আর্য্য মহাশয়দিগের সাহায্যই যথেষ্ট হইবেক। যদ্যপি প্রত্যেক গ্রন্থকর্ত্তা ও পত্রিকা সম্পাদক মহাশয়গণ অনুকম্পা বিতরণ পূর্ব্বক স্বীয়২ গ্রন্থ ও পত্রিকার এক২ খণ্ড প্রেরণ করিয়া এ সভার মঙ্গল সাধন ও তদ্দ্বারা প্রকৃত মহত্তের পরিচয় দিয়া মনুষ্য নামের সার্থকতা সম্পাদন করেন তাহা হইলে আমরা যাবজ্জীবন কৃতজ্ঞতা পাশে আবদ্ধ থাকিব। এবং ইহাও বলা বাহুল্য যে তাঁহারদিগের শত সহস্র খণ্ড পুস্তকের মধ্য হইতে এক২ খণ্ড দান করিলে তাঁহাদিগকে বিশেষ ক্ষতিগ্রস্ত হইতে হইবেক না, অথচ এ সভা সম্বন্ধে যে কত উপকার করা হইবেক তাহা এক মুখে ব্যক্ত করা যায় না। এক্ষণে সাধারণ সমীপে বিনীতভাবে নিবদেন এই যে, যে যে মহাশয়েরা পুস্তক ও পত্রিকাদি এ সভায় প্রদান করিবেন অত্যন্ত আ

সহকারে তাঁহাদিগের নাম সংবাদপত্রে প্রকাশিত হইবেক।

নিয়মাবলী।

১। প্রতি মাসের দুই শনিবারে অর্থাৎ পাক্ষিক অধিবেশন হইবে। রজনী ৭ টা হইতে ৯ ঘটিকা পর্য্যন্ত সভাকার্য্য নির্ব্বাহ হইয়া সাড়ে নয়টার সময় সভা বন্ধ হইবে।

২। সভ্যদিগের মধ্যে যিনি যে অধিবেশনে প্রবন্ধ পাঠ করিবেন, তাঁহার সেই প্রবন্ধ সমাপ্তে যদ্যপি কাহার কোন বলিবার কথা থাকে অবশ্যই তাহা শুনিতে হইবে। ইংরাজী ও সংস্কৃত ভাষায় প্রবন্ধও এ সভায় পাঠ্য।

৩। সভ্যগণ কর্ত্তৃক প্রবন্ধ পাঠ হইলে সভার পুস্তকে লিখিত হইয়া সেই সকল প্রবন্ধ সংবাদ পত্রে প্রকাশিত হইবে।

৪। নির্দ্দিষ্ট সময়ের নিমিত্ত কেহ সংবাদপত্র পাঠ করিতে ইচ্ছা করিলে তিনি বিনা ওজরে পাইবেন।

৫। সভ্যগণ যাহাতে এ সভার উন্নতি সাধন হয় তদ্বিষয়ে সাধ্যমত যত্ন করিবেন।

৬। সভায় কেহ সভ্য হইতে ইচ্ছা করিলে তিনি সভ্যপতি মহাশয়কে তাঁহার হস্ত লিপি প্রেরণ করিবেন, কিন্তু ইহা বলা বাহুল্য যে তিনি অতি সাদরে গৃহীত হইবেন।

৭। সামাজিক বৈজ্ঞানিক কিম্বা কোন নীতিগর্ভ বক্তৃতা করিলে সভা তাহা সাদরে গ্রহণ করিবে।

৮ সভার কাগজ পত্রে মোহরাঙ্কিত থাকিবে।

৯। সভার দ্রব্যাদি যাহা কিছু আছে বা হইবে সকল সভাপতি মহাশয়ের অধীনে থাকিবে।

সভার জন্ম দিন উপলক্ষে সভাপতির বক্তৃতা।

যিনি পৃথিবীর যাবতীয় জীবের সৃষ্টি স্থিতি প্রলয়কর্ত্তা, যিনি পৃথিবীর সকল স্থানেই বিরাজমান এবং যিনি প্রয়োজনানুসারে দ্রব্যাদি প্রদান করিয়া আমাদিগের দুঃখ হরণ ও সুখ বিধান করিতেছেন, সেই জগৎ স্রষ্টা পরম পিতার চরণে বারম্বার প্রণিপাত করি। পিতঃ! তোমার প্রসাদে অদ্য এই সভার সমবেত হইয়া আমরা যে কি আনন্দ অনুভব করিতেছি তাহা তুমি ব্যতীত আর কে জানিতে পারিবে। হে ঈশ্বর! হে জগদীশ্বর! তুমি আমাদিগকে যে অনুগ্রহে পৃথিবীতলে প্রেরণ করিয়াছ সেই অনুগ্রহ ও সেই দয়া প্রকাশ পূর্ব্বক আমাদিগের কুপথান্বিত মনকে সতত প্রসন্ন করিয়া রাখ। সভ্যগণ! অদ্য সভার জন্মদিন উপলক্ষ করিয়া আমাদিগের যে একটী অপূর্ব্ব সংঘটন হইয়াছে তাহার আর অণুমাত্র সন্দেহ নাই। এবং আমাদিগের অন্তরে যে সেই আনন্দ, সেই সুখ কি ভাবে বিরাজ করিতেছে তাহা অন্তর্য্যামী বিশ্বপতি ব্যতীত আর কে অনুভব করিতে পারিবে? বলিতে পারি না সভার কিরূপ ঘটনা উপস্থিত হইবে, কিন্তু যদ্যপি বিপক্ষ পক্ষের কৌতুক ও উপহাস সহ্য করিয়া দিন দিন উন্নতি পথে আরোহণ করিতে পারে, তবে আমাদিগের এবম্বিধ বহুতর কষ্ট, পরিশ্রম ও যত্ন দেখিয়া, কোন ব্যক্তি না উৎসাহ দিয়া ক্ষান্ত থাকিবেন? কোন ব্যক্তি না সাহায্য দিয়া মর্ম্ম বেদনা প্রদান করিবেন? কিন্তু যদি সাধু সদাশয় স্বদেশ হিতৈষী জনগণের নিকট সংকর্ম্মের অনাদর সম্ভবপর হয়, তাহা হইলে সভা একদিন নীচ অবস্থায় পতিত হইলেও হইতে পারে।

সভ্যগণ! অদ্য এই সভার জন্মদিন উপলক্ষ করিয়া যে সকল সদাশয় ব্যক্তিগণ অনুগ্রহ প্রকাশ পূর্ব্বক আমারদিগের সভায় উপস্থিত হইয়াছেন তাঁহাদিগকে একবার দেখুন। দেখুন তাঁহারা আমারদিগের আনন্দে কেমন সমুৎসুক মনে উপবেশন করিয়া সভার শ্রী সম্পাদন করিতেছেন। সভ্যগণ! আপনারা তাঁহাদিগের নিকট কৃতজ্ঞ সহকারে কৃতজ্ঞতা প্রকাশ পূর্ব্বক আপনাদিগের কর্ত্তব্য কর্ম্ম সাধন করিয়া বলুন, যেন তাঁহারা এই আশীর্ব্বাদ করেন, যাহাতে আমরা আজীবন তাঁহাদিগের সহিত এইরূপ নির্ম্মল আনন্দ সম্ভোগ করিতে পাই।

সভাপতি ও সম্পাদক
শ্রীযুক্ত বাবু হীরালাল দত্ত।

উপস্থিত সভ্যগণের নাম।

শ্রীযুক্ত বাবু মণিমোহন দত্ত।
শ্রীযুক্ত ,, মহেশচন্দ্র দত্ত।
শ্রীযুক্ত , দীননাথ ভড়।
শ্রীযুক্ত ,, গিরিশচন্দ্র দে।
শ্রীযুক্ত ,, ইন্দ্রকুমার দাস।
শ্রীযুক্ত ,, গগণচন্দ্র দাস ঘোষ।
শ্রীযুক্ত ,, তিনকড়ি দত্ত।

সংবাদ সারালী।

দিল্লী।

ওলাউঠার সাতিশয় ধুম হওয়ায় পঞ্জাবের ছোট লাট বাহাদুর সেনিটারি অর্থাৎ স্বাস্থ্য সম্বন্ধীয় কমিসনরকে তদন্ত করিতে আদেশ করিয়াছিলেন। তিনি অনুসন্ধানের পর রিপোর্ট করিয়াছেন যে তথাকার জল বায়ু সাতিশয় দূষিত হইয়াছে বলিয়া এই দুর্ব্বিসহ ব্যাপার সর্ব্বদা সংঘটন হইতেছে। জল বায়ুর যাহাতে সংস্কার হয় এমত করা অতীব কর্ত্তব্য।

অপমৃত্যু।

সে দিবস চুরটপাড়ার একজন স্বর্ণকার আত্ম হত্যা হইয়া প্রাণ ত্যাগ করিয়াছে। অবগতি হইল যে তাহার কর্ম্ম যাওয়ার জন্য কষ্টে পড়ায় সে এরূপ কার্য্য করিয়াছে। আহা! আত্ম হত্যার কথা শুনিলে শরীর রোমাঞ্চ হয়।

বোম্বাই।

শুনা গেল যে বোম্বায়ের কোন সম্পাদক যুবরাজ প্রাণত্যাগ করিয়াছেন এরূপ সংবাদ লিখিয়াছিলেন। কি আ[illegible]

চা।

তিন শত মন চা সম্প্রতি কৃষ্ণগঞ্জে নষ্ট হইয়া গিয়াছে। অবগতি হইল যে ঐ চা কলিকাতা এবং দারজিলিং কোম্পানির ছিল। কি দুঃখ।

রাজকর্ম্মে নিয়োগ।

লেপ্টেনেন্ট গবর্ণরের আদেশানুসারে নিয়োগ

রেবিনিউ ও জেনেরল ডিপার্টমেন্ট

১১৯ নম্বর

শ্রীযুত বাবু কুলদানন্দ মুখোপাধ্যায় ছুটী প্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত বাবু শ্রীনাথ রায় ঢাকা ও ফরীদপুরের আডিশ্যনল সবরডিনেট জজের কর্ম্ম করিবেন।

১৮৭১ সাল ২৭ নবেম্বর।

শ্রীযুত হিউ গিলমোর উইলকিন্স সাহেব যে তারিখে কর্ম্মের ভার গ্রহণ করেন সেই তারিখ অবধি অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত ভাগলপুরের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্টের কর্ম্ম করিবেন।

শ্রীযুত জেমস পাচ সাহেব বিশেষ

কর্ম্মে নিযুক্ত হওয়াতে তাঁহার অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন প র্য্যন্ত শ্রীযুত চার্লস আর্ম্মষ্ট্রং ফিশর সা হেব শ্রীহট্টের পোলীসের ডিষ্ট্রিকট সুপ রিণ্টেণ্ডেণ্টের কার্য্যালয়ের অধ্যক্ষতা ভার পাইবেন।

সিবির্ণডি
বঙ্গদেশের গবর্ণমেণ্টের।
একটিং সেক্রেটারী।

প্রেরিত পত্র।

মান্যবর শ্রীযুক্ত সংবাদ পূর্ণচন্দ্রোদয় সম্পাদক মহাশয় সমীপেষু।

সম্পাদক মহাশয়! অনুগ্রহ পূর্ব্বক আপনার সংবাদ পূর্ণচন্দ্রোদয় পত্রেক পার্শ্বে নিম্ন লিখিত বিষয়টী স্থান প্রদান করিয়া চির বাধিত করিবেন।

গত ৩ রা পৌষ রবিবার অপরাহ্ন ৫ ঘটিকার সময় শ্যামবাজারস্থ বঙ্গ বিদ্যালয়ের প্রশস্ত দালানে টালা জ্ঞানদীপিকা সভার একটী নুতন ইংরাজী বিভাগ খোলা হইয়াছে। উক্ত সভাস্থলে প্রায় ২০।২৫ জন লোক উপস্থিত [illegible] ছিলে[illegible] নিক সম্পাদক শ্রীযুক্ত বাবু রামচন্দ্র [illegible] লিত মহাশয় সভারম্ভ সূচক ইংরাজী ভাষায় কিঞ্চিৎ বলিলে পর সম্পাদক মহাশয়ের প্রস্তাবে ও সমস্ত সভ্যগণের পোষকতায় মান্যবর শ্রীযুক্ত বাবু হীরা লাল দাস মহাশয় সেই দিনকার জন্য সভাপতির আসন গ্রহণ করেন। তৎ পরে উক্ত বিভাগের সহকারী সম্পাদক টালা জ্ঞান দীপিকা সভার অভিপ্রায় ইত্যবিধেয় একটী প্রবন্ধ ইংরাজী ভাষায় পাঠ করেন। তাহার পর উক্ত সভার অন্যতম সভ্য শ্রীযুক্ত বাবু মতিলাল সোম মহাশয় ও উক্ত বিষয়ের একটী প্রবন্ধও তৎসঙ্গে জ্ঞান দীপিকা সভার সংক্ষিপ্ত ইতিহাস পাঠ করেন। তৎ পরে সভাপতি মহাশয় কর্ত্তৃক আদিষ্ট সভ্যগণ রচয়িতাদ্বয়কে ধন্যবাদ দিয়া অন্যান্য বিষয়ক তর্ক আরম্ভ করেন। প্র থমতঃ ইংরাজী বিভাগে যাঁহারা ইংরা জী কথা বুঝিতে পারেন অথচ উক্ত ভা ষায় বাক্যবার্ত্তা কহিতে পারেন না তাঁ হারা বাঙ্গালা ভাষায় তর্ক বিতর্ক করি তে পারিবেন না? এই বিষয় লইয়া তর্ক উপস্থিত হয়। কিয়ৎক্ষণ পরে এই স্থির হইল যে তাহা কখনই হইতে পারে না। তৎপরে সভার উন্নতি ও স্থায়িত্বের উপায় বিষয় লইয়া অনেক বাদানুবাদের পর সভাপতি মহাশয় উক্ত দুই বিষয় উত্তমরূপে মীমাংসা করেন। তিনি বলেন ইংরাজী সভায় আমরা ইংরাজী ভাষায় উত্তমরূপে কথাবার্ত্তা কহিতে পারিব বলিয়া ইহা স্থাপিত হইয়াছে, অত এব ইহাতে কখনই বাঙ্গালা ভাষায় কথাবার্ত্তা হইতে পারে না এবং যত দিন পর্য্যন্ত না এই সভার প্রতি সভ্যগণের আন্তরিক যত্ন, উৎসাহ ও আনন্দ জন্মাইবে তত দিন পর্য্যন্ত অন্য কোন উপায়েই সভার যথার্থ উন্নতি ও স্থায়িত্বের আশা করা যাইতে পারে না।

পরে সভাপতি মহাশয়কে ধন্যবাদ প্রদান করিয়া রাত্রি প্রায় আট ঘটিকার সময় সভাভঙ্গ হইল।

একান্ত বশম্বদ।
শ্রী বাণীনাথ নন্দী।
সাং শিকদার বাগান।

৭ ই পৌষ।
১৭৯৩ শক।

পবলিক ওয়ার্ক সম্পর্কীয় বিজ্ঞাপন।

[illegible]মোকাম দমদমার ইষ্টকের পাঁজা হইতে কমপোড় ইষ্টক সকল খরিদের মোহরাঙ্কিত বায়নাপত্র নিম্ন স্বাক্ষরকারী কর্ত্তৃক বর্ত্তমান ডিসেম্বর মাসের ২৮ এ তারিখ বৃহস্পতিবার বেলা দুই প্রহর এক ঘটিকা পর্য্যন্ত গৃহীত হইবেক।

বিক্রেয় ইষ্টকের সংখ্যা! কমবেশ (১৬) ষোল লক্ষ।

পঞ্চাশ হাজারওয়ালা লাট সকলের কি মুল্যে ক্রয় করিতে পারেন আবেদন কারীগণকে বায়নাপত্র মধ্যে তাহা লিখিতে হইবেক।

ইটের পাঁজার যে দিক হইতে লইতে বলা যাইবেক সেই দিগ হইতে ইষ্টকের দাখিল লইতে হইবেক।

যাহারা আবেদন করিবেন তাঁহাদিগকে বায়নাপত্র সম্বলিত পঞ্চাশ টাকার সম্পূর্ণ নোট আমানত স্বরূপ প্রেরণ করিতে হইবেক।

সমুদায় মুল্যের অর্দ্ধেক টাকা বায়না পত্র মঞ্জুর হইবার বিজ্ঞাপন প্রচারের সময় দিতে হইবেক এবং অবশিষ্ট অর্দ্ধেক টাকা মাল দাখিল লইবার পূর্ব্বে প্রদান করিতে হইবেক। বায়নাপত্র মঞ্জুর হইবার বিজ্ঞাপন প্রচারের পরেই প্রতি দিবস পাঁচ হাজারের হিসাবে মাল দাখিল লইতে হইবেক।

Geo: Wm. Vivian C. E.
Offg. Engineer Dum Dum Dn.
জর্জ্জ উইলিয়ম ভিভিয়ান।
সিবিল ইঞ্জিনিয়ার।
দমদম এলাকার একটিং
ইঞ্জিনিয়ার।

FOR SALE.

GOLD AND SILVER WATCHES

Rs

1 Silver Double Bottomed Hunting Watch made by A. D. Granges No. 1814 London ... 31

4

1 Silver Double Do Engine Turned Hunting Watch made by Thomas Savage London No. 56851 ... 23

5

1 Silver Double Bottomed Engine Turned Geneva Watch made by Handle No. 4757 ... 26

6

1 Silver Double Bottomed Engine Turned Open faced Geneva Watch No. 14264 .. 10

7

1 Silver Double Bottomed Engine Turned Hunting Watch No. 9089 made by Charles Nephew & Co. ... 30

8

1 Silver Double Bottomed Engine Turned Geneva Hunting Watch No. 4931 16

9

1 Silver Double Bottomed Engine Turned Hunting Geneva Watch 60095 No. ... 26

10

Silver Double Bottomed ditto No. 62367 ... 2[illegible]

11

Silver Open faced Engine Turned Liverpool No. ... 16

12

1 Silver Engraved Geneva Watch No. 25067 ... 16

13

1 Silver Engine Turned Open faced Geneva Watch No. 5821 ... 1[illegible]

14

1 Gold Engine Turned Open faced Watch No. 2569 ...[illegible]

U. C. UDDY & CO

বিক্রেয় পুস্তকের বিস্তারিত বিবরণ।

নিম্ন লিখিত পুস্তকাদি কলিকাতাস্থ আমড়াতলা পূর্ণচন্দ্র যন্ত্রে বিক্রেয় আছে মূল্য পাঠাইলে পাইবেন।

ইংরাজী বাঙ্গালা ডিক্সনরি।

ওয়েবষ্টর, জনসন, ওয়াকর, টড, কেরিপ্রভৃ[illegible] স, মার্সমন ইত্যাদি সুধীগণের ডিক্সনরিতে সকল আবশ্যকীয় ইংরাজী শব্দ আছে প্রথমত তাহা ইংরাজী অর্থ দ্বিতীয়ঃ বাঙ্গলা ভাষায় অর্থ সংগৃহীত হইয়া এই সকল ডিক্সনরী প্রস্তুত পুস্তক এযন্ত্রে মুদ্রাঙ্কিত হইয়া সাত শতাধি পৃষ্ঠে সমাপ্ত হইয়াছে মূল্য স্বাক্ষরকারির প্রতি বাঙ্গালাই সম্বলিত ৫ ও বিনা স্বাক্ষরকা রি প্র ৬ মুদ্রা।

সটীক শ্রীশ্রীহরিভক্তি বিলাস গ্রন্থ।

বৈষ্ণব সাম্প্রদায়িক কি গৃহস্থ কি উদাসীন সর্ব্বপ্রকার মনুষ্য ঐ গ্রন্থানুসারে দৈবপত্র বা তীয় ক্রিয়াকলাপ নির্ব্বাহ করেন কিন্তু সটীক ও শুদ্ধ পুস্তক সমগ্র সুলভ নহে, এবং পরিম ণে বৃহৎ প্রযুক্ত লেখাওনে ৪০।৫০ টাকা ব্যয় সাধ্য অতএব নানা সমাজ হইতে পুস্তক সংগ্রহ করিয়া বহুতর বিজ্ঞ পণ্ডিত দ্বারা শোধন পূর্ব্ব ৭২৭ পত্রে মুদ্রিত হইয়া এযন্ত্রে বিক্রয় হইতেছে মূল্য ১০ টাকা।

শব্দাম্বুধি।

এই বিস্তীর্ণ অভিধানে মধ্যে সাধুভাষা লিখনে চলিত হওনোপযোগ্য শব্দ সকল শ্রীযুত রাজা রাধা কান্তদেব বাহাদুর কৃশত শব্দকল্পদ্রুম এবং মৃত পাদরি কেরি সাটন, ৺ রামচন্দ্র বিদ্যাব গীশ ও শ্রীযুত জগন্নারায়ণ মখোপাধ্যায় ও স্কুল বুক সোসাইটি ও অন্যান্য সুধীগণ কৃত সমুদয় অভিধান হইতে বহুশ্রমে ৩৮০০০ শব্দ সংগৃহী[illegible] ও ছয় শতাধিক পৃষ্ঠে মুদ্রাঙ্কিত হইয়াছে[illegible] প্রতি ১৷৷০ টাকা

অমরার্থ দীধিতি।

অমর সিংহ কৃত প্রথম খণ্ডে প্রত্যেক রকম পর্য্যায় ও লিঙ্গ ভেদ সহিত বিবণ এবং দ্বিতীয় খণ্ডে অমরোক্ত সমুদয় শব্দ বাঙ্গলা অভিধানের রীত্যনুসারে অকারাদি ক্রমে সংগৃহীত, তথ এক শব্দ দৃষ্টে তাৎপর্য্যেয়ের যাবতীয় শব্দ স ংস্করণার্থ প্রথম খণ্ডের পৃষ্ঠেও শ্লোকের সম্বলিত এইগ্রন্থ বহু পরিশ্রমে সঙ্কলিত হই পূর্ণচন্দ্রোদয় যন্ত্রে মুদ্রিত হইয়াছে। মূল্য ১ টকা

মুদ্রাঙ্কনযন্ত্র।

পূর্ণচন্দ্রোদয় কর্ম্মালয়ে লোহ মুদ্রাঙ্কনযন্ত্র নানা প্রকার ইংরাজী ও বাঙ্গালা অক্ষর আছে তদ্দ্বারা কেহ কোন পুস্তক বা অন্য কিছু মুদ্রা ঙ্কিত করাইতে ইচ্ছা করিলে উচিত মূল্যে নির্ব্বাহ করা যাইবে।

আরবীয় উপাখ্যান।

বিচিত্র উপন্যাস পূর্ণ সর্ব্বাপেক্ষা বিস্তীর্ণ যে আরেবিয়ান নাইট শ্রীযুত স্কট্র সাহেব ইংরাজী তে রচনা করেন উত্তম সাধু ভাষায় তাহা অনুব দিত ও এযন্ত্রে মুদ্রিত হইয়া প্রথম খণ্ড প্রকাশি ত হইয়াছে, পরিমাণে ৩০০শত পৃষ্ঠ তন্মূল্য স্বাক্ষরকারির প্রতি ১ টাকা বিনা স্বাক্ষরকারির প্রতি ১৷৷০ টাকা।

কাল দর্শক যন্ত্র।

একটী টিন নির্ম্মিত আধার মধ্যে কতক গুলিন মুদ্রিত তাস আছে তাহাতে ব[illegible] অক্ষরে শকের ১২৬০ অবধি ১২০[illegible] পর্য্যন্তের শাল মাস বার ও তিথি দিবা রাত্রি সমস্ত দর্শন হয় মূল্য ৷৷০ আনা

বিজ্ঞাপন।

শব্দাম্বুধি ৩৮০০০ঐ শব্দের অর্থাৎ সম্বলিত	২৷০
ক্ষুদ্রাভিধান ২০০০০ ঐ	...ঐ ১
অমরার্থ দীধিতি	... ১
হরিভক্তি বিলাস সটীক	.. ১০
সর্ব্বার্থ পূর্ণচন্দ্র ইহাতে অষ্টাদশ পুরাণের অনুবাদ গৌড়ীয় ভাষায় ১অবধি ৩৫ সংখ্যাপর্য্যন্ত	...৮৻
প্রতিমাসে এক ২ খণ্ড প্রকাশ হইতেছে	.. ।০
শ্রীমদ্ভাগবত গৌড়ীয় ভাষায় অনুবাদিত	... ৮।
ওয়ার্ড কৃত হিন্দুদিগের বিবরণ ২ বালাম	...২০
গীতাবলি	.. ।১
অষ্টাদশ পর্ব্ব মহাভারত, প্রায় সহস্র পৃষ্ঠা	৪
সপ্তকাণ্ড রামায়ণ	২
আরব্যোপাখ্যান ১ বাং ৫ পঞ্চম খণ্ড	.. ৫
অপূর্ব্বোপাখ্যান,	২
বত্রিশ সিংহাসন,	১
আঢ্যকৃত ইং বাং ডিকসনারি অর্থাৎ ইং শব্দের ইং ও বাং অর্থসম্বলিত ৭২০ পৃষ্ঠা এ প্রকার ডিক নারি পূর্ব্বে কখন প্রকাশ হয় নাই	৫
শিবসংকীর্ত্তন	১
শকুন্তলার ইংরাজী অনুবাদ	১
[illegible]বোধচন্দ্র নাটক	১
[illegible]	
[illegible]দেশ ইং বাং সং	২
কাজীর বিচার	।০
অন্নদামঙ্গল, বিদ্যাসুন্দর মানসিংহ চৌরপঞ্চা-শত এক জেলদ ১০ খণ্ড প্রতিমূর্ত্তী সম্বলিত	১
স্লোবক হকিম মৌলবী আবদুল মজিদকৃত পারস্য ভাষার অভিধান	৪০
রিচার্ডসন কৃত ইং পারস্য এবং পারস্য ও ইং ডিকসনরি ২ বালম	৫০
রোম দেশীয় ইতিহাস	৩
গ্রীক দেশীয় ঐ ঐ	১
ইংলণ্ড দেশীয় ঐ ঐ	৩
ভারতবর্ষীয় ঐ ঐ	৩
প্রাচীন ইতিহাস	২
ন্যায়দর্শন	২৷৷০
পুরাবৃত্ত বিবরণ	১
কেরি কৃতবাং ইং ডিকসনরি	.. ৫০
রামকমল কৃত ইং বাং ঐ	৩০
রাজা রামমোহন রায়ের জীবন চরিত্র	।০
কাশক্রকের অলঙ্কার	৮
মেকনাইট কৃত হিন্দু ল	২০
গবর্ণমেন্ট রিগুলেশন ১৭৯৩ সাং ১৮৩৩ ইং	
রাজী ৯ বালাম	১০০
ঐ ঐ বাঙ্গালা	১০০
ঐ ঐ পারস্য ভাষার	.. ১০০
দেওয়ানী আইনের সারসংগ্রহ ২ বালাম	১০
রাজস্ব সম্পর্কীয় আইনের ঐ	৩
পথ দর্শক গ্রন্থ ২ বালাম	১৬

নানাপ্রকারমুদ্রাঙ্কন লোহ যন্ত্রের আমদানি হইয়াছে।

Printed and Published by U. C. Auddy at the Poorno Chundordoy Press No17 Amratola Govind Chaund Dhur's Street Calcutta

সংবাদপূর্ণচন্দ্রোদয়

প্রাত্যহিক পত্র।

চক্রা ক্রন্ধা শর্মাহিং দিনকাচিরনিভুং ব্রাক্ষ্মমং দিরকং বাতা সংবাদ সোমং জনমননুকং পক্তিগণং অগামং স্বাত্তে সাত্তে নশ্রেষ্ঠ সমবহুদুরিচন্দ্রমেতচন্দ্রে সুশোল ভবোভবোভবাদ্ধো হরিপদল্লাদি সংপূর্ণচন্দ্রোদয়োরো॥

[illegible] পৌষ মঙ্গলবার ১২৭৮ সাল ইং ৯ জানুয়ারি ১৮৭২ সাল। শকাব্দা ১৭৯৩ মাসিক ১ টাকা অগ্রিম ৮ টাকা সংখ্যা ১০,২৪[illegible]

রেজিষ্টর নং ৫৪

সংবাদপূর্ণচন্দ্রোদয়।

২৬ পৌষ মঙ্গলবার সন ১২৭৮ সাল

আমরা আহ্লাদপূর্ব্বক সর্ব্ব সাধারণকে জ্ঞাপন করিতেছি যে কলিকাতায় প্রজারসংখ্যার সুপ্রিণ্টেণ্ডেণ্ট বিজ্ঞবর শ্রীযুক্ত সি,এন,চিক সাহেবের এক বিজ্ঞাপন আমাদিগের অদ্যকার পত্রের অপরাংশে প্রকাশ করা গেল তাহা সর্ব্ব সাধারণে মনোযোগ পূর্ব্বক পাঠ করিবেন এ প্রকার [illegible] গত ৬ ছয় বৎসর পূর্ব্বে এই প্রকার প্রজার সংখ্যা একবার হইয়াছিল তাহাতে দেশের অনেক মঙ্গল হইয়াছে কোন প্রকার অমঙ্গল হয় নাই অতএব আমরা প্রার্থনা করি যে সর্ব্বসাধারণে এই লোক সংখ্যা করণজন্য যথাসাধ্য সাহায্য দানে যত্নবান হইবেন কোন প্রকারে শিথিলতা প্রকাশ করিবেন না আগামী ২৫ জানুয়ারি রাত্রিকালে জষ্টিস অফ দি পীসদিগের কর্ত্তৃত্বে কলিকাতা নিবাসীদিগের গণনা করা হইবেক অতএব উক্ত দিবসীয় রজনীতে সর্ব্ব সাধারণে তাহারদিগের ভবনে উপস্থিত থাকিয়া স্বীয়২ বাটির লোক সকল গণনা করিয়া তাহার সংখ্যা জষ্টিসদিগের লোককে প্রদান করিবেন এবং সর্ব্ব সাধারণে এমত মনে করিবেন না যে রাজ পুরুষেরা লোকের সংখ্যা গণনা করিয়া টাক্সবৃদ্ধি করিবেন তাহা নহে টাক্স যাহা দিতেছেন তাহাই দিতে হইবেক।

কলিকাতা।

[illegible] নাট্যমন্দিরে গ্রিগরিগণ।

গত শনিবার রজনীযোগে এই নূতন দল কলিকাতার আমোদপ্রিয় দর্শক সমক্ষে তাহাদিগের তামাসা সকল প্রদর্শন করাইয়াছিলেন। ইংরাজ ও দেশীয় ব্যক্তিদিগের এত জনতা হইয়াছিল যে বোধ হয় একখানি আসন ও শূন্য ছিল না। যদিও উক্ত রজনীযোগে অপেরা ও অন্যান্য নাট্যদলের অভিনয় ছিল তত্রাচ এই নূতন কৌতুকাবহ নবাগত দলের অভ্যর্থনা ত্রুটি হয় নাই। মিস গার ট্রুড গ্রিগরির অসাধারণ বল ও তাঁহার আশ্চর্য্য বক্র হওনের ক্ষমতা দ্বারা দর্শকদিগকে যে কতদূর পর্য্যন্ত আমোদিত করিয়াছেন তাহা বলা বাহুল্য মিস গ্রিগরির সুশিক্ষিত বানর ও কুকুরের তামাসা ও তাঁহার সংগীত বিদ্যায় অসা[illegible] আ[illegible] শ্চর্য্যজনক বলিতে হইবে ইহার কোন সন্দেহ নাই। শুনা যাইতেছে যে এই দল কলিকাতায় অতি অল্প কালের জন্য অবস্থিতি করিয়া প্রতি রজনী যোগে অনেক প্রকার তামাসা প্রদর্শন করাইবেন।

অযোধ্যার বাদসাহ।

গত ২২ শে পৌষ মুচিখোলাস্থ উক্ত রাজসদনে পশু পক্ষী দর্শন কারণ বৃহৎ মেলা হইয়াছিল তাহাতে মুন্সি আমিরালী খাঁ বাহাদুরের নিমন্ত্রণে বহুতর ইংরাজ ও বাঙ্গালী প্রভৃতি গমন করিয়া নানাবিধ পশু পক্ষী দর্শন করিয়া পরম পুলকিত হইয়াছেন তৎকালে শোভাবাজারস্থ শ্রীযুক্ত মহারাজ কালীকৃষ্ণ দেব বাহাদুর নিজকৃত পারস্য ভাষা রচিত কয়েকটী কবিতা নব বার্ষিকী উপঢৌকন প্রদান করিয়াছেন বোধ হয় সুকবি বাদসাহ সন্তুষ্ট হইবেন।

ইতিপূর্ব্বে আমাদিগের স্মরণ হইল যে ইঁহার পূর্ব্ব পুরুষ রাজা বাহাদুরকে খেলাৎ ও স্বর্ণপদক দ্বারা সম্মানিত করিয়াছিলেন।

বাগনাপাড়ার সংবাদ।

১। ভয়ানক জন প্রবাদ। বাগনাপাড়ার ৬।৭ মাইল অন্তরে দেবীপুর নামে একখানি গ্রাম আছে, গ্রামটী বড় মন্দ নহে, অনেকগুলিন ভদ্র লোকের বাস, ও একটী ইংরাজী স্কুল একটী ডাকঘর এবং একটী ফাঁড়িও আছে। উক্ত গ্রাম বাসী সিংহেরা জমীদার ও বহুদেশ বিখ্যাত লোক। উক্ত গ্রামে সোমবারের দিন হাট হয়। সময়ের কি আশ্চর্য্যগতি। সেই হাটের দিন কোন মুসলমান আলু লইয়া বিক্রয় করিতে যায়। পরে উক্ত জমীদার মহাশয়দের কোন গোমস্তা তাহার নিকট হইতে তাহাকে [illegible] ক্রয় করিয়া পুনরায় অন্য স্থানে ওজন করে তাহাতে আলু কিঞ্চিৎ কম হয়। ক্রেতা রাগভর হইয়া বিক্রেতাকে দুই চারিটী চপেটা ঘাত করে। তাহাতে বিক্রেতা ক্রেতাকে দুই চারিটী মূঢ়বাক্য প্রয়োগ করাতে, ক্রেতা জুতা সমেদ তাহার বক্ষঃস্থলে জোরের সহিত এক পদাঘাত করে। সেই পদাঘাত বিক্রেতা সহ্য করিতে না পারিয়া, শমন ভবনে গমন করিল। এই ব্যাপার হাটের অন্যান্য লোক সকল দেখিয়া মৃত ব্যক্তির সমীপে উপস্থিত হইবামাত্র হত্যাকারী বিপদাপন্ন হইয়া, নিজ প্রভুতদিগের নিকট গমন করিয়া, আদ্যোপান্ত বর্ণন করিয়া, স্বজলনয়নে বলিল আমাকে প্রাণদান করা, ঘটনা[illegible] সকলে উপস্থিত হইয়া, বহু সংখ্যক লোককে রেশবৎ দিয়া, অন্যান্য মুসলমান দ্বারা মৃত মুসলমানকে কবর দেওয়ায়। এই ভয়ানক ব্যাপার ফাঁড়িদার শ্রবণ করত ঘটনাস্থলে উপস্থিত হইয়া. দুই একটা হুমকি দিয়া কিঞ্চিৎ পূজা গ্রহণ করত, আহ্লাদে স্বস্থানে চলিয়া আসেন। পাঠকগণ! ফাঁড়িদারটী বড় মন্দ নয়, এই রূপ ফাঁড়িদারের দ্বারাই জমীদারেরা

অনেক কার্য্য সম্পন্ন করেন। পরে মৃত মুসলমানের স্ত্রী স্বামীর মৃত্যু শ্রবণানন্তর তথায় গমন করে। স্ত্রীলোক স্বভাবতঃ সরল অন্তকরণ। সিংহেরা স্ত্রীলোকটীর বাটী আসিয়া মিষ্টবাক্য দ্বারায় সান্ত্বনা করিয়া দুই শত মুদ্রা দিতে অঙ্গীকার করেন। পরে সকল গোলযোগ মিটিয়া যাইলে পর স্ত্রীলোকটীকে অষ্ট মুদ্রা দিতে আসিলেন। আহা কি কালের গতি। স্ত্রীলোকটী তাহাতে কুপিত হইয়া, কালনার ডেপুটী মাজিস্ট্রেট মহোদয়ের নিকট দরখাস্ত করে। পরে মাজিস্ট্রেট মহোদয়, তদারকের ভার পুলিসের উপর অর্পণ করেন। পুলিস দেবীপুর গমন করিয়া তদারক পূর্ব্বক মৃত ব্যক্তিকে কবর হইতে উত্তোলন করাইয়া আসামী মাজিস্ট্রেট মহোদয়ের নিকট চালান দিয়াছেন ও হত্যাকারীকে ও সিংহ মহাশয়দিগের উপর আইন মত কার্য্য করিতেছেন। এই পর্য্যন্তই শুনিয়াছি। পরে সত্যাসত্য ও বিচারের ফল পাঠকগণকে জানাইব॥ বোধ করি সংবাদটী মিথ্যা হইলেও হইতে পারে।

সম্পাদক মহাশয়! আপনার ২৬ অগ্রহায়নের পত্রিকার মধ্যে আমার প্রেরিত যে সংবাদ কয়েকটী দেওয়া হইয়াছে॥ তাহার মধ্যে ভবানীপুরের ডাকাইতির বিষয় যাহা লিখিত আছে, এক্ষণে তাহার সত্যাসত্য জানিয়াছি। ডাকাইতি হয় নাই কোন ব্যক্তি তাঁহাদিগকে তামাসা করিয়া, পত্র লিখিয়া উক্ত ভয় প্রদর্শন করাইয়াছিল। যাহাহউক তামাসাদারকে ধন্য ও তাহার তামাসাকেও শত২ ধন্য। হে তামাসাদার তুমি এমন বোকা, ছি! এই স্থলে আমরা পত্র প্রাপ্তকারী গৃহস্থকে বলিতেছি যে তামাসাদারকে অনুসন্ধান করিয়া, ভালসা করিয়া মাজিস্ট্রেট মহাশয়ের নয়ন পথ দিয়া ও ছোট একটা মোক্তার দিয়া, কিছু দিনের নিমিত্ত তামাসার কারাগারে রাঁখিয়া আসিলে উত্তম হয়। কারাগারে বাস করিয়া তামাসা দেখিতে রহেন। তাহা হইলে আর কখন কেহ এরূপ তামাসা করিবে না। আপনার পাঠকগণকে জানাইব অঙ্গীকার করিয়াছিলাম অদ্য সেই অঙ্গীকার হইতে মুক্ত হইলাম।

৩। অগ্রহায়ণ মাসের সংক্রান্তিতে বাগনাপাড়া নিবাসী মাননীয় শ্রীযুক্ত বাবু জানকীনাথ মুখোপাধ্যায় মহাশয়, একটী শিব প্রতিষ্ঠা ও তুলা করিয়া বহু দেশস্থ ব্রাহ্মণ পণ্ডিতগণকে নিমন্ত্রণ করিয়া; উচিত মত সমাদর ও উত্তম ভোজন, উত্তম স্থানে শয়ন প্রভৃতিতে ব্রাহ্মণ পণ্ডিতগণকে পরমাহ্লাদিত করিয়া বিদায়ের সময় যোগ্যানুযায়ী বিদায় প্রদান করিয়াছেন। আর গ্রামস্থ প্রায় দশ ভাগ রকম ব্রাহ্মণগণকে ও অত্র স্থানের নিকটস্থ কয়েক খানি ক্ষুদ্র২ গ্রামবাসী ব্রাহ্মণগণকে একটী করিয়া পিত্তলের কলসি প্রদান করিয়াছেন ও নিমন্ত্রণ করিয়া, রীতিমত সমাদরের সহিত নানাবিধ দ্রব্য ভোজন করাইয়া, ব্রাহ্মণগণকে পরিতোষ করিয়াছেন। নিজ গ্রামের ছয় আনা রকম ব্রাহ্মণ বাদ থাকার কারণ দলাদলী পরে নিয়মমত অন্যান্য সকল জাতীকেই যথোচিত সমাদরের সহিত ভোজন করাইয়া সুখ্যাতিলাভ করিয়াছেন। পরম্পরায় শ্রুত হইলাম যে উক্ত দুইটী ক্রীয়া সম্পন্ন করিতে মুখোপাধ্যায় মহাশয়ের প্রায় দুই তিন সহস্র মুদ্রা ব্যয় হইয়াছে। যাহাহউক আজ কাল শিব প্রতিষ্ঠা, কি তুলা, কি অন্যান্য সৎক্রীয়া করিতে প্রায় [illegible] না। অনেকেরই কেবল এই ইচ্ছা [illegible] যদি কিছু মুদ্রা ব্যয় করিয়া গবর্ণর জেনেরল সাহেব মহাশয়কে একটী ভোজ দিয়া বাটীতে আনিতে পারি, তাহা হইলে বাটী নির্ম্মাণ করা সার্থক ও জন্ম সার্থক। এই স্থলে আমরা শ্রীযুক্ত বাবু জানকীনাথ মুখোপাধ্যায় মহাশয়কে শত২ ধন্যবাদ প্রদান করি ও জগদীশ্বরের নিকট এই প্রার্থনা করি, যে হে জগদীশ্বর মুখোপাধ্যায় মহাশয় যেন দীর্ঘ জীবী হইয়া, তোমার প্রীতিতার্থে কর্ম্মানুষ্ঠান করিয়া, সনাতন ধর্ম্মের অলঙ্কার স্বরূপ হয়েন।

৪। বাগনাপাড়ার লোক সংখ্যার কারণ গবর্ণমেন্ট হইতে এখন কাগজ ইংরাজী স্কুলের প্রধান শিক্ষকের নিকট আসিয়াছে। ইহার মর্ম্ম আপনার পাঠকগণকে জানাইব বলিয়াছিলাম। এক্ষণে জানাইতেছি, কাগজের লিখিত মর্ম্ম এই যে, সকল বর্দ্ধিষ্ট গ্রামের জন সংখ্যা করিয়া গবর্ণমেন্ট দেখিবেন ও ইহাও লিখিত যে, যেন কেহ ভয় না করে যে, টাক্স হইবেক। পুনরায় ঐরূপ একখান কাগজ অত্র স্থলের বিদ্যোৎসাহিনী সভার সহ সম্পাদক ও বাঙ্গালা স্কুলের শিক্ষক শ্রীযুক্ত বাবু চন্দ্রভূষণ মুখোপাধ্যায় মহাশয়ের নিকটে আসিয়াছে।

৫। পাঠকগণ! কি মজার শীতকাল শীত নাই বলিলেই হয়, কিন্তু শীত না হওয়াতেই, সর্ব্ব দেশেই ওলাউঠার প্রাদুর্ভাব শুনা যাইতেছে। আপাততঃ ওলাউঠা সজ্জিভূতা হইয়া, বাগনাপাড়ার পাবনাস্থ গ্রামের লোকদিগকে ধরিতে আরম্ভ করিয়াছে। বা দেশটা কি মজার হয়ে উঠলো, কেহ২ কহে ওর অত্যন্ত বিকার হইয়াছে, বাঁচে কি না, কেহ২ কহেন অমুকব্যক্তি জীর্ণজ্বরে বিকার প্রাপ্ত হইয়া বার দুই তিন দাস্তেই প্রাণত্যাগ করিল, কেহ কহে ভাই পীলের জ্বরে মলাম। হে জগদীশ্বর অবোধ মনুষ্যগণকে আর কত কাল যন্ত্রণা দিবে হয় ত মার, নয় ত বাঁচাও, দুয়ের এক।

একান্ত বশম্বদ।

শ্রী বিপীনবিহারী গোস্বামী।

সাং বাগনাপাড়া।

১২ ই পৌষ।

সংবৎ ১৯২৮।

প্রেরিত পত্র।

[illegible] সংবাদ পূর্ণচন্দ্রোদয়

সম্পাদক মহাশয় সমীপেষু॥

সম্পাদক মহাশয়! অনুগ্রহ পূর্ব্বক আপনার সংবাদ পূর্ণচন্দ্রোদয় পত্রেক পার্শ্বে নিম্ন লিখিত বিষয়টী স্থান প্রদান করিয়া চির বাধিত করিবেন।

জ্ঞানোন্নতি সাধনের প্রধান২ উপায়।

পূর্ব্ব প্রকাশিতের পর।

সেই সময়ে যত্ন ও চেষ্টা করিলে সে ব্যক্তি অমূল্য সুদুস্প্রাপ্য জ্ঞান রত্ন লাভ করিতে সমর্থ হইবেন; প্রেমময় পরম পিতার মঙ্গলময় ভাব বুঝিতে পারিবেন, বুঝিতে পারিয়া তদনুযায়ী কার্য্যানুষ্ঠানে সৎপথে গমন করিবেন, এবং কিরূপে জ্ঞান পুষ্প চয়ন করিতে হয় তাহার রীতি নীতি শিখিবেন। কিন্তু চরিত্র শোধন না হইলে কখনই সত্য জ্ঞান উপার্জ্জনে সম্যক সমর্থ হওয়া যায় না। কোন বিষয়ে সন্দেহ উপস্থিত হইলে যখন তর্কে প্রবৃত্ত হওয়া যায়, তখন যদি স্বভাব শোধন না হইয়া থাকে, মনে২ এই একটী দৃঢ় বিশ্বাস আছে, যে আমার অপেক্ষা বড় কেহই নাই, আমার মত বিজ্ঞ অনুসন্ধান করিয়া প্রাপ্ত হওয়া যায় না ও আমার বিশ্বাস

সত্য, নির্ভুল ও অখণ্ডনীয়, তাহা হইলেই যদি আমি ভ্রম বশতঃ মিথ্যা তর্ক করিয়া থাকি, তবে তাহার উপযুক্ত শত শত প্রমাণ থাকিলেও আত্মাভিমানের গুণে সেই সত্য তর্ককে অবজ্ঞা করি, তর্কে বিবেচনাও বিচার শক্তির নিয়োগ না করিয়া বৃথা কাল হরি, কেবল আত্মাভিমান জ্বরে ম্বরি, ও বৃথা বাগজাল চিত্রে চিত্রিত ভয়ানক কলহ বস্ত্র বদন শরীরে পরি, আবার যখন সকলে আমার বিপরীত মতে মত প্রদান করিয়াছেন, দেখি তখন সুগৌরব নাশ বা অপমান ভয়ে ভীত হইয়া আস্তে ব্যস্তে সেখান হইতে সরি। এইরূপ স্বভাব সংশোধন না হইলে আবার অনেক প্রকার জ্ঞান উপার্জ্জনে অক্ষম হই।

আত্মাভিমান জ্ঞান অর্জ্জনের ঘোর প্রতিবন্ধক স্বরূপ কারণ ইহার উদ্রেক হইলেই কিঞ্চিৎ জ্ঞানোপার্জ্জন করিয়াই মনে হয়, আমি সম্পূর্ণরূপে জ্ঞান লাভ করিয়াছি, জ্ঞান বিষয়ে আমার উপার্জ্জনই আর কিছুই নাই, আমি প্রধান ইত্যাকার কতকগুলি মিথ্যা অভিমান আসিয়া আত্মাকে এরূপ ভ্রমজালে জড়িত করিয়া ফেলে যে, তাহার আর তখন বিবেকশক্তি থাকে না, সুতরাং জ্ঞানোপার্জ্জনে আর ইচ্ছা থাকে না এবং তাহা হয়ও না। এহেতু জ্ঞানোন্নতি সাধনের একটী প্রধান অন্তরায় উপস্থিত হয়। আপনি যে সমস্ত সদগুণ, মেধা বা প্রত্যুৎপন্ন মতিত্ব প্রভৃতির যথার্থ অধিকারী আপনাপনি তাহার বৃথা গৌরব করা কখনই উচিত নহে। কারণ পরিশ্রম ও অভ্যাস না থাকিলে কখনই উহারা আয়ও হয় না। যেরূপ কোন সুশাসিত লৌহময় অস্ত্র পাইয়া তাহার যদি কিছু দিন ব্যবহার না করি তাহা হইলে সেই অস্ত্র খানি সম্পূর্ণরূপে ক্লেদ পরিপূর্ণ হইয়া এরূপ অকর্ম্মণ্য হইবে যে কোন মতেই তাহা ব্যবহার উপযুক্ত হইবে না। সেই সদগুণ, মেধাদির পরিশ্রম সহ অনুশীলন ব্যতিরেকে কখনই পূর্ব্ববৎ শক্তিশালী থাকে না। অকর্ম্মণ্য হইয়া যায়, এইরূপ লোকে যাঁহারা মনে করেন যে আমাদের মেধাদি আছে, অতএব আর আমাদের জ্ঞানোপার্জ্জনে কষ্টের আবশ্যকতা কি? তাঁহারা নিশ্চয়ই জ্ঞানোন্নতির পথে নিজেই কণ্টক ক্ষেপণ করেন। এইরূপ লোকের মেধাধিকারী হওয়াই অন্যায়। অতএব সর্ব্বাগ্রে স্বভাব সম্পূর্ণরূপে শোধন করা সকল জ্ঞানাভিলাষী মনুষ্য মণ্ডলের একান্ত প্রয়োজনীয় ও বিধেয় এবং তজ্জন্য সৎ সহবাসও কর্ত্তব্য।

ক্রমশঃ

শ্রী বাণীনাথ নন্দী।
সাং শিকদার বাগান।

কলিকাতা।
তাং ১৮ ই পৌষ।
১৭৯৩ শক।

বিজ্ঞাপন।

কলিকাতার প্রজা সংখ্যা।

রাজ্যের প্রজা সংখ্যা করণের রীতি বিলাতে সর্ব্বত্র প্রচলিত আছে, এবং সময়েং অতি সাবধানে তাহা নিষ্পন্ন করা হইয়া থাকে। এই রীতি বিশেষ উপকারী, ইহাতে রাজ্যের তথা প্রজামণ্ডলীর উন্নতির নিরূপণ হয়; এবং কিং উপায়ে সেই উন্নতির সাধন হইতে পারে তাহার জ্ঞান লাভ হইয়া থাকে। এই প্রযুক্ত রাজা প্রজা উভয়েই ইহার বিশেষ সমাদর করিয়া থাকেন। সেই মঙ্গল সাধনাভিপ্রায়ে ইংরাজ রাজপুরুষেরা ভারতবর্ষে প্রজা সংখ্যা করণ প্রথার প্রচলন করিতে কৃত সঙ্কল্প হইয়া[illegible] তদুপলক্ষে আগামী ২৫ জানুয়ারির রাত্রি কালে জষ্টিস অফ দি পীসদিগের কর্ত্তৃত্বে কলিকাতা নগরের নিবাসীদিগের গণনা করা হইবেক, এবং তৎসম্বন্ধে জষ্টিসেরা প্রত্যাশা করেন যে সাধারণ জনগণে তৎ কার্য্যের সহায়তা করিবেন। ছয় বৎসর হইল এইরূপ গণনা একবার তাহাদিগ কর্ত্তৃক করা হইয়াছিল, তাহাতে কাহার কোন অনিষ্ট ঘটে নাই, প্রত্যুত সাধারণের হিত কার্য্য সাধনার্থে তাহা বিশেষ উপকারজনক হইয়াছিল, অতএব এবার যে লোকে তদ্বিষয়ে অনুরাগী হইবেন ইহা প্রত্যাসা করা যাইতে পারে। অপর বর্ত্তমান কল্পে যে সকল কর্ম্মচারী নিযুক্ত করা হইয়াছে তাহাদের শিক্ষাদিবার নিমিত্ত নির্দ্দিষ্ট দিবসের গণনার পূর্ব্বে স্বতন্ত্র একবার কয়েক পল্লির গণনা করা হইবে, এবং সেই গণনা কার্য্যে সাধারণজনগণে যথা সাধ্য সাহায্য করেন ইহা প্রার্থনা করা যাইতেছে, সাধারণে নিশ্চয় জানিবেন যে এই কার্য্যে তাঁহাদের ইষ্টবই কোন অনিষ্ট হইবেক না।

Superintendent of Census
H, R, Harwood, Mauager,

এন, এ, চিক,
কলিকাতার প্রজার সংখ্যার
সুপ্রিণ্টেণ্ডেণ্ট॥

THE GREGORYS
AT THE
MAIDAN, THEATRE
Calcutta.

অত্যাশ্চর্য্য গ্রেগরি ভ্রাতৃগণের নানা প্রকার আমোদ জনক তামাসা।

কলিকাতা গড়ের মাঠের নাট্য মন্দির।

অদ্য সন্ধ্যার পর এবং প্রতি রজনী যোগে এই আশ্চর্য্য তামাসা প্রদর্শিত হইবে।

উপরোক্তদলের কর্ম্মকর্ত্তা হারউড সাহেব এতদ্বারা সর্ব্বসাধারণ ও কলিকাতা নিবাসীসম্ভ্রান্ত ও ধনী মহোদয়গণকে জ্ঞাপন করিতেছেন যে তিনি অনেক পরিশ্রম সহকারে এই নূতন দল এই স্থলে আনয়ন করিয়াছেন।

পোণি অর্থাৎ ছোট ঘোড়া কুকুর ও বানর দ্বারা নানা প্রকার অদ্ভুত ও আশ্চর্য্য তামাসা প্রদর্শিত হইবে।

নানা প্রকার আশ্চর্য্য তামাসা যথা বানরের দ্বারা নানা প্রকার অশ্বারোহণ কুকুরের দ্বারা নানা প্রকার কৌ[illegible]শল ও মনুষ্যের দ্বারা যে সকল [illegible] অদ্ভুত তামাসা হইতে পারে তাহা বানর ও কুকুরের দ্বারা প্রদর্শিত হইবে।

বৃদ্ধ ও যুবা ধনী ও অর্থহীন, দেশীয় ইউরোপীয় সকলে এই তামাসা দেখিয়া ভূরিং প্রশংসা করিয়াছেন।

প্রবেশের টিকিটের মূল্য।

একত্রে চারি জনের নিভৃত আসন	২৪ টাকা
ড্রেরেশ সারকল অর্থাৎ উৎকৃষ্ট আসন	৪ টাকা
প্রথম শ্রেণী	৩ টাকা
দ্বিতীয় শ্রেণী	২ টাকা
তৃতীয় শ্রেণী	১ টাকা

বালক ও বালিকার অর্দ্ধেক মূল্য।

রাত্রি ৮ টার সময় দ্বারোদ্ঘাটন ও সাড়ে ৮ টার পর ক্রীড়ারম্ভ হইবে।

ময়দান নাট্যমন্দির।
বৈকালিক তামাসা।

বালক ও বালিকা ও পরিবারদিগের সুবিধা জন্য আগত ১৩ জানুয়ারি শনিবার অপরাহ্ণ বেলা ৩ টার পর তামাসা আরম্ভ হইবে এবং বেলা পাঁচটার পর শেষ হইয়া যাইবে।

N. A, CHEEK,

সংবাদপূর্ণচন্দ্রোদয়

প্রাত্যহিক পত্র।

কৃত্বা প্রষ্ঠা শশাঙ্কং দিনকরবিরতিং সাক্ষ্যমর্গং নিরূঢ়ং বার্তা সংবাদ সোমং [illegible] পঙ্কজস্থং [illegible]।
[illegible] নক্ষেপে মনবুধৈরিষিতং [illegible] ভবোভব্যোভবাক্যৌ হরিপদজ্জাদি সংপূর্ণচন্দ্রোদয়োগো॥

রেজিষ্টরী নং ৫৫

সংবাদপূর্ণচন্দ্রোদয়

৩ মাঘ মঙ্গলবার সন১২৭৮ সাল

রুক্মিণী হরণ নাটক।

শ্রীযুক্ত বাবু সৌরেন্দ্রমোহন ঠাকুর মহোদয় উপহার স্বরূপ উক্ত নাটকের এক খণ্ড আমাদিগের নিকট অনুগ্রহ পূর্ব্বক প্রেরণ করিয়াছেন আমরা তৎ প্রাপ্তে সৌরেন্দ্র বাবুর প্রতি যথোচিৎ কৃতজ্ঞতা প্রকাশ করিলাম। নাটক খানি সুবিখ্যাত [illegible]

[illegible]

মহোদয়কে উৎসর্গকৃত। আমরা [illegible] খানির আদ্যোপান্ত পাঠ করিয়া পরম পরিতোষ লাভ করিলাম। রুক্মিণী হরণ পঞ্চম অঙ্কে বিভক্ত হইয়াছে। ১২ পেজি ক্রমার ৯ ফরমায় উক্ত নাটক পরি সমাপ্ত হইয়াছে।

নাটকের রচনা অতি মধুর, বাক্য কৌশল অতি চমৎকার এবং নাট্যোল্লিখিত ব্যক্তিবৃন্দের মুখবিনির্গত বচন গুলি যে প্রণালীতে রচিত হইয়াছে তাহার কিছুই অস্বাভাবিক নহে বিশেষতঃ ধনদাসের বচনগুলি আমাদিগের আনন্দ অতুল প্রদ হইয়াছে। সংগীতগুলি ও মনোহর এবং সময়োচিত। সমাসে বলিতে কি তর্করত্ন মহাশয় নাটক খানিতে আপন রসিকতার বিলক্ষণ পরিচয় প্রদান করিয়াছেন। নাটকের মুদ্রাঙ্কনও পরিপাটি হইয়াছে কিন্তু মূল্য গ্রন্থ মধ্যে লিখিত না থাকায় আমরা বলিতে পারিলাম না। নাটকের গল্প এই। বিদর্ভদেশাধিপতি রাজা ভিষ্মক বৃদ্ধাবস্থা প্রাপ্ত হইয়া আপন জ্যেষ্ঠ পুত্র রুক্মীকে রাজ্য ভার প্রদান করিয়া আপনি অবসর গ্রহণ করেন। রুক্মী যৌবরাজ্যে অভিষিক্ত হইয়া রাজকার্য্য সম্পাদন করেন। কিয়ৎকাল পরে ভীষ্মকের কন্যা রুক্মীর ভগিনী রুক্মিণী বিবাহ যোগ্যা হইলে প্রাচীন মহারাজ শ্রীকৃষ্ণের সহ রাজকন্যার বিবাহের ইচ্ছা প্রকাশ করেন কিন্তু যুবরাজ রুক্মী তাহাতে সম্মত হয়েন না। চেদি দেশাধিপতি শিশুপালকে ভগিনী সম্প্রদানে ইচ্ছুক হইয়া স্বয়ং তাঁহাকে স্বরাজ্যে আনয়ন পূর্ব্বক রুক্মিনীর বিবাহের উদ্যোগ করেন। রুক্মিনী শ্রীকৃষ্ণের রূপ গুণের কথা শ্রবণে তাঁহার প্রতি অত্যন্ত অনুরক্তা হয়েন এবং ধনদাস নামক এক [illegible]

[illegible]

পূর্ব্বক সাক্ষাৎ লক্ষ্মী রুক্মিনীকে শিশুপালের হস্ত হইতে উদ্ধার করিয়া দ্বারকায় লইয়া যান এবং তথায় যথা রীতি তাহার পাণিগ্রহণ করেন। আমরা অনুরোধ করি সৌরেন্দ্র বাবু উক্ত নাটক খানির অভিনয় বিষয়ে মনোযোগী ও উৎসাহী হইয়া গ্রন্থ কর্ত্তার সন্তোষ উৎপাদন এবং সাধারণের চিত্ত বিনোদন করুন। নাটক খানি সাধারণের যে গ্রহণ যোগ্য তাহা আর বলা বাহুল্য।

সংবাদ সারাবলী।

বদান্যতা।

আমরা সাতিশয় হর্ষচিত্তে প্রকাশ করিতেছি যে পাতুয়ার নিকট ভিকানালার সেতু নির্ম্মাণ জন্য মহারাণী স্বর্ণময়ী এককালীন দুই শত টাকা দান করিয়াছেন। ঐ সেতুটীর অভাব তত্রত্য জনগনের যারপর নাই কষ্ট হইত। এক্ষণে ঈশ্বরের নিকট আমাদিগের প্রার্থনা যে এরূপ বদান্যময়ী দীর্ঘজীবী হন।

শিক্ষা।

মাধব রেও, ত্রিবাঙ্কুরের রাজার দেওয়ান, ত্রিবাঙ্কুরের বিদ্যালয়ে কয়েকটী শ্রেণী খুলিয়াছেন ঐ সকল শ্রেণীতে হিন্দুস্থানী ও পারস্য ভাষার শিক্ষা দেওয়া হইবেক। বোধ হয় মুসলমানদিগের জন্যই দেওয়ানজী এইরূপ মানস পূর্ণ করিয়াছেন।

রাজাগমন।

গত শনিবারে সারামের অধিরাজ কলিকাতা দর্শনাভিলাষে আসিয়া পৌছিয়াছেন। ছোট বাহাদুর তাঁহাকে আস্থানানন্তর গবর্ণমেণ্ট গৃহে হইয়াগিয়াছিলেন। অন্যান্য জনপদের রাজাদিগের আগমন সামান্য আহ্লাদের বিষয় নহে।

বোম্বাই।

উক্ত [illegible] গবর্ণর সম্প্রতি পা[illegible]

[illegible] সুভবেরা তাহার আশা প্রত্যা[illegible] দিন অপেক্ষা করিতেছিলেন।

রাজকোট।

উক্ত স্থানে সম্প্রতি একটী সভা সংস্থাপিত হইয়াছে। ঐ সভার প্রধান উদ্দেশ্য এই যে উহাতে দেশীয় ও অন্যান্য ক্রীড়া সকলের আন্দোলন করা হইবেক। সকল স্থানে ঐরূপ এক একটী সভা স্থাপিত হয় ইহাই আমাদিগের প্রার্থনা।

ভারতবর্ষের গবর্ণমেণ্ট।
ব্যবস্থাপন কর্ম্ম বিভাগ।

পূর্ব্ব প্রকাশিতের শেষ।

তফশীলের অলিখিত আইনের ব্যপকতা রক্ষা করণের কথা।

৩ ধারা তফশীলে যে২ আইনের উল্লেখ হয় নাই এই আইনের কোন কথা দ্বারা সেই আইনের স্থান সম্বন্ধীয় ব্যপকতার ব্যাঘাত হইল জ্ঞান করিতে হইবে না।

হর্বর্ট কোএল।
ব্যবস্থাপন কর্ম্মবিভাগের.
বঙ্গদেশের গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটারী।

বঙ্গদেশের রেবিনিউ বোর্ডের সরক্যুলর অর্ডর।

১৮৭১ সাল ডিসেম্বর মাস।

শ্রীযুত বি এচ শক সাহেব।

১ নম্বর॥

যে২ জিলার মধ্যে পতিত ভুমি থাকে ষ্টেশনরির সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব সেই ২ জিলার কর্ত্তৃপক্ষদের নিকট ৪৫ নং ফিটুর্ণের মুদ্রিত পাঠ প্রেরণ করিবেন।

২ নম্বর।

বোর্ডের বিধি পুস্তকের ২৪৪ পৃষ্ঠার ১৭ খ বলিয়া এই ধারা দিতে হইবে।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের অধীন সকল কর্ম্মকারক নৈমিত্তিক খরচের বিলের মধ্যে প্রতি বৎসর মার্চ্চ মাসের ১৫ তারিখ অবধি অকটোবর মাসের ১৫ তারিখ পর্য্যন্ত পাকা টানিবার লোকদের বেতনের খরচ লিখিতে পারিবেন। এই সাধারণ বিধি কিন্তু বিশেষ২ আবশ্যক স্থলে ইউরোপীয় কর্ম্মকারকেরা নবেম্বর মাসের ১ তারিখ পর্য্যন্ত পাখা টানিবার লোকদিগকে রাখিতে [illegible]।

রাজকর্ম্মে নিয়োগ॥

লেপ্টেনেণ্ট গবর্ণরের আদেশানুসারে নিয়োগ

শ্রীযুত জন জর্জ্জ চার্লস সাহেব পূর্ণিয়া ও ভাগলপুরের মাজিস্ট্রেট ও কালেকটর সাহেবের আসিষ্টাণ্ট হইয়া প্রথম শ্রেণীস জাইণ্ট মাজিস্ট্রেট ও ডেপুটী কালেকটর স্বরূপ কর্ম্ম করিবেন।

সি বর্ণার্ড

বঙ্গদেশের গবর্ণমেণ্টের।

একটিং সেক্রেটারী।

প্রেরিত পত্র।

মান্যবর শ্রীযুক্ত সংবাদ পূর্ণচন্দ্রোদয় সম্পাদক মহাশয় সমীপেষু॥

সম্পাদক মহাশয়! অনুগ্রহ পূর্ব্বক আপনার সংবাদ পূর্ণচন্দ্রোদয় পত্রিক পার্শ্বে নিম্ন লিখিত বিষয়টী স্থানপ্রদান করিয়া চির বাধিত করিবেন।

জ্ঞানোন্নতি সাধনের প্রধান২ উপায়!

পূর্ব্ব প্রকাশিতের পর।

এই সৎ সহবাসের গুণ অতি চমৎকার, অতি দুষ্কর্ম্মান্বিত ব্যক্তি ও সদাচারী হইতে পারে, মূর্খও বিজ্ঞ হইতে পারে।

" যথোদয় গিরেদ্র্ব্যং,
সন্নিকর্ষেণ দীপ্যতে।
তথা সৎ সন্নিধানেন,
হীন বর্ণোঽপি দীপ্যতে ,,॥

যেমন উদয়াচলস্থ দ্রব্য ব্যূহ সূর্য্য সন্নিধানে দীপ্তি পায়, তেমনি সৎ সন্নিধানে হীন বর্ণও শোভা পায়।

" কাচঃ কাঞ্চন সংসর্গাৎ
ধত্তে মারকতী দ্যুতিঃ।
তথা তৎ সন্নিধানেন,
মূর্খো যাতি প্রবীণতাং ,,॥

কাঞ্চনের সংসর্গে কাচ যেমন মরকত মনির দীপ্তি ধারণ করে; সেইরূপ সৎ সন্নিধানে মূর্খ ও প্রবীণ হয়।

বিদ্যাশিক্ষা জ্ঞানমার্গে বিচরণের একটী প্রধান পথ প্রদর্শিকা। জ্ঞান উক্ত বিদ্যা হইতেই উৎপন্ন হয়। এই সর্ব্ব জীবের অধিষ্ঠান ভূত অবনীমণ্ডলে যত প্রকার জ্ঞানী জন আহ্বান করিতেছেন, সহজ জ্ঞানী ভিন্ন প্রায় সকলেই এক২ বিদ্যার অনুশীলন দ্বারা এই জগতী তলে জ্ঞানী বলিয়া পরিগণিত হইয়াছেন। বিদ্যা উপার্জ্জন করিয়াই জ্ঞান লাভ করিয়াছেন, তাঁহারাই সম্যক সুখোদ্যানে ভ্রমণ করিতে পারিয়াছেন, এবং বিদ্যা দ্বারা স্বভাবের সমস্ত পদার্থের নানা বিষয় জানিয়াছেন, শাস্ত্র বিষয়ে ব্যুৎপন্ন হইয়া ভাষার অনেক উন্নতি করিয়াছেন। যাহাহউক বিদ্যা জ্ঞানের আদি কারণভূতা বলিতে হইবে। বিদ্যা হইতে জ্ঞানের উৎপত্তি। সম্যক প্রকারে বিদ্যা উপার্জ্জিতা হইলেই সকল বিষয়ের নিগূঢ় ব্যাপার সকল অবগত হইতে পারি এবং তাহা হইলে জ্ঞানী শ্রেণী মধ্যে গণনীয় হইত। ধরণী তলে যত প্রকার বিদ্যা প্রচলিতা আছে, জ্ঞান ও তত প্রকার চুম্বকের আকর্ষণ শক্তি যেরূপ লৌহকে চুম্বকের দিকে লইয়া যায়, স্থানের নিম্নতা যেরূপ নদী প্রবাহকে পশ্চাদ্বর্ত্তী করিয়া পরে সাগরের সহিত সঙ্গম করাইয়া দেয়, লোভ যেমন মনুষ্যকে কুপথে লইয়া যায় এবং সদাশা যেরূপ সৎপথে লইয়া যায়, সেইরূপ বিদ্যা মানবগণকে জ্ঞানের পথে অগ্রবর্ত্তী করিয়া দেয়। অতএব জ্ঞানোপার্জ্জনের জন্যই বিদ্যাশিক্ষা। কায়মনো যত্নে বাল্যকাল হইতে বিদ্যাভ্যাস করা উচিত। বিদ্যাশিক্ষার শেষ নাই। যদি কোন মনুষ্য যেঅবধি অত্যুচ্চ ভূধর চয়, অতলস্পর্শ সাগরে সমূহ, উন্নত প্রকাণ্ড বৃক্ষ ব্যূহ, নানা প্রকার প্রাণী নিচয় সৃষ্ট হইয়াছে, সেই অবধি জীবন ধারণ করিতে সক্ষম হয়েন, তথাপি সমগ্র বিদ্যা সমদ্রূপে অর্জ্জন করিতে সমর্থ হন না। মনোযোগ সহ বিদ্যানুশীলন করিলে শস্ত্র, শাস্ত্র, ভাষা, পদার্থ, ভূমি, জ্যোতিষ, শরীর ইত্যাদি নানা প্রকার বিষয়ে জ্ঞান লাভ করিয়া যায়। এই নিমিত্তই পণ্ডিতেরা বিদ্যাকে শ্রেষ্ঠ আদরণীয়, উপকারী ও সুখকর বলিয়াছেন এবং যাহার এরূপ বিদ্যা নাই সে পশু অপেক্ষাও অধম, ইহাও নির্দ্দেশ করিছেন।

" সর্ব্ব দ্রব্যেষু বিদ্যৈব,
দ্রব্য মাহুরনুত্তমং।
অহার্য্যত্বা দনর্ঘত্বা,
দক্ষয়ত্বা চ্চ সর্ব্বদা ,,॥

সকল দ্রব্যের শ্রেষ্ঠ বিদ্যা মহাধন।
না পারে করিতে চুরি কভু চৌর গণ॥
অমূল্য সে বিদ্যা হয় সুধীগণ কন।
[illegible] চিরকালে ক্ষয় না পায় কখন॥

[illegible] রূপযৌবন সম্পন্না,
বিশাল কুল সম্ভবা।
বিদ্যা হীনা ন শোভন্তে,
নির্গন্ধাইব কিং শুকা ,,।

শ্রেষ্ঠ কুলজাত, যুবা, রূপবান যত।
মূর্খ হলে শোভা পায় কিংশুকের মত॥

ক্রমশঃ

একান্ত বশম্বদ।

শ্রী বাণীনাথ নন্দী।

সাং শিকদার বাগান।

কলিকাতা।
১ লা মাঘ।
১৭৯৩ শক।

মান্যবর শ্রীযুক্ত সংবাদ পূর্ণচন্দ্রোদয় সম্পাদক মহাশয় সমীপেষু।

, নিম্ন লিখিত সুসংবাদটী ভবদীয় পত্রিক পার্শ্বে স্থান দানে বাধিত করিবেন।

" কথার মানে ও মন্তব্য সমেত প্যারীবাবুর ফার্ষ্টবুক অব রিডিঙ্গের ব্যাখ্যা বা অনুবাদ ,, পুস্তকের চারিখণ্ড উপহার প্রাপ্ত হইয়া সুবিখ্যাত শ্রীশ্রীমতী

করুণাময়ী পঞ্চ মুদ্রা গ্রন্থকারকে পুরস্কার দান করিয়াছেন।,,

ভবদীয় অনুগত।
শ্রীমন্মথনাথ সরকার।

গ্রন্থকার
ডেলীনিউস।

তাং ৩ মাঘ।
সন ১২৭৮ সাল।

মান্যবর শ্রীযুক্ত সংবাদ পূর্ণচন্দ্রোদয়
সম্পাদক মহাশয়
সমীপেষু

অবনি মণ্ডলে জীব যতো সুখধরে।
আশালতা প্রস্ফুটিত থাকে যদি ঘরে।
ধনে মানে বিভুষিত থাকে চিরদিন।
শীর্ণ দেহ হয় আর তনু হয় ক্ষীণ॥
বিকলাঙ্গ হলে তার সর্ব্বসুখ হবে।
ব্যধি উপাজিলে দেহে হাহুতাস করে।
সে সময় শান্তিমাত্র ঔষধ সেবন।
করুণা নিধান প্রভু করেছে সৃজন॥
দরিদ্র নির্দ্ধন যার নাহি অর্থ বল।
চিকিৎসা করিতে যার নাহি কসবল॥
এসেছেন দরিদ্রজনে করে উপকার।
পরাৎপর নিত্য তার করেন [illegible]
বারুইপুর নামে গ্রাম দক্ষিণ প্রদেশ।
সুরধনী যে স্থানেতে করিছে প্রবেশ।
সাগর সঙ্গমে পরে করেছে গমন।
জমীদার আছে তথা যানে সর্ব্বজন॥
সেই কুলে জন্ম তার শ্রীরাজকুমার।
তস্যপুত্র শ্রীরাজেন্দ্র কীর্ত্তি শুনতার॥
দীন দরিদ্রের প্রতি হইয়া সদয়।
সম্প্রতি করেছেন এক ঔষধ আলয়॥
দাতব্য ঔষধ তথা সকলে পাইবে।
অকালে কালের গ্রাস হতে সুস্থ হবে।
ত্রিবিধ চিকিৎসা তথা হতেছে সদাই।
ইংরাজী হোমিওপ্যাথি দেখিবারে পাই
নিদান মতের আছে ঔষধি অনেক।
মহা উপকার করে রোগীর প্রত্যেক।
প্রভাতে সায়হ্নে তথা করি নিরীক্ষণ।
নানারোগ গ্রস্ত ব্যক্তি আছে বহুস্থান।
ঔষধ করিছে দান সাধুতার গুণে।
আশীর্ব্বাদ করিতেছে উপকৃত জনে।
হে বিভু করুণাময় নিত্য নিরঞ্জন।
অগতির গতি তুমি জানে সর্ব্বজন॥
হতভাগ্য দেশে তুমি দয়ার সাগর।
সুমতি প্রদান কর রাজেন্দ্রে উপর॥
যাহাতে ঔষধালয় চিরস্থায়ী হয়।
অনাথ দীনের প্রতি হইয়া সদয়।
করুণা করিয়া কর মূল্য বিতরণ।
যাহাতে নিস্তার পায় যত দুঃখিগণ।
সৎকার্য্যেতে মতি থাকে বাসীন্দার সুত।
মনে মনে ঐকান্তিকি এই মন পুত॥

একান্ত বশম্বদ।
শ্রী দিগাম্বর চট্টোপাধ্যায়।

বিজ্ঞাপন।
চুক্তিকারকদিগের প্রতি।

পশ্চাল্লিখিত দ্রব্যাদী সরবরাহ করণ জন্য নিম্নের স্বাক্ষরকারি কর্ত্তৃক মোকাম সেলেখানায় আগামী ফিব্রুয়ারি মাহার ১৯ শে তারিখ পর্য্যন্ত চুক্তিপত্র সকল গৃহিত হইবেক এবং ২০ শে তারিখে চুক্তিপত্র সকল খোলা যাইবেক।

লোহা এবং কাষ্ট সরবরাহ করণের চুক্তিপত্র সহিত ১০০০ এক হাজার টাকার কোম্পানির কাগজ অথবা বাঙ্গাল বেঙ্কের রসিদ দাখিল করিতে হইবেক।

খাটের কারণ নমুনা মত ৫০০০ পাঁচ হাজার ঘোড়া লোহার টেষ্ট্রেল অর্থাৎ এক প্রকার লোহার দ্রব্য তাহার বিশেষ নমুনার জন্য মোং সেলেখানায় আগ মন করিলে দেখিতে পাইবেন।

১ দফা। ইংরাজী সন ১৮৭২ সালের সেপটেম্বর মাহার ১ লা তারিখ অবধি ইংরাজী সন ১৮৭৩ সালের মার্চ মাহার ১ লা তারিখের মধ্যে খাট সকল দাখিল করিয়া দিতে হইবেক।

৩০০০০ ত্রিস হাজার ফুট সেগুণ কাষ্ঠের তক্তার প্রয়োজন হইয়াছে সেগুণ কাষ্ঠের তক্তা সকল মৌলমিণ দেশীয় অতি উত্তম সাময়িক পাকা কাষ্ঠ হইবেক তাহার প্রত্যেক তক্তার পরিমাণ ৮ ফুট ১১ বুরুল লম্বা এবং ১ ফুট চৌড়া তাহার নমুনার জন্য মোকাম সেলেখানায় আগমন করিলে দেখিতে পাইবেন।

সেগুণ কাষ্ঠের তক্তা সকল ইংরাজী সন ১৮৭২ সালের অকটোবর মাহার ১৫ই তারিখ অবধি ইংরাজী সন ১৮৭৩ সালের ফিব্রুয়ারি মাহার ১ লা তারিখের মধ্যে দাখিল করিতে হইবেক।

T. Nicholl R. A.
Commissary of Ordnance
Incharge of the Arsenal

মেজর টি নিকাল রাএল আর্টলরি
কমিসরি আফ অর্ডনেন্স।
ইনচার্জ্জ ধকদি আরসিনেল।

ফোর্ট উইলিয়ম
সেলেখানা।
তাং ১৬ জানুয়ারি
সন ১৮৭২ সাল।

বিজ্ঞাপন।

কলিকাতার প্রজা সংখ্যা।

রাজ্যের প্রজা সংখ্যা করণের রীতি বিলাতে সর্ব্বত্র প্রচলিত আছে, এবং সময়ে২ অতি সাবধানে তাহা নিষ্পন্ন করা হইয়া থাকে। এই রীতি বিশেষ উপকারী, ইহাতে রাজ্যের তথা প্রজাম গুলীর উন্নতির নিরূপণ হয়, এবং কিং উপায়ে সেই উন্নতির সাধন হইতে পারে তাহার জ্ঞান লাভ হইয়া থাকে। এই প্রথা [illegible] প্রজা উভয়েই ইহার বিশেষ সমাদর করিয়া থাকেন। সেই মঙ্গল সাধনাভিপ্রায়ে ইংরাজ রাজপুরুষেরা ভারতবর্ষে প্রজা সংখ্যা করণ প্রথার প্রচলন করিতে কৃত সঙ্কল্প হইয়াছেন, এবং তদুপলক্ষে আগামী ২৫ জানুয়ারির রাত্রি কালে জষ্টিস অফ দি পীস দিগের কর্ত্তৃত্বে কলিকাতা নগরের নিবাসীদিগের গণনা করা হইবেক, এবং তৎসম্বন্ধে জষ্টিসেরা প্রত্যাশা করেন যে সাধারণ জনগণে তৎ কার্য্যের সহায়তা করিবেন। ছয় বৎসর হইল এইরূপ গণনা একবার তাহাদিগ কর্ত্তৃক করা হইয়াছিল, তাহাতে কাহার কোন অনিষ্ট ঘটে নাই, প্রত্যুত সাধারণের হিত কার্য্য সাধনার্থে তাহা বিশেষ উপকার জনক হইয়াছিল, অতএব এবার যে লোকে এ বিষয়ে অনুরাগী হইবেন ইহা প্রত্যাসা করা যাইতে পারে। অপর বর্ত্ত[মান] যে সকল কর্ম্মচারী নিযুক্ত করা হইয়াছে তাহাদের শিক্ষাদিবার নিমিত্ত নির্দ্দিষ্ট দিবসের গণনার পূর্ব্বে স্বতন্ত্র একবার কয়েক পল্লির গণনা করা হইবে, এবং সেই গণনা কার্য্যে সাধারণ জনগণে যথা সাধ্য সাহায্য করেন ইহা প্রার্থনা করা যাইতেছে, সাধারণে নিশ্চয় জানিবেন যে এই কার্য্যে তাঁহাদের ইষ্টবই কোন অনিষ্ট হইবেক না।

N. A, CHEEK,
Superintendent of Census
এন, এ, চিক,
কলিকাতার প্রজার সংখ্যার
সুপ্রিণ্টেণ্ডেণ্ট॥

—০০—

বিজ্ঞাপন।

ইষ্টারণ বেঙ্গল রেলওয়ে
বেওয়ারিসান সম্পত্তি।

গত ডিসেম্বর মাহার ৩১এ তারিখে পূর্ব্বে কতকগুলিন বেওয়ারিসান দ্রব্য সামগ্রীর বড়২ গাঁটরি এবং পুলিন্দা প্রাপ্ত হওয়া গিয়াছে সেই সকল পুলিন্দা উপরোক্ত সিয়ালদহের রেলওয়ে কোম্পানির কারখানায় পড়িয়া রহিয়াছে।

এতদ্দারা সমাচার দেওয়া যাইতেতে যে বর্ত্তমান ১৫ জানুয়ারি তারিখের মধ্যে ঐ সকল গাঁটরি ও পুলিন্দার অধিকারীগণ তাহার সমুদায় খরচা দিয়া গ্রহণ না করেন তবে বর্ত্তমান জানুয়ারি মাহার ২০ শে তারিখে প্রকাশ্য নীলাম দ্বারা বিক্রয় করা যাইবেক।

উপরোক্ত রেলওয়ে কোম্পানির বাণিজ্য কার্য্য সম্পর্কীয় কার্য্যাধ্য সাহেবের নিকট আবেদন করিলে দ্রব্যাদি তালিকাও আরং বিস্তারিত বিবরণ অবগত হইতে পারিবেন।

Franklin Prestage.
Agent,
ফ্রাঙ্কলিন প্রেষ্টেজ।
এজেণ্ট।

সিয়ালদহ।
রেলওয়ে আফিস।
১১ জানুয়ারি।
সন ১৮৭২ সাল।

—

বিজ্ঞাপন।

শব্দাম্বুধি ৩৮০০০ শব্দের অর্থাৎ সম্বলিত ২।০
ভুতনাভিধান ২০০০০ ঐ ...ঐ ১
অমরার্থ দীধিতি ... ১
হরিভক্তি বিলাস সটীক .. ১০
সর্ব্বার্থ পূর্ণচন্দ্র ইহাতে অষ্টাদশ পুরাণের অনুবাদ গৌড়ীয় ভাষায় ১অবধি ৩৫ সংখ্যাপর্য্যন্ত...৮৬
প্রতি মাসে এক ২ খণ্ড প্রকাশ হইতেছে.. ।০
শ্রীমদ্ভাগবত গৌড়ীয় ভাষায় অনুবাদিত ... ৮।
ওয়ার্ড কৃত হিন্দুদিগের বিবরণ ২ বালাম...২০
গীতাবলি .. ।
অষ্টাদশ পর্ব্ব মহাভারত, প্রায় সহস্র পৃষ্ঠা ৪
সপ্তকাণ্ড রামায়ণ
আরব্যোপাখ্যান ১ নাং ৫ পঞ্চম খণ্ড .. ৫
অপূর্ব্বোপাখ্যান, ২
বত্রিশ সিংহাসন, ১
আঢ্যকৃত ইং বাং ডিকসনারি অর্থাৎ ইং শব্দের ইং ও বাং অর্থসম্বলিত ৭২০ পৃষ্ঠা এ প্রকার ডিকনারি পূর্ব্বে কখন প্রকাশ হয় নাই ৫
শিবসংকীর্ত্তন ১
শকুন্তলার ইংরাজী অনুবাদ ১
প্রবোধচন্দ্র নাটক ১
অষ্টাদশ পুরাণের অনুক্রমণিকা ।০
হিতোপদেশ ইং বাং সং ২
কাজীর বিচার ।।০
অন্নদামঙ্গল, বিদ্যাসুন্দর মানসিংহ চৌরপঞ্চাশত এক জেলদ ১০ খণ্ড প্রতিমূর্ত্তী সম্বলিত ১
স্লোবক হকিম মৌলবী আবদুল মজিদকৃত পারস্য ভাষার অভিধান ৪২
রিচার্ডসন কৃত ইং পারস্য এবং পারস্য ও ইং ডিকসনরি ২ বালম ৫০
রোম দেশীয় ইতিহাস ৩
গ্রীক দেশীয় ঐ ঐ ৩
ইংলণ্ড দেশীয় ঐ ঐ ৩
ভারতবর্ষীয় ঐ ঐ ৩
প্রাচীন ইতিহাস ২
ন্যায়দর্শন ২।।০
পুরাবৃত্ত বিবরণ ১
কেরি কৃতবাং ইং ডিকসনরি .. ৫০
রামকমল কৃত ইং বাং ঐ ৩০
রাজা রামমোহন রায়ের জীবন চরিত্র ।০
কান্যকুব্জের অনরূকোষ ৮
মেকনাইট কৃত হিন্দু ল ২০
গবর্ণমেণ্ট রিগুলেসন ১৭৯৩ নাং ১৮৩১ ইং]
রাজা ৯ বালাম ১০০
ঐ ঐ বাঙ্গালা ১০০
ঐ [illegible] পারস্য ভাষায় .. ১০০
[illegible] আইনের সারসংগ্রহ ২ বালাম ১০
রাজস্ব সম্পর্কীয় আইনের ঐ ৩
পথ দর্শক গ্রন্থ ২ বালাম ১০

নানাপ্রকারমুদ্রাঙ্কন লৌহ যন্ত্রের আমদানি হইতেছে।

—

বিজ্ঞাপন।

সর্ব্ব সাধারণের গোচরার্থে এই বিজ্ঞাপন দেওয়া যাইতেছে যে সন ১৮৫৯ সালের ১১ আইনের ৩ ধারা মতে লোয়ার প্রবিনসের রেবিনিউ বোর্ডের আদেশানুসারে প্রতি বৎসর ২৮ জুন তারিখে খাস মহাল ডিহি ৫৫ গ্রাম সংক্রান্ত সকল প্রকার ভূমীর রাজস্ব দাখিল করিতে হইবে উপরোক্ত দিবসে অথবা তৎপুর্ব্বে খাজানা দাখিল না করিলে ৫৫ গ্রামের বাকী পড়া সমস্ত ভূমা সন ১৮৬৮ সালের বাঙ্গাল কৌনসেলের ৭ আইনের বিধান মতে প্রকাশ্য নীলামে সর্ব্ব উচ্চ ডাক কারিকে বিক্রয় করা যাইবে।

By order of the Member in charge,
(sd) D. J. McNEILE,
Offg. Secretary.
ডি, জে, মেকনীল।
আফিসিএটিং সেক্রেটারী।

৬ই অকটোবর।
সন ১৮৭১ সাল।

Printed and Published by U. C Auddy at the Poorne Chun ordoy Press No 17 Amratola Govind Chaund Dhur's Street Calcutta

সংবাদপূর্ণচন্দ্রোদয়

প্রাত্যহিক পত্র।

[illegible] শশাঙ্কং দিনকরবিরহিতং [illegible] বাবাসংবাদ সোমং [illegible] [illegible] ভবোদ্ভবং [illegible] সংপূর্ণচন্দ্রোদয়োঽসৌ॥

[illegible] ৭ মার্চ ১৮৭২ সাল। শকাব্দা ১৭৯৩ মাসিক ১ টাকা অগ্রিম ৮ টাকা সংখ্যা ১০,২৯৬

রেজিষ্টর নং ৫৪

সংবাদপূর্ণচন্দ্রোদয়।

২৫ ফাল্গুণ শুক্রবার সন ১২৭৮ সাল

মেং লং সাহেব।

উপরোক্ত মহাত্মার নামটী আমাদিগের পাঠকগণের ও ভারতবাসিদিগের অবিদিত নাই! এই ভারতবর্ষে পদার্পণ করণ পর্য্যন্ত বর্ত্তমান [illegible] অবধি তাঁহার প্রসাদে আমাদিগের দেশের কত প্রকার যে উন্নতি ও শ্রীবৃত্তি হইয়াছে তাহার আর ইয়ত্তা নাই। আমাদিগের [illegible] মেং [illegible]কে বিশেষরূপ জানেন। লং সাহেব একজন বিলক্ষণ বঙ্গ বিদ্যা বিশারদ। এমন কি অনেকানেক বিজ্ঞ পণ্ডিত তাঁহার সমকক্ষ হইতে পারেন না। ইহাও বলা বাহুল্য যে তাঁহার ন্যায় অদ্যাবধি এমন কেহ ইউরোপীয় নাই যে অস্মদ্দেশীয় ভাষা ভালরূপ জানেন। আমার আজ কি রূপ দুঃখের সহ লেখনীধারণ করিয়াছি তাহা পাঠকগণের সন্নিকট কি জানাইব। মেং লং সাহেবের বিলাত গমনের প্রধান কারণ অসুস্থতা তিনি যদ্যপি ভাল থাকিতেন তাহা হইলে বোধ হয় আমাদিগের অবস্থা কখনই ভুলিতেন না। সম্মুখে গ্রীষ্ম আসিতেছে, তন্নিবন্ধন তিনি [illegible] এস্থান হইতে প্রস্থান করিতেছেন। কলিকাতায় সাতিশয় গ্রীষ্ম বলিয়া মহিমান এতদিন অবধি উত্তরপাড়ায় বাস করিতেছিলেন, কিন্তু [illegible]তেও তাঁহার শরীর সুধরাইল না। সুতরাং অগত্যা চিকিৎসকদিগের [illegible] মতে তিনি স্বদেশ গমনে বাধ্য হইয়াছেন। আগত ৮ই তারিখে এস্থান হইতে যাইবেন, এরূপ মানস করিয়াছেন। মেং লং যে রূপ বৃদ্ধ হইয়াছেন তাহাতে বোধ হয় তিনি আর [illegible] পুনরায় ফিরিয়া আসিবেন না। বস্তুতঃ লং সাহেবের অবর্ত্তমানে আমাদিগেয় ভারতবর্ষ একটী রত্ন হারাইল সন্দেহ নাই। যে কোন সমাজেই হউক না কেন মেং লং সর্ব্ব স্থানেই মানুষদিগের দ্বারা মান্যের সহিত আলাপাদি করিতেন। ইনি অহমিকা শূন্য ও ভারতবর্ষ প্রিয় হইবে দ্বারা আমরা যে পরিমাণে উপকৃত হইয়াছি তাহাকে অনুক্ষণ ধন্যবাদ করিলেও মানস সিদ্ধ হয় না। এক্ষণে ঈশ্বরের নিকট আমাদিগের প্রার্থনা যে তিনি ভালয় ২ বিলাতে পেঁাছেন।

আজ কাল বাজের গতিক কি হইয়া উঠিতেছে তাহা নিশ্চয় করা ভার হইল। মার ২ রব চারিদিগে উঠিতেছে আজ কিনা অমুক ব্যক্তিকে খুণ করা হইল আজ কিনা অমুককে ছুরিলাগান হইল এই রবই সর্ব্বসাধারণের মুখে ও সর্ব্বত্রে শুনা যাইতেছে। কি জন্য হঠাৎ এই নুতন ইতরতা হইল আর কোথা হইতে প্রথম উত্থাপিত হইল ইহার কারণ কেহই ভাবিয়া স্থির করিতে পারিতেছে না অনেকেই ইহার কারণ জানিবার নিমিত্ত সচেষ্ট আছেন কিন্তু কালের গতি এতদূর মন্দ হইয়াছে যে কেহই সেই বিষয়ে কৃতকার্য্য হইতেছেন না। দূরাত্মা আবদুল্লা যখন প্রধান বিচারপতি নরম্যান সাহেবকে ছুরির গোঁজা লাগাইয়া তাঁহার প্রাণ বিনাশ করিয়াছিল সেই সময়ে সকলেই ভাবিয়াছিলেন যে এরূপ প্রকার সাহসিক ও অসাধারণ দুষ্কর্ম্ম ভারতভূমিতে এবং ইংরাজদিগের রাজ্যের প্রারম্ভ হইতে কখন হয় নাই আর এ প্রকার নিষ্ঠুর কর্ম্ম হইবারও সম্ভাবনা নাই। আমাদিগের পল্লিগ্রাম যদি কখন বলা যাইত যে কলিকাতার প্রধান বিচারপতি নরম্যান সাহেবকে কোন ব্যক্তি খুণ করিয়াছে গ্রামবাসীরা বলিত যে তাহা কি প্রকারে হইতে পারে ঠাট্টা তামাসাত নয় যে খুণ বলিলেই খুণ করা হইল! ইংরাজ রাজ্যে কি এতবড় মান্যমান লোককে হঠাৎ মারিতে পারে। এই সংবাদটী সম্পূর্ণ রূপে অসম্ভব। এ প্রকার অমঙ্গল সম্বাদ সত্য হইলেও সকলে হঠাৎ বিশ্বাস করেন না। পরে যখন ভারতবর্ষের শাসন কর্ত্তাকে সের আলী পোর্ট ব্লেয়ারে খুণ করিল কেহই কি এই অমঙ্গল সম্বাদ শুনিয়া স্থির হইতে পারিলেন না কাহার কাছে ইহা প্রকাশ করিয়া কহিতে পারিলেন গেজেট অব ইণ্ডিয়া অতিরিক্ত পত্র পাইয়া সকলে ইংরাজ পল্লিতে ছুটিয়া গিয়া এই অমঙ্গল সম্বাদ সত্য কি মিথ্যা [illegible] জানিতে চলিলেন ১১ ফিব্রুয়ারি শুক্রবার প্রাতে এই হৃদয় বিদারক সংবাদ কলিকাতার চতুর্দিগে এবং প্রায় সমুদায় ভারতবর্ষে এই দুঃখজনক সংবাদ ব্যাপিত হইল। সকলেই দুঃসহ দুঃখানলে পতিত হইল। আমাদিগের একটী দুঃখের অনুশোচন শেষ হইতে না হইতেই আর একটী শোক আসিয়া উপস্থিত হইল বিচারপতি নরম্যান সাহেবের জন্য আমাদের দুঃখের শেষ হইতে না হইতেই আবার কিনা আমাদের বড় লাট সাহেবের মৃত্যু সংবাদে আমাদের মনকে দুঃসহ দুঃখসাগরে নিমগ্ন করিল। হায়! কি দুঃসহ মনবেদনা! কেবল ভারতবর্ষেতেই যে এই মার ২ রব উঠিয়াছে তাহা নয়! শুক্রবারের অতিরিক্ত পত্র সকল পাঠ করিয়া আমাদিগের মন কতদূর ব্যাকুলিত হইয়াছে তাহা প্রকাশ করিবার নয় কিনা মহারাণীকে খুণ করিতে যাওয়া। পাঠকবর্গ আমাদিগের বিশেষ পুন্যবল যে এরূপ প্রকার ঘটনা হয় নাই। দুর্ভাগা ওকনরকে কোন প্রকার নুতন দণ্ড দেওয়া উচিত।

মহামান্যবর একটিং বড়লাট সাহেব শ্রীশ্রীমতী মহারাণীর অমঙ্গল সূচক সম্বাদ তারযোগে শ্রবণ করিয়া ষ্টেটসেক্রেটারীকে সংবাদ দিয়াছেন যে ভারতবর্ষীয় গবর্ণমেন্ট ভরসার সহিত প্রকাশ করিতেছেন যে মহারাণীর কোন অমঙ্গল হয় নাই।

মহামান্যবর নূতন রাজপ্রতিনিধি শ্রীশ্রীমতী মহারাণীর পক্ষ হইতে সেক্রেটারী অব্ ষ্টেটস দ্বারা নিম্ন লিখিত সংবাদ প্রাপ্ত হইয়াছেন।

সেক্রেটারী অব ষ্টেট হইতে একটিং বড়লাট সাহেবের নিকট তারিখ ২রা মার্চ্চ ১৮৭২ সাল শ্রীশ্রীমতী মহারাণী তাঁহার আপনার বিশেষ বাধ্যতা স্বীকার করিতেছেন। শ্রীশ্রীমতী মহারাণীর কোন প্রকার অসুস্থ কিম্বা অমঙ্গল হয় নাইতিনি উত্তমাবস্থায় আছেন।

আরো লিখিয়াছেন কাউনটেস অব মেওর অন্বেষণের প্রত্যুত্তর শ্রীশ্রীমতী মহারাণী বলিতেছেন, যে সম্প্রতি ভয়হেতু তাঁহার শরীরের কোন অসুস্থতা হয় নাই এবং এই অন্বেষণ জন্য মহারাণী লেডী মেওর নিকট বাধ্য হইলেন।

সংবাদ সারাবলী।

লণ্ডন নগর ২ মার্চ্চ।

বাউস্ট্রীটে দুরাত্মা ওকনার পরীক্ষিত হইয়াছে এবং বিচারের নিমিত্ত অর্পিত হইয়াছে যুবরাজ লিওপলড এবং জন ব্রাউন সাক্ষী হইয়াছেন।

নূতলর্ড মেওর প্রাইভেট সেক্রেটারী মেজর বোর্ক দুই মাসের জন্য বিশেষ কর্ম্মের নিমিত্ত রাজধানীতে থাকিবার আদেশ প্রাপ্ত হইয়াছেন।

ইংলিসম্যান পাঠে অবগত হওয়া গেল যে কাবুলে এই জনশ্রুতি যে পারস্যেরা সেস্তান্ পরিসীমার প্রশ্নের বন্দোবস্ত করিতে মানস করেন না। বন্দোবস্ত করা দূরে থাকুক তাঁহারা সেস্তান অধিকার করিবার নিমিত্ত এক দল সৈন্য তথায় প্রেরণ করিয়াছেন।

যুবরাজের আরোগ্য হেতু মান্যবর এ, সি, সাসুন, সি, এস, আই, বোম্বাই গবর্ণমেন্টকে নূতন এলফিন ষ্টোন উপবিদ্যালয় নির্ম্মাণ জন্য এক লক্ষ টাকা প্রদান করিয়াছেন। উক্ত মহাত্মা কিছু দিবস পূর্ব্বেও এই সৎকার্য্যের নিমিত্ত আর এক লক্ষ টাকা প্রদান করিয়াছিলেন।

মেইন সাহেব মান্দ্রাজে ব্যবস্থা সভার সম্পাদক এবং এডভোকেট জেনেরেলের কর্ম্ম ত্যাগ করিয়াছেন।

কলিকাতা পুলিসের কমিসন্যনর সাহেব কিছু দিবসের জন্য লাট সাহেবের বাটীতে গুপ্তদ্বার দিয়া প্রবেশের অধিকার প্রাপ্ত হইয়াছেন।

অবগত হওয়া গেল যে এইচ, ম্যার, ক্লার্ক সাহেব আগ্রার শেসন বিচারপতির পদে কিছু দিনের জন্য নিয়োজিত হইলেন।

কলিকাতার সেণ্ট জন গির্জ্জার পুরোহিত পাদরি হে, ষ্টিফেনসন মহামান্যবর নূতন রাজপ্রতিনিধির অবৈতনিক পুরোহিত্ব পদে নিয়োজিত হইলেন।

সিংহল।

উক্ত জনপদের সংবাদপত্র পাঠে অবগতি হইল যে একজন কয়েদি একটী ইউরোপীয় স্ত্রীলোককে হত্যা করিয়াছে। ঐ হতভাগিনী নাতিশয় সুরাপ্রিয় ছিল, সুতরাং তন্নিবন্ধন কি ইতর কি ভদ্র সকলের কাছেই বেশ্যাবৃত্তি অবলম্বন করিত আপুহামি নামক এক সিংগালির হস্তে সম্প্রতি তাহার হত্যা সাধিত হইয়াছে। ঐ ব্যক্তি একজন কয়েদি এবং বোধ হয় তাহার উপপতি হইবেক।

খণ্ডেস।

উক্ত স্থানের বাজার এবৎসর উত্তম রূপ হয় নাই। লোকের সংখ্যা অন্যান্য বৎসরাপেক্ষা এবৎসর অতি ন্যূন হইয়াছিল। বোম্বায়ের গবর্ণর উক্ত সমারোহ স্থলে উপস্থিত ছিলেন।

লাহোর।

সারিক খাঁ সম্প্রতি উক্ত স্থানে আসিয়াছিলেন। কাবুলের আমিরের ইনি কনিষ্ঠ। ইহার সহিত তাঁহার দুইটী তনয়ও আসিয়াছিলেন। কি জন্য আসিয়াছেন তাহার বৃত্তান্ত এখনও প্রাপ্ত হওয়া যায় নাই।

রাজকর্ম্মে নিয়োগ।

লেপটেনেন্ট গবর্ণরের আদেশানুসারে নিয়োগ

রেবিনিউ ও জেনরল ডিপার্টমেণ্ট।

২৩৮ আর নম্বর।

ডেপুটী মাজিস্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু তারকনাথ মল্লিক বাকরগঞ্জের অন্তর্গত মাদারীপুর শাখাখণ্ডের অ[illegible]

মাদারিপুরের ডেপুটী মাজিস্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু আনন্দচন্দ্র সেন বাকরগঞ্জের সদর মোকামে প্রেরিত হইয়াছেন।

দ্বিতীয় শ্রেণীর জাইণ্ট মাজিস্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত জর্জ্জ এডওয়ার্ড ম্যাকগিল সাহেব নিয়মিত ছুটী হইতে প্রত্যাগমন করিয়া ২৪ পরগণায় অবস্থিত হইয়াছেন।

সি বার্ণার্ড
বঙ্গদেশের গবর্ণমেন্টের।
একটিং সেক্রেটারী।

প্রেরিত পত্র।

মান্যবর [illegible] সংবাদ পূর্ণচন্দ্রোদয় সম্পা[illegible]

সম্পাদক মহাশয়! অনুগ্রহ করিয়া আপনার জগৎ বিখ্যাত সংবাদ পূর্ণচন্দ্রোদয় পত্রৈক পার্শ্বে স্থান প্রদানে বাধিত করিবেন।

জ্ঞানোন্নতি সাধনের প্রধান২ উপায়।

পূর্ব্ব প্রকাশিতের পর।

যাঁহাদের মনে সমধিক জ্ঞান লাভের আশা জাগরূক আছে, অন্য জনাপেক্ষা আমি অধিক সদ্গুণসম্পন্ন হইব এরূপ সর্দ্দাভিপ্রায় উত্তেজিত। তাঁহারা জ্ঞানী মহৎ জনগণের আলাপ ও সহবাসে তাঁহাদের সদ্গুণ দৃষ্টে তদ্রূপ হইবার ইচ্ছায় যত্ন করিলে, তাঁহাদের ন্যায় বা তাঁহাদের অপেক্ষা অধিক সদ্গুণী জ্ঞানী ও সচ্চরিত্র হইয়া দেশস্থ সমস্ত জনগণের মঙ্গল কামনায় সর্ব্বদাই উদ্যুক্ত হয়েন। স্বদেশস্থ ব্যক্তিবর্গকে জ্ঞান সুধা পান করাণ এইরূপে আমরা কত সুখভোগ করি। অতএব উক্ত রূপ সহবাস সর্ব্ব সুখ মূলাধার স্বরূপ। যাহাহউক যিনি এইরূপ নানা জ্ঞান উপার্জ্জন করিয়া স্বদেশস্থ, অপর দেশস্থ, পৃথিবীস্থ জনগণকে সেই জ্ঞান শিক্ষা দিতেছেন, জ্ঞান বিষয়ে নানা প্রকারে উৎ

দরখাস্তের ফারমের জন্য কাগজ গুদামের কার্য্যাধ্যক্ষের নিকট আবেদন করিলে পাইতে পারিবেন।

সম্বৎসরের মধ্যে আবশ্যকীয় দ্রব্যাদির বিবরণ।

পেকিং কেস ইত্যাদি ১০০০০ দশ হাজার কাষ্ঠের বাক্স এবং টীনের পুলিন্দা সম্বলিত।

লা বাতী ৮০ মোন তন্মধ্যে ৩০টী ৴১ এক সের ওজনের থাকিবেক॥

মোমজামা ৫০০০ পাঁচ হাজার থান পরিমাণ ৫ গজ।

রেশমী সুতা ১১ এগার মোন ৮০ আশী স্কিনে প্রত্যেক সের হইবেক।

দেশীয় লাল চামড়া ১৩০০০ তের হাজার থান।

দোহারা কাষ্ঠের কলমদান ১৫০০ পোনের শতটা।

আর বিকদেশীয় গঁদ ৪০ চল্লিশ মোন।

কোরবা কাপড় ৬০০০ ছয় হাজার থান।

শিশার কাগজ চাপা ৫০০০ পাঁচ হাজার টা।

কলের পেষ্টবোর্ড ১২০০, বার শত মোন॥

ডাক ঘরের কারণ সবুজ ফিতা ১,৫০,০০০ এক লক্ষ পঞ্চাশ হাজার গজ।

নানা প্রকার বহিবন্ধন ৯০০০ নয় হাজার থান।

মজুরদিগের কার্য্য দ্রব্যাদি সকল গুদাম জাত চালান বাছাই সাজান এবং এজেন্টদিগের নিকট পঁহুছাইবার কার্য্য করিতে হইবেক ২২০০০ বাইস হাজার তন্মধ্যে বিলাতী গাঁইট বাক্স সকল খুলিতে এবং পুলিন্দা সকল যোড়াই করিতে এবং চালান দিতে বোঝাই ও খালাস করিতে হইবেক।

লোহারি পত্তর খরিদ তারমাথান বংএ সাদা কেনবিস বোঝাই ইত্যাদি॥

৮০০০ আট হাজার বিলাতী গাঁইট সকল গ্রহণ করিতে ও খুলিয়া দিতে হইবেক।

সুপ্রিন্টেণ্ডেণ্ট
ষ্টেসনরি আফিস।
২৪ ফিব্রুয়ারি।
সন ১৮৭২ সাল।

বিক্রের পুস্তকের বিস্তারিত বিবরণ।

নিম্ন লিখিত পুস্তকা কলিকাতাস্থ আমড়াতলা পূর্ণচন্দ্র যন্ত্রে বিক্রেয় আছে মূল্য পাঠাইলে পাইবেন।

ইংরাজী বাঙ্গালা ডিক্সনরি।

ওয়েবষ্টর, জনসন, ওয়াকর, টড, কেরিমেন্দ্ [illegible] গণের ডিকসনরিতে [illegible] আবশ্যকীয় ইংরাজী শব্দ আছে প্রথমত [illegible] ইংরাজী [illegible] বাঙ্গলা ভাষায় [illegible] হইয়া এই সকল ডিক্সনরী প্রস্তুত [illegible] মুদ্রাঙ্কিত হইয়া [illegible] শতা [illegible] মূল্য স্বাক্ষরকারির প্রতি [illegible] সম্বলিত ৫ ও বিনা স্বাক্ষরকারির প্রতি ৬ মুদ্রা।

আরবীর উপাখ্যান।

[illegible] উপাখ্যান সর্ব্বাপেক্ষা বিস্তীর্ণ যে [illegible] শ্রীযুত কষ্টর সাহেব ইংরাজীতে রচনা করেন উক্ত [illegible] তাহার বাঙ্গালা অনুবাদিত ও এক্ষণে মুদ্রিত হইয়া প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে, পরিমাণে ৩০০শত পৃষ্ঠ [illegible] স্বাক্ষরকারির প্রতি ১ টাকা বিনা স্বাক্ষরকারির প্রতি ১।৹ টাকা।

বিজ্ঞাপন।

শব্দাম্বুধি ৮০০০০ শব্দের অর্থাৎ সম্বলিত [illegible] ভুতনাথ বিধান ২০০০০	ঐ ১
অনন্দার্থ [illegible]	... ১
[illegible] বিলাস সটীক	.. ১০
মহাত্ম পূর্ণচন্দ্র ইহাতে অষ্টাদশ পুরাণের অনুবাদ [illegible] সংখ্যা পর্য্যন্ত	...৮৸
ঐ [illegible] ২ খণ্ড প্রকাশ হইতেছে	. ।০
[illegible]	... [illegible]
[illegible]	...[illegible]
[illegible]	
[illegible]	৪
[illegible]	১
[illegible] ১ ও ২ [illegible] খণ্ড	.. ৫
[illegible]	২
[illegible]	১
[illegible] ইং বাং ডিকসনারি অর্থাৎ ইং [illegible]	
[illegible]	

যারা পূর্ব্বে কখন প্রকাশ হয় নাই	৫
শিবসংকীর্ত্তন	১
শকুন্তলার ইংরাজী অনুবাদ	১
প্রবোধচন্দ্র নাটক	১
অষ্টাদশ পুরাণর অনুক্রমণিকা	।০
হিতোপদেশ ইং বাং সং	২
কাজীর বিচার	।।০
অন্নদামঙ্গল, বিদ্যাসুন্দর মানসিংহ চৌরপঞ্চাশত এক জেলদ ১০ খণ্ড প্রতিমূর্ত্তী সম্বলিত	১
রোবক হকিম মৌলবী আবদুল মজিদকৃত পারস্য ভাষার [illegible]	৪০
[illegible] ইং পারস্য এবং পারস্য ও ইং ডিকসনরি [illegible]	৫০
রোম দেশীয় ইতিহাস	৩
গ্রীক দেশীয় ঐ ঐ	৩
ইংলণ্ড দেশীয় ঐ ঐ	৩
ভারতবর্ষীয় ঐ ঐ	৩
প্রাচীন ইতিহাস	২
ন্যায়দর্শন	২।।০
পুরাবৃত্ত বিবরণ	১
কেরি কৃত [illegible] ইং ডিকসনারি	.. ৫০
[illegible] কৃত ইং বাং ৫	৩০
রাজা রামমোহন রায়ের জীবন চরিত্র	।০
[illegible] দেব অমরকোষ	৮
মেকনাইট কৃত হিন্দু ল	২০
গবর্ণমেণ্ট রেগুলেশন ১৭৯৩ ইং ১৮৩১ ইং	
[illegible]	১০০
[illegible]	১০০
[illegible]	১০০
[illegible] বাঙ্গালা	১০
[illegible]	৩
[illegible]	১০

নানাপ্রকার [illegible] লোহ যন্ত্রের আমদানি হইতেছে।

বিজ্ঞাপন।

সর্ব্ব সাধারণের গোচরার্থে এই বিজ্ঞাপন দেওয়া যাইতেছে যে সন ১৮৬১ সালের ১১ আইনের ৩ ধারা মতে লোয়ার প্রবিন্সের রেবিনিউ বোর্ডের আদেশানুসারে প্রতি বৎসর ২৮ জুন তারিখে থানা মহাল ডিহি ৫৫ গ্রাম সংক্রান্ত সকল প্রকার জমার রাজস্ব দাখিল করিতে হইবে উপরোক্ত দিবসে অথবা তৎপূর্ব্বে খাজানা দাখিল না করিলে ৫৫ গ্রামের বাকী পড়া সমস্ত ভূমা সন ১৮৬৮ সালের বাঙ্গাল কৌনসেলের ৭ আইনের বিধান মতে প্রকাশ্য নীলামে সর্ব্ব উচ্চ ডাককারিকে বিক্রয় করা যাইবে।

By order of the Member in charge,
(Sd) D. J. McNEILE,
Offg. Secretary.
ডি, জে, মেকনীল।
আফিসিএটিং সেক্রেটারী।

৬ ই অকটোবর।
সন ১৮৭১ সাল।

Printed and Published by U. C [illegible] at the [illegible] Press No. 17 Amratollah Govind Chand [illegible]'s Street Calcutta

সাহ... করিতেছেন ও যাহাতে মঙ্গ
... নরের ... ভার ধারী বসুধা বাসীস
... ব্যক্তি জ্ঞানে রত্ন অর্জ্জনে চেষ্টা ও
যত্ন করে, তাহাদের সহায় চেষ্টা পাইতে
ছেন, তিনিই ধন্য তাঁহারই মনুষ্য নাম
সার্থক ও তিনিই করুণাকরের প্রেমময়
ভাব বোধগম্য করিয়াছেন। কিন্তু দুঃ-
খের বিষয় এইরূপ লোক অতি বি-
রল।

কবিতা।

মহতের সংসর্গের গুণ কবত।
জ্ঞান ধনে উপার্জ্জনে মগনেতে রত।
সমতুল নাহি তুল হবে এ আশে।
পেতে যত্নে জ্ঞান রত্নে সুপথে আ[illegible]।
পাপ কাজে নাহি সাজে জ্ঞানের প্রভায়।
অসভ্যের সংসর্গের দিক নাহি যায়।
এইরূপ সঙ্করূপ সুর্য্য ভবনে।
অজ্ঞ সবে পারে তব বিজ্ঞতা সে ধনে।
হর্ষ হরি দুঃখ করি করিয়া বর্জ্জন।
সুখ আশে অনায়াসে করিবে তক্ষণ।
সদাচার বনচর হবে সেই জন॥
ভ্রান্তি-নিশি তমোরাশি হইবে খণ্ডন।
সাধু কর্ম্ম গূঢ় মর্ম্ম জানিবে যত্নেতে।
মনোমত পুলকিত পাইবে সঙ্গেতে॥
এই [illegible]।
এই [illegible] সর্ব্বে [illegible]॥

ক্রমশঃ প্রকাশ্য।
শ্রী বাণীনাথ নন্দী।
সাং শিকদারবাগান।

কলিকাতা।
৬ ই মার্চ্চ।
সন ১৮৭২ সাল॥

হাইকোর্টের বিজ্ঞাপন।
সরিফ সেল।
জেনস্ওয়াইজ মেন বাদী।
এবং
দুর্গাচরণ দত্ত প্রতিবাদী।

এতদ্দ্বারা সমাচার দেওয়া যাইতে
ছে যে, এতন্মহানগর কলিকাতার অন্তঃ
পাতী ১ নম্বর [illegible] নাথের বাগান ষ্ট্রীটের
সামিল [illegible] মধ্যস্থিত এক খণ্ড
ভূমি তন্মধ্যে ইষ্টক নির্ম্মিত বাটী নির্ম্মাণ
হইয়াছে তাহার পরিমাণ অনুমান ।১০
দশ কাঠা তাহার কিছু কম হউক বা
বেশী হউক আর কলিকাতার অন্তর্গত
[illegible] রোডের সামিল কুমারটুলির
[illegible] বাজারের মধ্যস্থিত শ্রী [illegible]
[illegible] ঠাকুরাণীর [illegible] সম্মুখে
[illegible] খণ্ড জমি তাহার পরিমাণ অনুমান
২/ দুই বিঘা তন্মধ্যে কুঁড়িয়া ঘর সক
ল নির্ম্মিত আছে ইতিপূর্ব্বে পূর্ব্বোক্ত
ভূমির অধিকারী ত্রিগুণাচরণ মিত্র ছি
লেন সেই ভূমি সম্পত্তি ইতিপূর্ব্বে বিগত
জানুয়ারি মাহার ১৫ তারিখে এবং এক্স
চেঞ্জ গেজেটে বিগত ১৫ ই ফিব্রুয়ারি
তারিখে বিক্রয় হওন জন্য যে বিজ্ঞাপন
সরিফ সাহেব কর্ত্তৃক প্রকাশিত হইয়া-
ছিল সেই দিবস এক্ষণে স্থগিত রাখি
য়া বর্ত্তমান ইং সন ১৮৭২ সালের মার্চ্চ
মাহার ৭ ই তারিখ বৃহস্পতিবার দিবসে
নূতন দিন অবধারিত হইয়াছে সেই দি
বসে কলিকাতার সরিফ বেলা ঠিক দুই
প্রহরের সময় ৪ নম্বর ষ্ট্রাণ্ড রোড স্থিত
ভবনে পবলিক সেলে অর্থাৎ প্রকাশ্য
নীলাম দ্বারা উপরোক্ত লিখিত সম্পত্তি
সকল বিক্রয় করিবেন।

বিক্রয়ের নিয়ম ও অন্যান্য বিবরণ
সরিফের দপ্তরখানায় তত্ত্ব করিলে সক
লে সবিশেষ অবগত হইতে পারি
বেন।

John Cowie
Sheriff
জন কৌই।
সরিফ।

হাইকোর্ট।
সরিফ আফিস।
তাং ২৮ এ ফিব্রুয়ারি।
সন ১৮৭২ সাল।

বিজ্ঞাপন।
করো গেটেড গেল বেনাইজড
আইরণ।
অর্থাৎ এক প্রকার কোঁকড়া বিদ্যু
তীয় কলাই করা লৌহ।

অতি উত্তম গুণাবলম্বী প্রায় ১২০০০
বার হাজার ফিট কেরোগেটেড গেল বে
নাইজড আইরণ অর্থাৎ এক প্রকার কোঁ
কড়ান বিদ্যুতীয় কলাই করা লৌহ ১৮
নং গেজের যে কোন ব্যক্তির নিকট
থাকে তিনি অবিলম্বে নিম্নের স্বাক্ষর
কারির নিকট নমুনা সম্বলিত মূল্য লিখি
য়া পাঠাইবেন।

GEO Wm VIVIAN. C. E.
Officiating Executive Engineer Dum Dum
Division.
জি, ডবলিউ, ভিভিএন, সি, ই,
আফিসিএটিং একজিকিউটীব
ইঞ্জিনিয়ার দমদম ডিবিজন।

১৮ ই মার্চ্চ।
সন ১৮৭২ সাল।

গবর্ণমেণ্ট ষ্টেসনরি আফিসের
বিজ্ঞাপন।

নিম্নের লিখিত দ্রব্যাদি সকল ইং
রাজী সন ১৮৭২ সালের এপ্রিল মাহার
১ লা তারিখ অবধি এক বৎসরের কারণ
সরবরাহ করণ জন্য চুক্তিকারকদিগের
নিকট হইতে মোহরাঙ্কিত চুক্তিপত্র সকল
প্রত্যেক দ্রব্যের নমুনা সম্বলিত বর্ত্তমান
ইংরাজী সন ১৮৭২ সালের মার্চ্চ মা-
হার ১৫ ই তারিখ অপরাহ্ন বেলা ৪
ঘটিকা পর্য্যন্ত কাগজ গুদামের কার্য্য-
ধ্যক্ষ কর্ত্তৃক তাঁহার দপ্তর খানা ৪ নম্বর
চর্চ্চ লেন নামক স্থানে গৃহীত হইবেক,
সেই সকল দরখাস্ত বর্ত্তমান মার্চ্চ মা-
হার ১৮ ই তারিখ সোমবার বেলা দুই
প্রহরের সময় খোলা যাইবেক সেই সম
য়ে চুক্তিকারকদিগের মধ্যে যাহারা উ
পস্থিত থাকিবেন তাহাদিগের সম্মুখে
চুক্তিপত্র সকল পাঠ করা যাইবেক।
প্রত্যেক চুক্তিপত্রের সহিত বায়নাস্ব
রূপ ৫০ পঞ্চাশ টাকা দাখিল করিতে
হইবেক কেবল কোরা কাপড়, কাগজ
চাপা, আরবিক দেশীয় গঁদ, কল
মদান, দোয়াত, সবুজ ফিতা, লো-
হার পতর, তারমাখান কেনবিস, এবং
সাদা কেনবিস প্রভৃতি ক্রয় করণ জন্য
প্রত্যেক চুক্তিপত্রের সহিত প্রত্যেক
দ্রব্যের বায়না স্বরূপ ১০ দশ টাকা অ-
বশ্য দাখিল করিতে হইবেক। প্রত্যে
ক চুক্তিপত্রের খামের উপর দ্রব্যাদির
নাম লিখিত থাকিবেক। যে প্রকার কাপ
ড়ে মোমজামা প্রস্তুত হইবেক তাহার
নমুনা দাখিল করিতে হইবেক। কলের
পেষ্টবোর্ড কি প্রকার মোটা এবং পরি
মাণে দীর্ঘ প্রস্থ কত ও প্রত্যেক মোনে
কত খণ্ড হইবেক তাহাও লিখিত থাকি
বেক। প্রয়োজনীয় দ্রব্যাদি নির্ব্বিঘ্নে
সরবরাহ করণ জন্য অনুমানিক প্র-
য়োনীয় দ্রব্যাদির মূল্য শত করা ৫ পাঁচ
টাকার হিসাবে নগদ টাকা অথবা কোম্পা
নির কাগজ দাখিল করিতে হইবেক।
চুক্তিকারকদিগের চুক্তিপত্র সকল ম-
ঞ্জুর হইলে ষ্টাম্পের মূল্য ও রিজিষ্টরি
খরচা চুক্তিকারকদিগকে প্রদান করি
তে হইবেক। ঐ সকল চুক্তিপত্র ইংরা-
জী সন ১৮৭২ সালের মার্চ্চ মাহার ৩১
শে তারিখে অথবা তাহার পূর্ব্বে দাখিল
করিতে হইবেক। কাগজ গুদামের কা-
র্য্যাধ্যক্ষ সাহেবের নিকট আবেদন করি
লে দ্রব্যাদির নমুনা ও দরখাস্তের কার্
ম দেখিতে পাইবেন। ও অন্যান্য বি-
স্তারিত বিবরণ সকল অবগত হইতে পা
রিবেন।

পেকিংকেস, বহিবন্ধনের কার্য্য
এবং মজুরদিগের পরিশ্রমিক বেতনের

প্রাত্যহিক পত্র।

কস্মৈ ন্যস্তা নলাদ্বিং দিনকরবিরহিতং বাঙ্গালং নিরুদ্ধং যাতা সংবাদ সোমং উদয়নমনুজং পঙ্কজাং তমোদ্বিং। স্বান্তে সাক্ষে নলোৎে সমবুহরুবিরচিতক্ষেত্রচন্দ্রে যুগোলে ভবোতভ্যোভবাক্ষৌ হরিসকলাহি সংপূর্ণচন্দ্রোদয়োয়ং॥

২৭ খণ্ড ৩০ ফাল্গুণ মঙ্গলবার ১২৭৮ সাল ই ১২ মার্চ্চ ১৮৭২ সাল। শকাব্দা ১৭৯৩ মাসিক ১ টাকা অগ্রিম ৮ টাকা সংখ্যা ১০,৬০০

সংবাদপূর্ণচন্দ্রোদয়

৩০ ফাল্গুণ মঙ্গলবার সন ১২৭৮ সাল

বাকরগঞ্জ।

১৮৬১ খ্রীষ্টাব্দের ২৫ আইন ও ৪৩৫ ধরামতে উক্ত স্থানের একটী মোকদ্দমা কলিকাতার হাইকোর্টের বিচারের জন্য আইসে, তৎপাঠে আমরা বিস্মৃত হইয়াছি। বাকরগঞ্জের সন্নিকট একটা ডাকাইতি হইয়াছিল, এবং তাহার অনুসন্ধানের ভার পুলিসের উপর ন্যস্ত হইবাতে, তথাকার পুলিস মির কোমান আলি নামক একজনের বাটি অনু[illegible] যে চারিটী মুসলমানের কন্যা ঐ মিরের বাটীতে যাবজ্জীবন দাসীর হাতে আবহমান কাল আছে, স্বতরাং পুলিসকে বাটীতে পাইয়া তাহারা করযোড়ে বিনয়পূর্ব্বক বলিল যে মির আমাদিগকে এইরূপে বন্দী করিয়া রাখিয়াছে। অতঃপর পেরুজপুরের ডেপুটী মাজিস্ত্রেট ঐ মোকদ্দমার নিষ্পত্তির ভার পান। তিনি এই অনুসন্ধান লইলেন যে ঐ চারিটী কামিনী মিরের বাটীতে ছিল কিনা এবং তাহারা মিরকর্ত্তৃক ক্রীত দাসীর ন্যায় ব্যবহৃত হয় কিনা। মাজিস্ত্রেট উপরোক্ত অনুসন্ধানদ্বয়ের প্রমাণ প্রয়োগ করিয়া তাহাদিগকে সেশন জজের এজলাসে প্রেরণ করেন। বাকরগঞ্জের সেশন জজ মুসলমানদিগের গৃহে প্রায় এরূপ থাকে বিবেচনায় কলিকাতার উচ্চতম আদালতের এ বিষয়ে কি মত হয় এই মানসে কলিকাতায় ঐ মোকদ্দমা প্রেরণ করেন। জষ্টিস গ্লোবার ও শ্রীযুক্ত দ্বারকানাথ মিত্র ইহাতে মত দেন যে সেশন জজ এ বিষয়ে অবশ্যই অনুসন্ধান করিয়া মোকদ্দমার নিষ্পত্তি করিতে পারেন। অতঃপর শেসন জজ মোকদ্দমার নিষ্পত্তি করিয়া মাজিস্ত্রেটের উপর ভার অর্পণ করিয়াছেন যে তিনি যেন অনুসন্ধান রাখেন ঐ স্ত্রীলোকেরা কোন মন্দ মানুষের পর্য্যবেক্ষণে পতিত না হয়। ঐ স্ত্রীলোকেরা যেরূপ পুলিসকে এজাহার দিয়াছিল তাহা অলীক, সুতরাং মিরকে বিনা ওজরে জজ সাহেব খোলসা দিয়াছেন। কি আশ্চর্য্য! বঙ্গদেশেও কি ক্রীতদাসের ব্যবসা প্রচলিত আছে।

সংবাদ সারাবলী।

হিতকরি সভা।

লেডী মেওকে উক্ত সভার সভ্যেরা একখানি অভিনন্দন পত্র প্রেরণ করিয়াছেন। লেডী মেও এত দুঃখেও কাহাকে অসন্তুষ্ট করেন নাই।

মৃত্যু।

আমরা দুঃখনীরে নিমগ্ন হইয়া প্রকাশ করিতেছি যে জেনেরল বিটসন অকালে কালগ্রাসে পতিত হইয়াছেন। ইনি আমবালায় অবস্থান করিতেছেন। ক্রিমিয়া ও দক্ষিণ ভারতবর্ষের যুদ্ধে তিনি যেরূপ বলবীর্য্য প্রকাশ করিয়াছেন তাহা আর কাহার অবিদিত নাই।

নিয়াকত আলী।

আমাদিগের পাঠকগণের স্মরণ থাকিতে পারে, আমরা উপরোক্ত ব্যক্তির ধৃতের বিষয় পূর্ব্বে এই পত্রিকা স্তম্ভে লিখিয়াছিলাম। সম্প্রতি অবগতি হইল যে তাহার বিচার আলাহাবাদে হইতেছে।

পঞ্জাব।

উক্ত জনপদের গবর্ণরের সহিত পুটিআলা ও নাবার রাজাদিগের সহিত গেরহিন্দে সাক্ষাৎ হইয়া গিয়াছে। রাজাদের সহিত মাঝেং গবর্ণরের দর্শন অত্যাবশ্যক।

অভিনন্দন।

কলিকাতার স্ত্রীলোকেরাও লেডী মেওকে একখানি শোকজনিত অভিনন্দন পত্র প্রেরণ করিয়াছেন।

সেনসস্।

বোম্বায়ের জন সংখ্যা করা হইয়াছে। বাঙ্গালার জনসংখ্যার কোন উকচাকা দেখিতেছি না।

প্রত্যাগমন।

লেডী মেও গত ৫ই মার্চ্চ তারিখে বোম্বাই অভিমুখে আগমন করিয়াছেন। আমাদিগের অন্তঃকরণে তিনি কি শোক উপার্জিয়া না গেলেন।

কাটামুণ্ড।

অনেকে অনুমান করিতেছেন যে করনেল লরেন্সের পরিবর্ত্তে মেং গার্ডলেষ্টন নেপালে যাত্রা করিবেন। আমরা বোধ করি মিলেটারী ভিন্ন ঐ পদে আর কাহাকেও অধিরূঢ় করা বিধেয় নহে।

আমরা কোন বন্ধুর প্রমুখাত শ্রবণ করিলাম যে হুগলি জেলার অন্তর্গত বন্দিপুর নামক গ্রামে একটী গবর্ণমেণ্ট সাহায্যকৃত চিকিৎসালয় সংস্থাপিত হইবেক, এবং উক্ত চিকিৎসালয়ে শ্রীযুক্ত বাবু নিলকমল মিত্র মহাশয় মাসিক ৫০ টাকা করিয়া বিতরণ করিবেন এবং উক্ত বাবু উপরোক্ত গ্রামের গবর্ণমেণ্ট সাহায্যকৃত ইংরাজী বিদ্যালয়ে মাসিক ৩০ টাকা করিয়া প্রদান করিতেছেন, সে যাহা হউক আমরা এক্ষণে জগদীশ্বরের নিকট প্রার্থনা করি যে, নিলকমল বাবু চিরজীবি হইয়া এরূপ দান করিয়া আপনার নাম সর্ব্বসাধারণের নিকট চিরস্মরণীয় করিয়া বিখ্যাত হউন।

ভগবানগড়।

আমাদিগের পাঠকগণের স্মরণ থাকিতে পারে গত জানুয়ারি মাসে উক্ত স্থানের জেলে যে ভয়াবহ কাণ্ড হয় তাহার মিমাংসা হইয়া গিয়াছে। ঐ ব্যাপারে ২৫ জনের জীবন বিনষ্ট হইয়া গিয়াছে ১৯ জন কয়েদিকে ঐ ব্যাপারে লিপ্ত থাকার জন্য ধৃত করা হয়। উক্ত ১৯ জন

ব্যক্তি কোনমতে আপনাদিগের দোষ স্বীকার করে নাই এবং তাহাতে গুপ্ত রাখিবার জন্য অশেষবিধ চেষ্টা পাই য়াছিল। সে যাহা হউক রাজা ১৯ জনের মধ্যে ৩ জনকে ফাঁসি হুকুম ৫ জনকে জীবনাবধি ১ জনকে দশ বৎসরের ১ জনকে চারি বৎসরের মিয়াদ দিয়াছেন। বোম্বাই গবর্ণমেণ্ট ইহার হুকুম না দিলে কোন কার্য্য হইবেক না।

রাজকর্ম্মে নিয়োগ।

লেপটেনেণ্ট গবর্ণরের আদেশানুসারে নিয়োগ

রেবিনিউ ও জেনরল ডিপার্টমেণ্ট।

২৩৮ আর নম্বর।

১৮৭২ সাল ২ ফেব্রুআরি।

১৮৭২ সাল ২ ফেব্রুআরি।

জলপাইগুড়ির ভূতপূর্ব্ব একটিং ডেপুটি কমিশ্যনর কাপ্তান শ্রীযুত এডওয়ার্ড গর্ডন লিবিংষ্টন সাহেব চিকিৎসকের সর্টিফিকট ক্রমে নিয়মিত ছুটি লইয়া ইউরোপে গমনার্থ প্রস্তুত হইবার জন্যে গত মাসের ১০ তারিখ অবধি ত্রিশ দিন পর্য্যন্ত উপকরণার্থ ছুটী পাইয়াছেন।

১৮৭২ সাল ১ ফেব্রুআরি।

কার্য্যোপলক্ষে শ্রীযুত জান, লার্ট সাহেবের অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত হিউ গিলমোর টাইলফিল সাহেব গত মাসের ২৩ তারিখের পূর্ব্বাহ্ন অবধি পাটনার পোলীসের ডিষ্ট্রিকট সুপরিণ্টেণ্ডেণ্টের কর্ম্ম করিবেন।

আসিষ্টেণ্ট চিকিৎসক শ্রীযুক্ত এডয়ার্ড আলফেড তবর্ট সাহেব এক, আর, সি, এস, ১৮৭১ সালের নবেম্বর মাসের ১৩ তারিখ অবধি বারাকপুরস্থ লক হাস্পাতালের চিকিৎসা কার্য্যের অধ্যক্ষতা ভার পাইছেন।

সি বার্ণার্ড
বঙ্গদেশের গবর্ণমেণ্টের।
একটিং সেক্রেটারী।

প্রেরিত পত্র।

মান্যবর শ্রীযুক্ত সংবাদ পূর্ণচন্দ্রোদয় সম্পাদক মহাশয় সমীপেষু।

সম্পাদক মহাশয়! অনুগ্রহ করিয়া আপনার জগৎ বিখ্যাত সংবাদ পূর্ণচন্দ্রোদয় পত্রৈক পার্শ্বে স্থান প্রদানে বাধিত করিবেন।

মহাশয় হুগলী জেলার অন্তর্ব্বর্ত্তী জনাঞী গ্রামে সম্প্রতি জীমনেষ্টিক খেলার অভিনয় হইয়া গিয়াছে। সম্ভ্রান্ত কুলোদ্ভব কয়েকটী বালক ইহার অভিনেতা ইহারা কিছুদিন পূর্ব্বে জনাঞী ইংরাজী বিদ্যালয়ে শিক্ষা আরম্ভ করেন উক্ত বিদ্যালয়ে শিক্ষা দেওয়া বন্ধ হইলে, আপনারা স্বয়ংই তদনুশীলনে প্রবৃত্ত হন এক্ষণে ইহাঁরা উক্ত বিষয়ে এরূপ সুশিক্ষিত হইয়াছে যে অভিনয় দর্শনে সকলেই বিস্মিত হইয়াছিলেন। কিন্তু ইহাদিগের উৎসাহদাতা লোক অতি অল্পই আছে, কারণ সাধারণ লোকে ইহার প্রয়োজনীয়তা বুঝিতে পারে না, তজ্জন্য কেহই আপন আপন সন্তানদিগকে উক্ত বিষয় শিক্ষা দিতে ইচ্ছা করে না তাহারা আপন সন্তানদিগকে লেখা পড়া শিক্ষায় সর্ব্বদা নিযুক্ত দেখিলেই অত্যন্ত সুখী হয় এই কারণে অনেক বালক দিবারাত্র মানসিক পরিশ্রম করিয়া শীঘ্রই রুগ্ন ও অকর্ম্মণ্য হইয়া পড়ে যাঁহাদিগের অন্য কোন বিষয়ে সারিরীক পরিশ্রম নাই, তাঁহাদিগের কিঞ্চিৎ কিঞ্চিৎ সময় ব্যায়ামে জীমনেষ্টিক শিক্ষায় ক্ষেপণ করা উচিত। ব্যায়াম শিক্ষা করিলে শরীর লঘু, কর্ম্মক্ষম ও সবল হয়। তদ্ভিন্ন ব্যায়াম দ্বারা অনেক বিপদ হইতে রক্ষা পাওয়া যাইতে পারে। ব্যায়ামের উপকারিতা বিষয়ে কোন বিজ্ঞবর পণ্ডিত বলিয়াছেন যথা।

"ব্যায়ামোহি সদা পথ্য,
বালীনাং স্নিগ্ধ ভোজিনাং,
সচশীতে বসন্তেচ তেষাং
পথ্যতমঃ স্মৃতঃ।
লাঘবং কর্ম্ম সামর্থং,
স্থৈর্য্যং ক্লেশ সাহষ্ণুতা,
দোষোক্ষয়োগ্নি বৃদ্ধিশ্চ,
ব্যায়ামাদুপজায়তে।,,

পরিশেষে এতদ্দেশীয় সধন ও শিক্ষিত মহাশয়দিগকে অনুরোধ করিতেছি যে তাঁহারা অর্থ সাহায্য দ্বারা অভিনেতা বালকদিগের অভিনয়োপযোগী পরিচ্ছদাদি ক্রয় করিয়া দেন ও যাহাতে অপরাপর বালকেরা কিঞ্চিৎ ২ শিক্ষা করিতে পারে তদ্বিষয়ে সচেষ্ট হউন।

কস্যচিৎ
দর্শকস্য।

বাকসা।
শিশু বিদ্যালয়।
তাং ২ মার্চ্চ। সন ১৮৭২ সাল।

মান্যবর শ্রীযুক্ত সংবাদ পূর্ণচন্দ্রোদয় সম্পাদক মহাশয় সমীপেষু।

জ্ঞানোন্নতি সাধনের প্রধান ২ উপায়।

পূর্ব্ব প্রকাশিতের পর।

কোন পদার্থকে অপূর্ব্ব শক্তি বিশিষ্ট দর্শন পূর্ব্বক তাহাতে আশ্চর্য্য না হইয়া তাহার কারণানুসন্ধান অতীব কর্ত্তব্য। সেই কারণানুসন্ধান দ্বারা জ্ঞানের উন্নতি বিধান করিতে হয়। বিজ্ঞজনেরা এই রূপেই জ্ঞানী হইয়াছেন। কোন জড় পদার্থকে হঠাৎ নিজে চলিতে দেখিলে তাহা কেন চলিতেছে, জড় পদার্থের কি কখন নিজে স্থানান্তরে যাইবার ক্ষমতা আছে? নতুবা কাহার সাহার্য্যে সে নিজে স্থান ভ্রষ্ট হইতেছে? তাহার গূঢ় কারণ কি? এই সকল প্রশ্ন মনোমধ্যে আন্দোলন করিতে হয়। যাহা বুঝিতে পারা যাইতেছে না, কোন গ্রন্থকারের গ্রন্থে দৃষ্টি করুন অথবা বিজ্ঞ জনের নিকট হইতে তাহা বুঝাইয়া লউন। যে প্রকারে হউক উক্ত প্রকারের কারণ অবগত হইতে পারিলেই পূর্ব্বকার আন্তরিক আশ্চর্য্য ভাব দূরীভূত হইয়া এক প্রকার অপূর্ব্ব আনন্দ ভাবের উদ্রেক হইতে থাকে। জ্ঞান সূর্য্যের প্রকাশে বুদ্ধি কমলিনী প্রস্ফুটিত হইতে থাকে এবং মন সুখসাগরে ভাসমান হইতে থাকে। কোন পদার্থের আশ্চর্য্য শক্তি বোধ না করিয়া পৃথিবীস্থ প্রত্যেক পদার্থের বিষয়ে তত্ত্বানুসন্ধান ও সকল কার্য্যের কারণানুসন্ধান করিয়া তাহা জানিতে পারিলে জ্ঞানারণ্যে সুখে ভ্রমণ করিতে পারা যায়। জ্ঞান পথানুসন্ধায়ীদিগের এইটী অতিশয় কর্ত্তব্য ও প্রয়োজনীয়। যাহা হউক এইরূপে সমস্ত পদার্থের তত্ত্ব জিজ্ঞাসু হওয়া অর্থাৎ কোন পদার্থ কিরূপ শক্তিশালী? তাহাদের আকর্ষণ শক্তি কি? কোন পদার্থ উর্দ্ধে নিক্ষিপ্ত করিলে পুনর্ব্বার তাহা ভূমিতলে পড়িয়া যায় কেন এক বস্তুর আকর্ষণে এক বস্তু শূন্যে থাকিতে পারে তাহার কারণ কি? ইত্যাদি বিষয়ের কারণ প্রাপ্তেচ্ছুক হওয়া সকলেরই কর্ত্তব্য। জ্ঞানোন্নতি সাধনের এই একটী প্রধান উপায়। আর যদিও উক্তরূপে সম্পূর্ণরূপে অনুসন্ধান না হয়, তবে এক দিবস কতকগুলি জ্ঞানার্জ্জনাকাংক্ষী ব্যক্তিগণ একত্রিত হইয়া সেই বিষয়ে নিরপেক্ষভাবে আন্দোলন

করা উচিৎ, তাহা হইলে অনেক প্রকার কারণ অনেকের নিকট হইতে প্রাপ্ত হইয়া একটা যাথার্থ্য পাওয়া যাইতে পারে কিন্তু সেই বিষয়ে তর্ক করিবার সময় আপনার পক্ষ যতদূর পারি সমর্থন করিব এই রূপ ভাবে তর্ক করিলে হিতে বিপরীত হইবে। সেই তর্কের সময় নিজের বিবেচনা ও বিশক্তি যাহা বলে তাহা যথার্থরূপে ও স্থিরচিত্তে বলা ও আন্দোলন করা বিধেয়। তাঁহা হইলে ত্বরায় নিগূঢ় তত্ত প্রকাশ পাইবার সম্পূর্ণ সম্ভাবনা, তাহা হইলে সময়েও সদ্ব্যবহার করা হইবে অথচ সত্য জ্ঞান উপার্জ্জনে সমর্থ হওয়া যাইবে।

ক্রমশঃ প্রকাশ্য।
শ্রী বাণীনাথ নন্দী।
সাং শিকদারবাগান।

২২ ফাল্গুণ।
সন ১২৭৮ সাল।

ইষ্টারণ বেঙ্গল রেলওয়ে
বিজ্ঞাপন।

কলিকাতা, ঢাকা, এবং নারায়ণগঞ্জ হইতে শ্রীহট্ট, কাছাড়, ত্রিপুরা, এবং অন্যান্য পূর্ব্বাঞ্চলীয় স্থান সকলে রেলওয়ে এবং বাষ্পীয় জাহাজ প্রতি সপ্তাহে গমনাগমনের বিষয়।

এই কোম্পানির বাষ্পীয় জাহাজ সকল প্রতি রবিবার প্রাতে গোয়ালণ্ড পরিত্যাগ পূর্ব্বক ঢাকা এবং নারায়নগঞ্জ পঁহুছে এবং প্রতি বৃহস্পতিবার প্রাতঃকালে ঢাকা এবং নারায়ণগঞ্জ হইতে প্রত্যাগমন করিয়া গোয়ালণ্ড শুক্রবার প্রাতঃকালে পঁহুছে।

বাষ্পীয় জাহাজ ছাড়িবার পূর্ব্ব শনিবারে আরোহিগণ প্রাতঃকালে বেলা ৭।৩০ সাত ঘণ্টা ত্রিশ মিনিটের সময় কিম্বা অপরাহ্ণ ৮ ঘটিকার সময়ে যেং ট্রেন সিয়ালদহ ছাড়ে তাহার দ্বারা গমন করিবে। বৃহস্পতিবার অপরাহ্ণ বেলা ৩ তিন ঘটিকার পূর্ব্বে সিয়ালদহের ষ্টেসনে প্রয়োজনীয় দ্রব্যাদি দাখিল করিয়া দিতে হইবে।

আরও বিস্তারিত বিবরণ অবগত হইবার বাসনা হইলে সিয়ালদহের রেলওয়ে কোম্পানির ট্রাফিক সুপ্রিণ্টেণ্ডেণ্ট সাহেবের কারখানার অথবা ঢাকা এবং নারায়ণগঞ্জের স্থানীয় কার্য্যাধ্যক্ষের নিকট অনুসন্ধান করিলে অবগত হইতে পারিবেন।

Franklin Prestage
Agent
ফ্রাঙ্কলিন প্রেষ্টেজ।
এজেণ্ট।

এজেণ্ট আফিস।
১৪ নবেম্বর।
সন ১৮৭১ সাল।

ইষ্টারণ বেঙ্গল রেলওয়ের
বিজ্ঞাপন।
পক্ষান্তর কাছাড় প্রদেশে বাষ্পীয় জাহাজ গমনের বিষয়।

"এই রেলওয়ে সংক্রান্ত সুলতান" নামক বাষ্পীয় জাহাজ ও ফ্লাট সকল অন্য আদেশ না হওন পর্য্যন্ত শ্রীহট্ট এবং কাছাড় প্রদেশাদিতে প্রতিপক্ষে নিয়মিত মতে গমনাগমন করিবেক।

এই পথ দিয়া যে সকল দ্রব্যাদি প্রেরিত হইবেক সে সকল সিয়ালদহের ষ্টেসনে অথবা ষ্ট্রাণ্ডস্থ ৩২ সংখ্যক দ্রব্যাদি গ্রহণের গুদামে গ্রহণ করা যাইবেক।

উপরোক্ত জাহাজ এবং রেলগাড়ির গমনাগমনের তারিখ ও ভাড়া ইত্যাদির বিস্তারিত বিবরণ অবগত হওন জন্য সিয়ালদহের ট্রাফিক সুপ্রিণ্টেণ্ডেণ্টের নিকট অথবা ঢাকা এবং নারায়ণগঞ্জ স্থানীয় কার্য্যাধ্যক্ষের নিকট অনুসন্ধান করিলে অবগত হইতে পারিবেন।

Franklin Prestage
Agent
ফ্রাঙ্কলিন প্রেষ্টেজ।
এজেণ্ট।

সিয়ালদহ।
রেলওয়ে কারখানা।
২৭ শে জুলাই।
সন ১৮৭১ সাল।

বিজ্ঞাপন।
কলিকাতা নগরের সীমার বহির্ভাগে পাটের গুদাম স্থানান্তরিত করণের বিষয়।

ইষ্টারণ বেঙ্গল রেলওয়ে কোম্পানি সংবাদ প্রদান করিতেছেন যে সকল জমি সিয়ালদহের রেলওয়ে কোম্পানির পার্শ্ববর্ত্তী আছে সে সকলে যে কোন ব্যক্তির পাট রাখিবার জন্য অথবা পাটের গুদাম ও পাটের কল কিছু দিবসের অথবা বহুকালের জন্য নির্ম্মাণ করিবার আবশ্যক হয় তিনি আপনার সুবিধা মত নিয়মে পাইতে পারিবেন। উপরোক্ত ইষ্টারণ বেঙ্গল রেলওয়ে কোম্পানির পার্শ্ববর্ত্তী সরকিউলর খালের কিনারার মধ্যেও জায়গা পাইতে পারিবেন।

Franklin Prestage.
Agent,
ফাঙ্কলিন প্রেষ্টেজ।
এজেণ্ট।

সিয়ালদহ।
রেলওয়ে ষ্টেসন।
তাং ৮ ডিসেম্বর।
সন ১৮৭১ সাল।

THEATRE ROYAL
Farewell Benefit of
MR. BURDETT HOWE
on Friday the 15th March 1872

রাজকীয় নাটক মন্দির।
সর্ব্ব প্রধান নট বরডেট হাও সাহেবের উপকার রজনী।
শুক্রবার ১৫ ই মার্চ্চ ১৮৭২ সাল।

এতদ্দারা কলিকাতা ও তৎ সন্নিকটবর্ত্তী ভদ্র, ধনী ও নাটকপ্রিয় ব্যক্তিগণকে জ্ঞাপন করা যাইতেছে যে রাজকীয় নাট্যমন্দিরের প্রধান নট হাও সাহেবের উপকারজন্য আগামী শুক্রবার রজনীযোগে ফরাসি ভাষা হইতে অনুবাদিত করসিকান ভ্রাতৃগণ নামে অত্যুৎকৃষ্ট নাটকের অভিনয় হইবে।

এই নাটকের সর্ব্ব শ্রেষ্টাংশ যমজ সহস এবং কেবিয়ানের দিবস এই দুই অংশ জনক ভ্রাতা হাও সাহেবেরা গ্রহণ করিবেন।

এই নাটকের শেষাংশে আর একটা হাস্য জনকপ্রহসনের ও অভিনয় হইবে।

টিকিটের মূল্য।

চারিজনে একত্রে বসিবার আসন	২০ টাকা
ছয় জনে একত্রে বসিবার আসন	৩০ টাকা
অত্যুত্তম আসন	৫ টাকা
প্রথম শ্রেণী	৪ টাকা
দ্বিতীয় শ্রেণী	২ টাকা
তৃতীয় শ্রেণী	১ টাকা

রাত্রি ৮ ঘটিকার পর দ্বারোদ্ঘাটন হইবেক।

প্রথম শ্রেণীর টিকিট উইলসন হোটেল ৭০ নং ঘরে আবেদন করিলে প্রাপ্ত হওয়া যাইবেক।

অক্ষম ঋণীদিগের পরীত্রার্থ বিজ্ঞাপন।

রামসেবক মিশ্র প্রভৃতি অন্যান্য অক্ষম ঋণীদিগের সম্পত্তির বিষয়।

প্রকাশ্য জমিদারি বিক্রয়।

গাজিপুর জিলার অন্তর্গত উত্তর পশ্চিম প্রদেশের মধ্যে মৃত রামসেবক মিশ্র ও বাবু নন্দন মিশ্র এবং যদুনন্দন মিশ্র প্রভৃতি অক্ষম ঋণীগণের মূল্যবান জমিদারি যাহা এক্ষণে আফিসিএল এসাইনির হস্তে অর্পণ করা হইয়াছে তাহা ইংরাজী সন ১৮৭২ সালের মার্চ্চ মাহার ১৫ ই তারিখে বেলা ঠিক দুই প্রহরের সময় মোকাম গাজিপুরের কালেকটরি কাছারির নিকটবর্ত্তী স্থান প্রকাশ্য নীলাম দ্বারা নিম্নের স্বাক্ষরকারি কর্ত্তৃক বিক্রয় হইবেক।

লাট	তালুকদারদিগের নাম।	প্রত্যেক তালুক সম্বন্ধীয় মৌজার নাম	অক্ষম ঋণীদিগের অংশ	অক্ষম ঋণীদিগের অংশ কত টাকা জমায় বিলীআছে	অক্ষম ঋণীদিগের অংশ সরকারেকত টাকা মালগুজারি করিতে হয়।
			বি, কে, ডি,	টাকা আনা পাই	টাকা আনা পাই
১	তালুক বদীপুর পরগণা গাজিপুর	বদীপুর	৩৩৭।১৭।৫	৯৩০, I/ ०	৫৭৬ I/ ০
২	,, চিলায়, পরগণা সিদপুর	চিলার এবং কিন পালচক	১০৯৯।১৭।১১	২০৯৩ I/ ০	১০৬৬ II/ ৩
		লছুমানপুর, এবং সিরকিতা,	৪৮০।১৮।০	১০৯৫ I৵ ৬	৫৫৮ ৸০ ৩
		জুমলা	১৫৮০।১৫ ১১	৩১৮৮ ৸৶ ৬	১৬২৫ ৴/ ৬
৩	,, হিঙ্গুলার পরগণা মেহিত	হিঙ্গুতার,	১৫৮৫।১৫।১১	৪৪৬৭ I৶ ৩	২৬০৩ ৶৴ ৩
		রণপুর	৫৯৮।১৩।১০	১৭১৬ ৶৴ ৩	১০২৫ ৸৶ ০
		জুমলা	২১৮৪। ৪। ১৫	৬১৮৪ ৶ ৬	৩৬২৯ ৸০ ৩
৪	,, নুরদ্দিপপুর পরগণা খানপুর	নুরদ্দিন পুর	১৪৮১।৯।১	৪১১৫ ০ ৩	১৬৩৩ ৵ ৬
৫	,, নন্দরা পরগণা সাদিয়াবাদ	পতী মনসারায়	২৬৪।১১।১০	৯৯৬।৬।৩	৩৯০ ৯ ১০
		,, এমরারায়	৩৯৯।১৬।১০	১১৮২।৫।৩	৫৫৪ ১২ ৫
		,, দশন্তরায়	২১১।১০।৫	৬৮৩।৪।০	২২০ ১৪ ৮
		,, কিমাররায়	১৪৯।১৯।৫	৪৬০।৬।০	১৯০ ১২ ১
		মৌজা ধামরেওন	৮৬।১২।০	১৯৬।৬।৩	৬৯ ৪ ২
		,, হাজাপুর	১৭৭।১৩।০	৩৩১।১।৩	১৫৩ ৪ ০
		জুমলা	১২৯২।২।১০	৩৮৪৯।১৩।০	১৫৮১ ০ ২

Phillip W. Carter.
Official Assignee's Agent Buxar,
ফিলিপ ডবলিউ, কার্টর
আফিএসাইনীর এজেণ্ট।
বক্সার।

Printed and Published by U. C. Anddy at the Poorno Chundordoy Press No. 17 Amratollah Govinp Chaund Dhurs Street Calcutta.